সৌন্দরনন্দ কার্য

শ্রীবিমলাচরণ লাহা, এম-এ, বি-এল, কর্তৃক বঙ্গভাষায় অন্দিত

গুরুদাস চট্টোপাধ্যায় এগু সক ২০৩১১ কর্ণওয়ালিস ষ্টাট, কলিকাতা প্রথম সংস্করণ স্থান্— ১৩২৯ মূল্য ১২ এক টাকা

Printed by J. C. Ghosh, at the COTTON PRESS. 57 Harrison Road, Calcutta

স্বৰ্গীয় প্ৰপিতামহ

প্রাণকৃষ্ণ লাহা মহাশয়ের

চরণারবিন্দে—

অনুবাদক

স্থভীপত্ৰ

বিষয়			পৃষ্ঠা
	প্রথম সর্গ		
কপিলবাস্ত বর্ণন	•••	•••	۵
	দ্বিতীয় সৰ্গ		
রাজবর্ণন	•••	•••	> .
	ভৃতীয় সৰ্গ		
তথাগত বৰ্ণন	. •••	•••	२১
	চতুর্থ দর্গ		
ভাগ্যাযাচিতক	•••	•••	২৯
	পঞ্চম দৰ্গ		
নন্দ প্রবাজন	•••		9
	वर्छ नर्ग		
ভার্যাবিলাপ	•••	•••	85
	সপ্ত ম সর্গ		
নন্দ বিলাপ	•••	•••	৫ ዓ
	অফ্টম সর্গ		
ন্ত্ৰী বিঘাত	***	•••	৬৬
	নবম সর্গ		
মদাপবাদ (ম ত্ততা	•••	99	

বিষয়			পৃষ্ঠা
	দশম শূর্		
স্বৰ্গ-নিদৰ্শন	•••	***	৮৬
	একাদশ দর্গ		
স্বৰ্গাপবাদ	•••		৯৭
	बाम्स मर्ग		
প্রত্যবমর্শ (অমুসন্ধান	া বা ধ্যান)	•••	১০৬
	ত্রয়োদশ দর্গ		
नीम ७ रेक्पिय-जय	•••	•••	? 25
	চতুৰ্দ্দশ সৰ্গ		
আদি প্রস্থান	***	•••	757
	পঞ্চশ দৰ্গ		
বিভ ৰ্ক পরিহার	•••	•••	200
	ষোড়শ সৰ্গ		
আৰ্য্যসভ্য ব্যাখ্যা	•••	•••	\$84
	সপ্তদশ সর্গ		
অমৃত প্রাপ্তি		•••	১৫৬
	व्यक्षीनम मर्ग		
আজাব্যাকরণ		•••	59,

যুখবন্ধ

সতর আঠার শত বংসর পূর্বে ভরতবর্ষে কণিক নামে এক রাজা ছিলেন। পুরুষপুর বা পেশোয়ার তাঁহার রাজধানী ছিল। তাঁহার রাজত্ব খুব প্রকাণ্ড ছিল। একজন ইউ-রোপের পণ্ডিত বলিয়াছেন, তাঁহার রাজত্বের একদিকে বিদ্যাপর্বত ও আর একদিকে আল্টাই পর্বত ছিল। তিনি এই প্রকাণ্ড ভূখণ্ডের একছত্র রাজা ছিলেন। আফ্গানিস্থান্ ও পারস্থের অধিকাংশ স্থান তাঁহার রাজ্যভুক্ত ছিল। তাঁহার টাকায় অনেক সময় অয়িকুণ্ড ছাপা থাকিত, অনেক সময় নামুষের কাঁধে চাঁদ আঁকা থাকিত, অনেক সময় নামুষের কাঁধে চাঁদ আঁকা থাকিত, অনেক সময় বামুষের চিহ্ন থাকিত। অনেকের বিশ্বাস তিনি বৌদ্ধ ছিলেন, অথবা শেষে বৌদ্ধ হইয়াছিলেন। কিন্তু তাঁহার সময় বৌদ্ধধর্মের যে খুব শীরৃদ্ধি হইয়াছিল সে বিষয়ে সন্দেহ নাই।

তাঁহার রাজসভায় ভারতবর্ধের তিন জন বড় লোক ছিলেন। একজনের নাম চরক, একজনের নাম মাঠর, আর একজনের নাম অশ্বঘোষ। চরক কবিরাজ ছিলেন; মাঠর প্রাধান মন্ত্রী ছিলেন; অশ্বঘোষ গুরু ছিলেন। এ খবরটি প্রোফেসর সিল্ভাঁ৷ লেভি চীন হইতে আনিয়া আমাদের দিয়াছেন। চরক চরকসংহিতার কর্তা। মাঠর কপিল-সূত্রের

ভাষ্যকার, ইহাই অনেকের ধারণা; এ ধারণা সত্যও হইতে পারে, মিথ্যাও হইতে পারে, কারণ চরক ও মাঠর ছুইটিই ব্রাহ্মণের গোত্র। স্থুতরাং কণিচ্চের সভায় চরকই যে কবিরাজী অত্রি-সংহিতার প্রতিসংস্কার করিয়াছিলেন একথা সাহস করিয়া বলা যায় না। মাঠরের কথাও তাই। তবে অশ্বঘোষের কথা স্বতন্ত্র। তিনি স্ববর্ণাক্ষীর পুত্র: তাঁহার বাড়া সাকেতনগরে; তিনি গোড়ায় ব্রাহ্মণ ছিলেন; তাহার পরে বৌদ্ধধর্ম লইয়া খুব বড় পণ্ডিত হইয়াছিলেন। তিনি যে বৌদ্ধধর্ম কেবল প্রচারই করিতেন তাহা নহে, গানে তাঁহার খুব দক্ষতা ছিল, দর্শনশাস্ত্রে তিনি একজন প্রগাঢ় পণ্ডিত ছিলেন এবং তাহার উপর তিনি মহাগুরু ছিলেন। দেশে লোকে তাঁহাকে অত্যন্ত ভক্তি শ্রদ্ধা করিত। এক-সময়ে কণিক্ষ আসিয়া পাটলিপুত্র অবরোধ করেন। পাটলি-পুত্রের রাজা যুদ্ধের কিছুই উছোগ করেন নাই, তিনি টাকা দিয়া কণিক্ষের সহিত সন্ধি করিতে বাধ্য হইলেন। কণিক্ষ নয় কোটি টাকা দাবি করিয়া বসিলেন। রাজার টাকা ছিল না। তিনি বুদ্ধদেবের ভিক্ষাপাত্র দিলেন। উভয় পক্ষে ডাকিয়া তাহার মূল্য হইল তিনকোটি। আর তিনি অশ্বযোষকে দিলেন। উভয়পক্ষে ডাকিয়া তাঁহারও হইল তিন কোটি। দেশের লোকে অশ্বঘোষকে কত ভক্তি করিত ইহা হইতে কিছু বোঝা যায়।

অশ্বঘোষ পেশোয়ারে গিয়া কণিক্ষের গুরু হইলেন এবং

সেখানে গিয়া নানারূপ বই লিখিতে লাগিলেন। তাঁহার দর্শনশাস্ত্রের বই "মহাযানশ্রন্ধোৎপাদসূত্র।" তথনও মহা-যান জমে নাই, কিন্তু মহাসাজ্যিকেরা ক্রমে মহাযানী হইয়া যাইতেছিল। এই শ্রদ্ধোৎপাদসূত্রে সেকালের বৌদ্ধদের অনেক মত জানিতে পারা যায়। পরে যখন নাগার্জ্ব ও আর্যাদেবের আমলে মহাযান খুব জমিয়া আসিল, তথন দেখা গেল মহাযানের যা-কিছু বড় সবই শ্রদ্ধোৎপাদসূত্রে ছিল, বরং আরও বেশী ছিল, কারণ মহাযানের ভিতর যথন ভিন্ন ভিন্ন মত চলিতে লাগিল, তথন সকলেই প্রদ্ধোৎপাদ-সূত্রের দোহাই দিত। সূত্রালঙ্কার বলিয়া অশ্বঘোষের আর-একখানি বই ছিল। সেখানিও দর্শনের বই, কিন্তু সেখানি একেবারেই পাওয়া যায় না। বহুকাল পরে অসঙ্গ সেই সূত্রালম্কার ধরিয়া আর-একখানি সূত্রালম্কার লেখেন। মহাযানে যে যোগাচার মত আছে, সেইখানি তাহাদের প্রধান সূত্র। জাপানী পণ্ডিত স্থজুকি শ্রদ্ধোৎপাদসূত্র ইংরেজীতে তর্জমা করিয়াছেন, আর প্রোফেসার লেভি সাহেব অসঙ্গের সূত্রালঙ্কার ফরাসী ভাষায় তর্জ্জমা করিয়াছেন।

কিন্তু দর্শনের বই লইয়া আমাদের কাজ নাই, আমাদের কাজ কাব্য লইয়া। অশ্বঘোষ বুদ্ধচরিত নামে একখানি কাব্য লিখিয়াছেন। কাব্যখানি ২৮ সর্গে। বুদ্ধদেবের জন্ম হইতে মরণ পর্য্যন্ত সব ঘটনা এই পুস্তকে ছিল। পূরা পুস্তক এখনও পাওয়া যায় নাই। পূরা তর্জমা কিন্তু চীনে ভাষায় আছে। তাহারও আবার ইংরেজী তর্জমা হইয়াছে। সংস্কৃতে ১৪ সর্গ মাত্র নেপালে পাওয়া গিয়াছে। কাউয়েল সাহেব তৃইশত বৎসরের পুরাণ তৃইখানি নেওয়ারী পুঁথি দেখিয়া ওই ১৪ সর্গ ছাপাইয়াছিলেন। পুঁথি অনেক জায়গায় পোকায় কাটা ছিল; সে জায়গাগুলি বাদ দিয়া ছাপিতে হইয়াছে। যখন কাউয়েল সাহেব বই ছাপেন, তখন নেওয়ারী অক্ষরও ভাল করিয়া লোকে পড়িতে পারিত না, এবং "স"র জায়গায় "গ" হইয়াছে এবং "গ"র জায়গায় "স" হইয়াছে। নেপাল দরবারের পুঁথিখানায় একখানি অতি প্রাচীন তালপাতায় লেখা পুঁথি আছে, সেও চৌদ সর্গ। কিন্তু তাহা পোকায় কাটা নহে।

অশ্বঘোষের একখানি নাটক পাওয়া গিয়াছে। তাতার দেশের মরুভূমি খুঁড়িয়া উহা পাওয়া গিয়াছে। সবটা পাওয়া যায় নাই, খানিক খানিক পাওয়া গিয়াছে।

আমি ১৯০৭ সালে যখন কাউয়েলের ছাপা বইয়ের সঙ্গে দর্বারের পুঁথিখানি মিলাইতেছিলাম, পুঁথিখানার স্থবা সাহেব আমাকে বলিলেন, অশ্বঘোষের আর-একখানি মহাকাব্য আছে। আমি দেখিতে চাহিলে তিনি ছইখানি পুঁথি আনিলেন। একখানি অতি প্রাচীন তালপাতায় লেখা। তালপাতার পুঁথিখানির লেখা অংশটি ধনুকের মত হইয়া পচিয়া গিয়াছে। উপরের একটি কি ছটি ছত্র ঠিক

আছে, তারপর প্রতি ছাত্রেই খানিক খানিক নাই। কোন রকমে ছইখানি পুঁথি একত্র করিয়া আমি সৌন্দরনন্দখানি ছাপাইয়াছি। যেরূপ আসল পুঁথি পাইয়াছিলাম তাহাতে ছাপা যে নির্দ্ধোষ হইরে তাহার সম্ভাবনা বড় কম। যাহা হউক, ছাপা ইয়া গিয়াছে। ছাপা ইয়া যাওয়ার পর দেখিলাম যে সৌন্দরনন্দ বইখানি আমাদের দেশে অপরিচিত নহে। আনাদের একজন পূর্ব্বপুরুষ সর্বাননদ বাঁড়ুয্যে যখন ১১৫৯ সালে দুশ্খানি টাকা দেখিয়া অমরকোষের একথানি বিশ্বকোষা টীকা লেখেন, তখন সৌন্দরনন্দ কাব্য হইতে অনেক প্রয়োগ সংগ্রহ করিয়াছিলেন। মতিলালদের পূর্বে-পুরুষ বৃহস্পতি মহিস্থা যিনি রাজা গণেশের নিকট রায়মুকুট উপাধি প্রাপ্ত সইয়াছিলেন এবং যিনি ইংরেজী ১৪৩১ সালে অমরকোনের আর-একখানি টীকা লিখেন, তিনিও সৌন্দরনন্দ হইতে উদাহরণ সংগ্রহ করিয়াছিলেন। অষ্টম শতকের একখানি জৈন বইয়ে সৌন্দরনন্দের কয়েকটি খুব ভাল কবিতা ভোলা আছে।--

> দীপো যথা নির্ব তিমভ্যুপেতো নৈবাবনিং গচ্চতি নাস্তরীক্ষং। দিশং ন কাঞ্চিৎ বিদিশং ন কাঞ্চিৎ মেহক্ষয়াৎ কেবলমেতি শান্তিম্॥ তথা কৃতী নির্ব তিমভ্যুপেতো নৈবাবনিং গচ্ছতি নাস্তরীক্ষং।

দিশং ন কাঞ্চিৎ বিদিশং ন কাঞ্চিৎ ক্লেশক্ষয়াৎ কেবলমেতি শান্তিং॥

স্তরাং বইখানি ব্রাহ্মণেরাও যত্ন করিয়া পড়িতেন, বৌদ্ধেরাও যত্ন করিয়া পড়িতেন, জৈনেরাও যত্ন করিয়া পড়িতেন। বইখানিতে কালিদাসের মত "নবনবোন্মেষিণী শক্তি" অথবা নৃতন জিনিষ গড়ার শক্তি দেখিতে পাওয়া যায় না; কিন্তু উহার ভাব ভাষা কবিত্ব মত্যন্ত চমৎকার। সনেক সময় কালিদাস এই গ্রন্থ হইতে ভাব লইয়াছেন।

—নমুনা দেখুন—
মার্গাচলব্যতিকরাকুলিতেব সিক্কু:।
শৈলাধিরাজতনয়া ন যযৌ ন তক্তো।
কালিদাস।

তং গৌরবং বুদ্ধগতং চকষ ভার্যান্তরাগঃ পুনরাচক্ষ। সোহনিশ্চয়ান্নাপি যথৌ ন তক্তৌ তরংস্তরঙ্গেষিব রাজহংসঃ॥

অশ্বযোষ।

গল্পটি অতি সরল। বুদ্ধদেব বাপের বাড়ী আসিয়াছেন, কিন্তু ভিক্ষা করিয়া খান এবং আপনার শিষ্যুঞাবক লইয়া বাহিরের বাগানে থাকেন। তাঁহার এক বৈমাত্রেয় ভাই ছিল, নাম নন্দ। বুদ্ধদেব যখন বিবাগী হইয়া গেলেন তখন বাবা ভাবিলেন—"আচালাও যেদিকে যায় পাচালাও সেদিকে

যায়," নন্দও ত বিবাগী হইয়া যাইতে পারে, তাই তাহার বিবাহ দিলেন। এমন একটি স্থন্দরী কন্সা দিলেন যে নন্দ তাহাতে একেবারে মজিয়া গেল। ছটিতে কখনও কাছ-ছাড়া হয় না। ইহাদের ভালবাসা বর্ণনা করিতে গিয়া অশ্বঘোষ যেরূপ গুণপনা দেখাইয়াছেন সে সব অন্য কবিতে বড পাওয়া যায় না। একদিন তাঁহারা বসিয়া একখানি আরসির সম্মুখে নানারপ কীর্ত্তি করিতেছেন, এমন সময়ে দাসী আসিয়া খবর দিল বুদ্ধদেব বাড়ীতে ভিক্ষা করিতে আসিয়াছিলেন, কাহাকেও না পাইয়া ফিরিয়া গেলেন। নন্দ শুনিয়া তাড়াতাড়ি বুদ্ধদেবকে ঠাণ্ডা করিবার জক্ত যাইতে চায়, স্থুন্দরী যাইতে দেয় না। শেষে শীঘ্র আসিব বলিয়া নন্দ চলিয়া গেল। বুদ্ধদেব তখন একটু আগে গিয়াছেন। পিছনে পিছনে যাইতে লাগিল। বুদ্ধদেব এগলি ওগলি করিয়। অনেক ঘুরিয়া শেষে আপনার আশ্রমে গিয়া উপস্থিত। নন্দ গিয়া তাঁহাকে ধরিল এবং অনেক কাকুতি মিনতি করিয়া তাঁহাকে ফিরিয়া যাইতে বলিল। বুদ্ধদেব কিন্তু রাজী হইলেন না, তখনই নাপিত ডাকাইয়া তাহার মাথা মুড়াইয়া ভিক্ষু করিয়া দিলেন এবং তাহার শিক্ষার ভার বৈদেহ মুনির হাতে দিয়া দিলেন।

ত্ব চারদিন বাদে বৈদেহ আসিয়া বুদ্ধদেবকে খবর দিল—
নন্দ সংসারে ফিরিয়া যাইতে চায়, সে তাহার স্ত্রীকে ছাড়িয়া
থাকিতে চাহে না। বুদ্ধদেব নন্দের কাছে গেলেন এবং তাহার

হাত ধরিয়া বলিলেন, "চল নন্দ, বেড়াইতে যাই।" নিকটেই হিমালয়। বুদ্ধদেব হিমালয়ে উঠিতে লাগিলেন। বন, জঙ্গল, ফোয়ারা, ঝরণা পার হইতে হইতে এক জায়গায় বুদ্ধদেব দেখিলেন একটা কাণা বানরী কি করিতেছে। বৃদ্ধদেব নন্দকে জিজ্ঞাসা করিলেন, "তোমার স্ত্রী কি এই বানরী অপেক্ষা সুন্দরী ?" নন্দ বলিল, "সে কি! এটা বানরী, আর সে অমুপম সুন্দরী, তার সঙ্গে কি এটার তুলনা হয় ?" বুদ্ধদেব আর কিছুই বলিলেন না, ক্রমে উঠিতে লাগিলেন, উঠিতে উঠিতে একেবারে স্বর্গে গিয়া উপস্থিত। সে একেবারে ইন্দ্রভুবন, কাছেই নন্দনবন, অপ্সরীরা নৃত্য করিতেছে। বিভাধরেরা গান করিতেছে। বুদ্ধদেব এক অপ্সরাকে দেখাইয়া নন্দকে জিজ্ঞাসা করিলেন, "অপ্সরা সুন্দরী, না তোমার জ্রী স্থন্দরী ?" নন্দ বলিল, "বানরী হইতে আমার স্ত্রী যত তফাৎ, আমার স্ত্রী হইতে এই অপ্সরা ততই ভফাৎ।" বুদ্ধদেব বলিলেন, একটি অপ্সরা লইবে ?" নন্দ বলিল, "হাা।" বৃদ্ধদেব বলিলেন, "তবে তপস্থা কর, বিনা তপস্থায় ত অপ্সরা পাওয়া যায় না।" নন্দ বলিল, "হাঁা, তা করিব।" বুদ্ধদেব তাহাকে আবার আশ্রমে ফিরাইয়া আনিলেন ও তপস্থায় লাগাইয়া দিলেন। সে খুব তপস্থা করিতে লাগিল, অতি কঠোর তপস্তা করিতে লাগিল। কিন্তু বৃদ্ধদেবের শিয়োরা তাহাকে ঠাট্টা করিতে লাগিল, বলিতে লাগিল, "নন্দ অঞ্চরার জন্ম তপ্সা করিতেছে।"

তখন নন্দর তপস্থা একটু মিষ্ট লাগিয়াছে। সে বলিল, "আমি অপ্ররা চাহি না, আমি তপস্থাই করিব।" বৃদ্ধদেব তাহাকে অনেক উপদেশ দিলেন, সে একাকী নির্জ্ঞনে তপস্থা করিতে লাগিল। এক সময়ে সে যেমন স্ত্রীর প্রতি একাগ্র হইয়া গিয়াছিল, এখন শুধু তপস্থার চরম ফল নির্কাণলাভের জন্ম একাগ্র হইয়া উঠিল। এবং অল্পদিনের মধ্যেই তাহার সিদ্ধিলাভ হইল। সে আসিয়া বুদ্ধদেবকে প্রণাম করিয়া विनन, "গুরুদেব, তুমি আমাকে সংসারপথ হইতে উদ্ধার कतिया পরমপদ পাওয়াইয়া দিলে।" বুদ্ধদেব বলিলেন, "তা বেশ হইয়াছে, তোমার কাজ শেষ হইয়াছে। কিন্তু বসিয়া থাকিলে চলিবে না, তুমি আর লোককে এই পথে আনিবার চেইা কর।" নন্দ বাহির হইল। লোকে আশ্চর্যা হইয়া দেখিতে লাগিল যে ঘোর বিলাসী নন্দ প্রমযোগী হইয়াছে। অনেকে নন্দের চেলা হইতে লাগিল। স্থন্দরী আসিয়া নন্দের চেলা হইল। কাবা শেষ হইল।

অশ্বঘোষ বলিয়াছেন দর্শনের বই আমি অনেক লিখিয়াছি, তাহাতে বিশেষ ফল হয় নাই। তাই আমি কাব্যের ছলে মুক্তির পথ দেখাইয়া দিতে বসিয়াছি। ব্যায়রাম হইলেও লোকে তিক্ত ঔষধ খাইতে চাহে না, সেইজ্ল্য তাহাকে মধু মিশাইয়া ঔষধ খাওয়াইতে হয়। আমি এখানে তাহাই করিলাম।

এই অপূর্ব্ব গ্রন্থখানি স্নেহভাজন শ্রীযুক্ত বিমলাচরণ লাহা

মহাশয় বাঙ্গালা গতে তর্জ্জমা করিয়া বাঙ্গালীকে উপহার দিতেছেন। বিমলা-বাবুর বিশেষ পরিচয় দেওয়া অনাবশ্যক; কারণ তিনি সাহিত্যজগতে স্থপরিচিত কলিকাতার লাহা-বাবুদের ঘরের ছেলে। ধনে ও মানে তাঁহারা খুব উচ্ছ ইয়াছেন, বিভাতেও তাঁহারা উচু হইতেছেন। বিমলা-বাবুর বৌদ্ধধর্মের উপর প্রগাঢ় শ্রদ্ধা আছে। তাঁহার অনেক লেখা বড় বড় কাগজে বাহির হইয়াছে।

শ্রীহরপ্রসাদ শান্ত্রী

অনুবাদকের কথা

মহাকবি অশ্বঘোষ বিরচিত "সৌন্দরনন্দ" মহাযান বৌদ্ধ-গ্রন্থের মধ্যে একখানি স্থন্দর কাব্য। এই মনোরম কাব্যখানি আজ পর্যান্ত কোনও ভাষায় অন্দিত হয় নাই বলিয়া আমার বিশ্বাস। তাই বাঙ্গালা ভাষায় ইহার অনুবাদ করিতে প্রবৃত্ত হইয়াছি।

অশ্বঘোষের সময় নিরূপণ করা একরূপ তুরুহ ব্যাপার হইলেও, তাঁহার একটা আমুমানিক কাল আমরা নির্দ্ধারণ করিতে পারি। চৈনিক ধর্মারক্ষ ৪২০ খৃঃ অব্দে চীন ভাষায় অশ্বঘোষের বৃদ্ধচরিতের অনুবাদ করেন ('Fo-Sho-Hing-Tsan-King')। অতএব অশ্বয়োব যে ঐ সময়ের পূর্বে বর্ত্তমান ছিলেন তাহাতে কোনও সংশয় নাই। বৌদ্ধাচার্যাগণের নামের তালিকায়, কনিকের স্থাপিত সক্তের সভাপতি পার্শ্বের অধস্তন তৃতীয় পুরুষ ও নাগার্জ্যনের পূর্বতন তৃতীয় পুরুষরূপে আমরা অশ্বঘোষের নান দেখিতে পাই। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় নাগার্জ্জনের কাল খৃষ্টীয় দিতীয় শতাব্দীর শেষভাগে একরূপ স্থির করিয়াছেন। তাহা হইলে অশ্বঘোষ তাহার অন্ততঃ শতাব্দী কাল পূর্ব্বে অর্থাৎ খৃষ্টীয় প্রথম শতকে জীবিত ছিলেন। আবার কাহারও কাহারও মতে বুদ্ধদেবের নির্বাণের তিনশত বংসর পরে অশ্বঘোষ পূর্বব ভারতীয় ব্রাহ্মণবংশে জন্মগ্রহণ করিয়াছিলেন। মহাপ্রজ্ঞাপার্মিত। শাস্ত্রের ভাষ্মে দেখিতে পাওয়া যায় যে, বুদ্ধদেবের নির্বাণের প্রায় তিন্দত সপ্তদশ বর্ষ পরে অশ্বঘোষ জন্মগ্রহণ করিয়া-ছিলেন। Life of Vasuvandhu শীৰ্ষক প্ৰন্থে লিখিত আছে যে, তিনি কাত্যায়নের সমসাময়িক ছিলেন অর্থাৎ বন্ধনির্বাণের পর পঞ্চম শতকে বিভাষান ছিলেন। মহাযান শ্রদ্ধোংপাদ শাস্ত্রের দিতীয়বার চীন ভাষায় অনূদিত গ্রস্থে. বৃদ্ধদেবের নির্কাণের ৫০০ বর্ষ পরে অশ্বঘোষ বিভাষান ছিলেন এইরূপ বর্ণিত আছে। মহাপ্রজ্ঞাপার্মিতাশাস্ত্রের চীন অনুবাদের ভূমিকায় ও এই কথার উল্লেখ আছে। (See "The Awakening of Faith" pp. 3-4) সমাট্ কনিষ তাঁহার নিজ সাম্রাজ্যে আসিবার জন্ম অশ্বঘোষকে নিমন্ত্রণ করিয়াছিলেন, কিন্তু বার্দ্ধকাবশতঃ তিনি সে নিমন্ত্রণ বুঞা করিতে পারেন নাই। তিনি তাঁহার একজন প্রসিদ্ধ শিষ্যকে পত্ৰসহ সঞ্জীটু সকাশে পাঠাইয়াছিলেন। এই ঘটনা হইতে স্পষ্টই প্রতীয়মান হইতেছে যে, অশ্বঘোষ ও কনিক্ষের মধ্যে পত্র ব্যবহার হইয়াছিল অর্থাৎ উভয়ে সমসাময়িক ছিলেন।

সংক্ত সাহিত্যের উপর মহাকবি অশ্বঘোষের প্রভাব আলোচনা করিতে গিয়া মহামতি Cowell সাহেব বলেন যে রঘুবংশের সপ্তমসর্গে ৫-১৩ সংখ্যক প্লোকে যুবরাজ অজের দর্শনাভিলাষী বাতায়নসমাগত পুরাঙ্গনাগণের যেরূপ চিত্র অঙ্কিত আছে, বুদ্ধচরিত কাব্যের তৃতীয় অধ্যায়ে ১৩-২৪ শ্লোকে অবিকল সেইরপ চিত্র দেখিতে পাওয়া যায়। 'যুবরাজ সিদ্ধার্থ পুরকাননদর্শন মানসে রাজপ্রাসাদ হইতে বহির্গত হইয়াছেন। রাজপ্রথ সুসজ্জিত হইয়াছে। যোষিদ্রুক্দ কুমার-দর্শন মানসে গবাক্ষপথের দিকুক ছুটিতেছেন'। তাঁহার মতে অথঘোষ আকার ইঙ্গিতে যে চিত্র অঙ্কিত করিয়াছিলেন, কালিদাস তাঁহার অনব্য তুলিকা সাহায্যে সম্পূর্ণরূপে তাহা ফুটাইয়া তুলিয়াছেন। এই চিত্র কালিদাসের কাব্যে পারিপার্শ্বিক ঘটনা, আখ্যানবস্তুর পরিপোষক মাত্র; বুদ্ধচরিতে ইহাই প্রধান ঘটনা।

অশ্বয়েষ তাঁহার বুদ্ধচরিত কাব্যের তৃতীয়সর্গে ১৯শ সংখ্যক ক্লোকে "বাতায়নেভ্যশ্চ বিনিঃস্তানি" ইত্যাদি বলিয়া যে চিত্র অন্ধিত করিয়াছেন, কালিদাস তাঁহার স্থলর বর্ণ সম্পাতে ঐ চিত্রকে মনোরম করিয়া আমাদের নয়ন সমক্ষে উপস্থাপিত করিয়াছেন।

(রঘুবংশ, ৭ম সর্গ ১৯শ শ্লোক)

রামায়ণে আমরা দেখিতে পাই যে, হনুমান্ দর্শাননের প্রাসাদে প্রবেশ করিয়া তাহার অন্তঃপুরস্থিতা নিজিতা মহিষীদিগের সৌন্দর্য্যদর্শন করিতেছেন। বুদ্ধচরিত কাব্যের পঞ্চমসর্গে ৪৮-৬২ সংখ্যক শ্লোকে অনুরূপ বর্ণনা দেখিতে পাওয়া যায়। যুবরাজ সিদ্ধার্থ চিরদিনের জন্ম আবাসভূমি ত্যাগ করিবার সংকল্প করিয়া রাত্রিকালে অন্তঃপুরস্থিতা নিজিতা আলুলায়িতকুন্তলা শ্লথবসনা রমণীদিগকে দর্শন

করিয়া বিদায় গ্রহণ করিতেছেন। রামায়ণের বর্ণনা কেবলমাত্র সৌন্দর্য্যের অনুভূতিমূলক। ইহাতে অন্থা কোনও
রূপ উদ্দেশ্য নাই। বৃদ্ধচরিতকাব্যে ইহা আখ্যানবস্তুর
অন্তর্গত। এই দৃশ্য বোধিসত্ত্বের সংসারত্যাগের অন্ততম
কারণ। Cowell সাহেবের মতে রামায়ণের এই দৃশ্য
বৃদ্ধচরিতকাব্যের বর্ণনার বিবৃতি মাত্র।

মার কর্ত্বক বুদ্ধদেবের প্রলোভনচিত্র কুমারসম্ভবে হরের প্রতি মদনের শরসন্ধানের মন্ত্রপ। নানা প্রকার প্রলোভনেও যখন মার কৃতকার্য্য হইতে পারিলেন না, তখন তিনি বুদ্ধদেবকে ভয় প্রদর্শন করিতে লাগিলেন। ভারবির কিরাতার্জুনীয়েও এই চিত্র স্বিকল স্কুকুত হইয়াছে।

অতএব দেখা যাইতেছে যে রানায়ণ কিরাতার্জ্নীয়,
কুমারসম্ভব ও রঘুবংশে অধ্যােষের প্রভাব বিজ্ঞমান আছে।
প্রচলিত বর্ত্তমান রামায়ণও অধ্যােষের বুদ্ধচরিত কাব্যের
পরে রচিত ইইয়াছে Cowell সাহেব এ কথা বলিতে কুঠিত
হন নাই। কিন্তু ডাক্তার Jocobi স্পষ্টই প্রমাণ করিয়াছেন
যে Cowell সাহেবের মত ভ্রান্ত। কারণঃ—(১) আমরা
রামায়ণে বৃদ্ধ কিংবা যবন শব্দের ব্যবহার দেখি না। কেবল
মাত্র প্রক্রিপ্ত অংশে একবার বৃদ্ধ শব্দ ও ছইবার যবন শব্দের
উল্লেখ দেখা যায়। (২) রামায়ণে পাটলীপুত্রের উল্লেখ নাই।
অথচ এই স্থান দিয়াই রামচক্র বনগমন করিয়াছিলেন।
(৩) মিথিলা এবং বিশালা বিভিন্ন নুপতির শাসনাধীন ছিল।

উহারা অশ্বঘোষের সমসাময়িক একত্রাবস্থিত বৈশালীরাজ্য নামে পরিচিত ছিল না। (৪) কোশল রাজ্যের রাজধানী অযোধ্যা নামে পরিচিত ছিল; বৌদ্ধর্ণের সাকেত নাম তখনও অপরিজ্ঞাত ছিল। (৫) রামায়ণে ক্ষুদ্র ক্ছ রাজ্যের বিষয় বর্ণিত আছে। তৎকালে মহা সাম্রাজ্যের স্থায়িত্ব সম্বন্ধে কোনওরূপ নিদর্শন পাওয়া যায় না। ইহা হইতে বেশ বুঝিতে পারা যায় যে, রামায়ণ মগধ সাম্রাজ্যের পতনের পূর্বের অর্থাৎ খ্রীষ্টপূর্বে প্রায় পঞ্চম শতকের পূর্বের রচিত হইয়াছে। অবশ্য ইহার প্রক্ষিপ্ত অংশ খ্রাঃ পূর্বের দ্বিতীয় শতকে লিখিত।

Cowell সাহেব বলেন যে, বুদ্ধচরিত অশ্বযোষের ফকপোল কল্লিত নহে। ললিতবিস্তরের উপর ভিত্তি স্থাপন করিয়া এই মহা কাব্য রচিত হইয়াছে। হন্তুমানের রাত্রিকালে পুরাঙ্গনাগণের শয়নকক্ষের বিবরণ অশ্বযোষ হইতে গৃহীত না হইলেও, ললিতবিস্তর হইতে যে গৃহীত হইয়াছে তাহাতে অন্ত্যাত্র সংশয় নাই। এ কথাও কিন্তু স্বীকার করিতে হইবে যে, ললিতবিস্তরে বুদ্ধদেবের সংসার ত্যাগ কালে জরাও মোহিনীর প্রলোভনের উল্লেখ নাই। ইহা অশ্বযোষের নিজস্ব। উল্লেখিত ঘটনাদ্বয় ব্যতীত যখন বৃদ্ধদেবের চরিত বর্ণনা করিতে গিয়া, মূল আখ্যান ভাগের কোনও অঙ্গহানি হয় নাই, তখন আমরা Cowell সাহেবের সহিত একমত হইয়া বলিতে পারিতেছি না যে, এ হুইটা ঘটনা স্বাভাবিক (natural

incidents) এবং কালিদাস, ভারবি অ্থবা বাল্মীকি ইহা অশ্বযোষ হইতে গ্রহণ করিয়াছেন।

'মারের প্রলোভন'ও অশ্বংঘাষের নিজস্ব নহে। ললিত-বিস্তরের মার দৈত্যের নেতা। তাহার চরিত্রে কোনও সদ্গুণই দেখিতে পাওয়া যায় না। পঞ্চশর মদনদেবের চিত্র হইতেই ললিতবিস্তরের "মার" চিত্রিত হইয়াছে। কালিদাসের কামদেব সর্বজন মনোরঞ্জক, জগতের আনন্দবর্জক। তিনি দেবগণের ও জগতের কল্যাণের নিমিত্ত পৃথিবীতে আভিভূতি হইয়াছেন। হরপার্বতীর সম্মেলনের জন্ম আপনার প্রাণ উৎসর্গ করিয়া তিনি যে ত্যাগ স্বীকার করিয়াছেন তাহা অন্যত্র তুল্লভ।

্ অতএব দেখা যাইতেছে যে আভ্যন্তরীণ প্রমাণ অনুসারে Cowell সাহেবের মত ঠিক নহে।

কালিদাস ও ভারতি যে অশ্বঘোষের পরে আবিভূতি হন এবং তাঁহারা যে বুদ্ধচরিত পাঠ করিবার স্থোগ পাইয়া-ছিলেন নিম্নোদ্ভ শ্লোক ও শ্লোকাংশ হইতে তাহা বেশ বুঝিতে পারা যায়:—

সহি স্বগাত্রপ্রভাষে লক্ত্যা
দীপ প্রভাং ভাস্করবন্মুমোষ।
মহার্হ.জাম্বদ চাক্লবর্ণ:
প্রছোত্যামাস দিশশ্চ সর্বা:॥
(বৃদ্ধচরিত প্রথম সর্গ ৩২ শ্লোক)

অরিষ্টশ্ব্যাং পরিতো বিসারিণা সুজন্মন স্কস্থ নিজেন তেজসা। নিশীথদীপাঃ সহসা হতম্বিষো বভূবুরালেখ্য সমর্পিতা ইব।

(রঘুবংশ, তৃতীয় সর্গ ১৫ শ্লোক)

তস্মাৎ প্রমাণং ন বয়ো ন কালঃ কশ্চিৎ কচিৎ শ্রৈষ্ঠামুপৌতি লোকে। রাজ্ঞাম্যীণাঞ্চ হিতানি তানি কৃতানি পুজুৈরকৃতানি পুর্কিঃ॥

(বৃদ্ধচরিত, প্রথম সর্গ ৫১ শ্লোক)

তেজসাং হি ন বয়ঃ সমীক্ষতে।

(রঘুবংশ, একাদশ সর্গ ১ শ্লোক)

মহাত্মনি ব্য্যুপপন্নমেতৎ প্রিয়াতিথো ত্যাগিনি ধর্মকামে। সত্তা ব্য় জ্ঞানবয়োমুরূপা স্লিগ্ধা যদেবং ময়ি তে মতি স্থাৎ॥

(বুদ্ধচরিত, প্রথম সর্গ ৬০ শ্লোক)

সর্বাং সথে ত্ব্যুপপন্নমেতৎ।

(কুমারসম্ভব, তৃতীয় সূর্গ ১২ শ্লোক)

শ্রুত্বা বচস্তচ্চ মনশ্চ যুক্ত্বা জ্ঞাত্বা নিমিত্তৈশ্চ ততোভ্যুপেতঃ। দিদৃক্ষয়া শাক্যকুলধজন্ত শক্রধজন্তেব সমুচ্ছিত্তন্ত ॥ (বুদ্ধচরিত, প্রথম সর্গ ৬৩ শ্লোক)

কালিদাস ভাঁহার কাব্যে বভবার শত্রুধ্বজ শব্দ ব্যবহার করিয়াছেন।

> বাতা ববঃ স্পর্শ সুথা মনোজ্ঞা দিব্যানি বাসাংস্থাবপাতয়ন্তঃ। সূর্যাঃ স একভ্যধিকং চকাশে জজ্ঞাল সৌম্যার্চিচ রণীরিতোহগ্নিঃ

> > (বুদ্ধচরিত, প্রথম সর্গ ১৪ শ্লোক)

দিশঃ প্রসেত্ন ক্রতো ববঃ স্থাঃ প্রদক্ষিণাচিত্র বিরাগ্নিরাদদে। বভূব সর্বাং শুভশংসি তৎক্ষণম্ ভবো হি লোকাভ্যুদয়ায় তাদৃশাম্॥

(রঘুবংশ, তৃতীয় সর্গ ১৪ শ্লোক)

বাতায়নেভ্যশ্চ বিনিঃস্তানি পরস্পরোপাশ্রিত কুণ্ডলানি। স্ত্রীণাং বিরেজু মুখি পঙ্কজানি সক্তানি হর্ম্মোদিব পঙ্কজানি॥

(বুদ্ধচরিত, তৃতীয় সর্গ ১৯ শ্লোক)

তাসাং মুথৈরাসবগন্ধগর্ভৈঃ
ব্যাপ্তান্তরা সাক্রকৃতৃহলানাম্।
বিলোলনেত্রভ্রমরৈর্গবাক্ষঃ
সহস্রপত্রাভরণা ইবাসন্॥

(রঘুবংশ, সপ্তম সর্গ ১১ শ্লোক)

কাচিত্তান্ত্রাধরোষ্ঠেন মুখেনাসবগন্ধিনা। বিনিশশ্বাস কর্ণেহস্থ রহস্থাং জ্রায়তামিতি॥

(বৃদ্ধচরিত, চতুর্থ সর্গ ৩১ শ্লোক)

কর্ণে লোলঃ কথয়িতুমভূদানন স্পর্শলোভাৎ .(উত্তর মেঘ, ৪০)

মৃত্মু তিম দিব্যাজ-প্রস্তনীলাংশুকাপরা। আলক্ষারসনা রেজে কুরদ্ বিহ্যাদিব ক্ষপা॥

(বৃদ্ধচরিত, চতুর্থ সর্গ ৩৩ শ্লোক)

অমুং সহাসপ্রহিতেক্ষণানি ব্যাজার্দ্ধসংদর্শিত মেখলানি। নালং বিকর্ত্তুং জনিতেক্র শক্ষং সুরাঙ্গনা বিভ্রম চেষ্টিতানি॥

(রঘুবংশ, ত্রয়োদশ ৪২ শ্লোক)

স রাজসূত্মর্গরাজগামী মৃগাজিরং তম্গবৎ প্রবিষ্টঃ। লক্ষী বিযুক্তাপি শরীর লক্ষ্যা চক্ষ্যংযি সর্কাশ্রমিণাং জহার॥

(বুদ্ধচরিত, সপ্তম ২ শ্লোক)

স স্ততিকামপি রাজলক্ষীং তেজোবিশেষাস্থমিতাং দধানঃ॥

(রঘুবংশ, দ্বিতীয় ৭ শ্লোক)

হতবিষোহন্যাঃ শিথিলাত্মবাহবঃ স্থিয়ো বিষাদেন বিচেতনা ইব। ন চুকুশুন শিক্ষ জন্তন শিক্ষ্ ন চেতনা উল্লিখিতা ইব স্থিতাঃ॥

(বৃদ্ধ চরিত, অষ্টম ২৫ শ্লোক)

নিশীথদীপাঃ সহসা হততিযো বভূবুরালেখ্য সমর্পিতা ইব॥

(রঘুবংশ, ভৃতীয় ১৫ শ্লোক,)

আদিত্যপূর্বাং বিপুলং কৃলংতে নবং বয়ো দীপ্তমিদং বপুশ্চ। কম্মাদিয়ংতে ভৈক্ষাক একভিরতা নরাজ্যে॥

(বুদ্ধ চরিত, দশম ২৩ শ্লোক)

একাতপত্রং জগতঃ প্রভূত্বং নবং বয়ং কান্তমিদংবপুশ্চ।

(রঘুবংশ, দ্বিতীয় ৪৭ শ্লোক)

যোহার্থধর্মে । পরিপীত্য কার্মঃ
স্থাদ্ধর্মকার্ম্যে পরিভূয় চার্থঃ।
কামার্থয়োশ্চোপরমেণ ধর্মঃ
ত্যাক্ষ্যঃ স কুৎস্নো যদি কাঞ্ছিতার্থঃ॥

(বুদ্ধচরিত, দশম ২৯ শ্লোক)

নধর্ম্মর্থ কামাভ্যং ববাধে ন চ তেন তৌ। নার্থং কামেন কামং বা সোহর্থেন সদৃশ স্ত্রিষু॥

(রঘুবংশ, সপ্তদশ ৫৭ শ্লোক)

পূর্ব্বোদ্ধৃত উদাহরণ সকল ব্যতীত কতকগুলি শ্লোক
স্থপ্রসিদ্ধ ঐতিহাসিক, স্থনামধন্য মহামহোপাধ্যায় পশুত্

শ্রীযুক্ত হরপ্রসাদশান্ত্রী মহাশয় অশ্বঘোষ বিরচিত সৌন্দরনন্দ কাব্যের ভূমিকায় (A. S. B. প্রকাশিত পুস্তকের Preface এর iv-v পৃষ্ঠায়) উল্লেখ করিয়াছেন :—

তাং স্থান্দরীং চের লভেত নন্দঃ
সা বা নিষেবেত নতং নতজ্ঞঃ।
দক্ষং ক্রবং তদ্ বিকলং ন শোভেৎ
অক্যোম্মহীন বিব রাত্রি চক্রৌ॥

পরস্পরেণ, স্পৃগনীয় শোভং ন চেদিদং দক্ষমযোজ্ঞয়িয়াং। অস্মিন্ দয়ে রূপ বিধান্যত্নঃ পত্যুঃ প্রজানং বিতথো>ভবিয়ান্।

(রঘুবংশ, সপ্তম সর্গ ১৪ শ্লোক)

তং গৌরবং বৃদ্ধগতং চকর্ষ
ভার্য্যান্মরাগঃ পুনরাচকর্ষ।
সোহনিশ্চয়ান্নাপি যথৌ ন তস্থৌ

তরন্ তরক্ষেষিব রাজহংস: ॥
মার্গাচল ব্যতি করা কুলিতেব সিশ্বু:।
শেলাধিরাজ তনয়া ন যথৌ ন তক্তো।

(কুমারসম্ভব)

মহাকবি অশ্বঘোষ প্রণীত 'নৌন্দরনন্দ' 'বৃদ্ধচরিত' প্রভৃতি কাব্য পাঠ করিলে তাহার কবিছ শক্তির সবিশেষ পরিচয় পাওয়া যায়; কিন্তু তিনি যে একজন উচ্চাঙ্গের দার্শনিক ছিলেন তাহা যাঁহারা তাঁহার প্রদ্ধোৎপাদশ্রান্ত্র পাঠ করিয়াছেন তাঁহারা একবাকো স্বীকার করিয়া থাকেন। এতন্তির বাভশান্ত্রে তাঁহার বিশেষ অধিকার ছিল। পাটলীপুত্র যাত্রাকালে তিনি একটা নৃতন স্বরলিপি সৃষ্টি করিয়া বাগ্দেবীর ললিত কলায় আপন নাম চিরশ্বরণীয় করিয়া গিয়াছেন ও শ্রোত্বর্গকে অভিভূত করিয়া আপনার অনুরক্ত ভক্ত করিতে সমর্থ হইয়াছিলেন। (The Awakening of Faith by T. Suzuki, p. 35, G. K. Nariman প্রণীত Literary History of Sanskrit Buddhism p. 22).

চান এবং তিব্বতীয় আখ্যায়িকা হইতে দেখিতে পাওয়া যায় যে, অশ্বঘোষ প্রথম জীবনে ব্রাহ্মণা ধর্ম্মের সবিশেষ পক্ষপাতী ছিলেন, পরে বৌদ্ধধর্মে অনুরক্ত হইয়াছিলেন। নারিমান সাহেব বলেন যে, অশ্বঘোষ প্রথমে সর্ব্বান্তিবাদ সম্প্রদায়ের লোকছিলেন, পরে মহাযান সম্প্রদায়ে যোগ দান করেন। (G. K. Nariman, Literary History of Sanskrit Buddhism, p. 29).

হানযান বৌদ্ধগ্রন্থে যেরপ অবলোকিতেশ্বরের উল্লেখ দেখিতে পাওয়া যায় না, সেইরূপ মহযান-বৌদ্ধ- कित अश्वरिषास्यत लिथायुक अवलाकिराजश्वरतत छिल्लाथ नार्डे।

সৌন্দরনন্দ কাব্যে বৈদিক ও পৌরাণিক বিষয়েরও উল্লেখ দেখিতে পাওয়া যায়। সৌন্দরনন্দ কাব্যের ভূমিকায় শাস্ত্রী মহাশয় স্পষ্ট করিয়া দৃষ্টান্ত সহ দেখাইয়াছেন।

সৌন্দরনন্দ কাব্যের নায়ক নন্দের চরিত্র অনেক গুলি পালিপুস্তকে বর্ণিত আছে। (Mahāvagga, i, 54; Dhammapadaṭṭhakathā (P. T. S.) Vol. I. Pt. 1 p. 115. foll., etc.) শাস্ত্রী মহাশয় সংস্কৃত ও পালি ভাষায় বর্ণিত নন্দের বিবরণের পার্থক্য তাঁহার ভূমিকায় বিশেষরূপে আলোচনা করিয়াছেন। (Saundarananda Kavyam, Preface, p. xx.)

অমুবাদ কালে শ্রীযুক্ত কালীপদ তর্কাচার্য্য, কাব্য-ব্যাকরণতর্কতীর্থ এবং শ্রীযুক্ত দক্ষিণা চরণ ভট্টাচার্য্য মহাশয়দ্বর্ধী
আমাকে যথেষ্ট সাহায্য করিয়াছেন। প্রেসিডেন্সি কলেজের
প্রধান সংস্কৃতাধ্যাপক শ্রাদ্ধেয় শ্রীযুক্ত নীলমণি চক্রবর্ত্তী
এম্, এ, মহাশয় এবং পাটনা কলেজের সংস্কৃত অধ্যাপক
শ্রীযুক্ত সুরেক্র নাথ মজুমদার শান্ত্রী এম্, এ, পি, আর্, এস্,
মহাশয় পাণ্ড্লিপিখানি সংশোধন করিয়া দিয়াছেন।
শ্রীযুক্ত চারুচক্র মিত্র এম্, এ, বি, এল্, এবং প্রবাসীর
সহকারী সম্পাদক শ্রীযুক্ত চারুচক্র বন্দ্যোপাধায় বি, এ,
মহাশয়দ্বয়ের নিকট হইতেও আমি যথেষ্ট সাহায্য পাইয়াছি।

মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শান্ত্রী এম্,এ, সি আই, ই, মহোদয় এই পুস্তকখানির অমূল্য মুখবন্ধ লিখিয়া দিয়া আমাকে চির কৃতজ্ঞতাপাশে আবদ্ধ করিয়াছেন।

পরিশেষে আমার বক্তব্য এই যে যখন আমি প্রথমে এই পুস্তকখানি অমুবাদ করিতে আরম্ভ করি, তখন আমার অনেক বন্ধু আমাকে এই নীরস দার্শনিক পুস্তকের অমুবাদ প্রচার-ব্যাপারে অগ্রসর হইতে নিরস্ত করিয়াছিলেন, কিন্তু আজ ছয় মাসের ভিতর ইহার দিতীয় সংক্রণ প্রকাশ করিতে বাধ্য হওয়ায় তাহাদের আশক্ষার কারণ যে অম্লক তাহাই প্রতীয়মান হইয়াছে; আর যে বঙ্গীয় পাঠকদিগের পাঠস্পৃহার জন্ম ইহার প্রথম সংস্করণ এত শীঘ্র নিঃশেষ হইয়া গেল, তাহাদিগকে আমি অস্তরের সহিত ধন্মবাদ দিতেছি।

. ২৪ নং স্থকীয়া ট্রীট**্র** কলিকাতা, ১লা মার্চ্চ ১৯২৩।

শ্রীবিমলা চরণ লাহা

जिन्मद्रनम कावा

(অনুবাদ)

প্রথম সর্গ

কপিলবাস্ত বর্ণন

- ১। ধার্শ্মিকশ্রেষ্ঠ গোতমগোত্রীয় কপিল মুনি গোতমগোত্রীয় কন্দীবানের স্থায় তপস্থায় শ্রাস্ত হইয়াছিলেন।
- ২। কাশ্যপের ন্থায় যাঁহার স্থদীর্ঘ দীপ্ত তপস্থা তেজের জন্য বৃদ্ধিপ্রাপ্ত হইয়া কাশ্যপের ন্থায় উত্তম সিদ্ধি আশ্রয় করিয়াছিল।
- ত। যিনি হবি ও নিজ আত্মার জন্ম বশিষ্ঠের স্থায় গোদোহন করিতেন এবং তপশিষ্ঠ শিষ্মগণের নিকট বশিষ্ঠের স্থায় সরস্বতীকে দোহন করিতেন, অর্থাৎ উপদেশ দিতেন।
- ৪। যিনি মাহাত্ম্যে দ্বিভীয় দীর্ঘতপা ঋষির ভায় এবং বৃদ্ধিতে কাব্য (শুক্র) ও আঙ্গিরসের (বৃহস্পতি) ভৃতীয় স্থান অধিকার করিয়াছিলেন।
- ৫। উক্ত তপস্থিপ্রবর কপিলের তপঃক্ষেত্র ও বাসন্থান
 হিমালয়ের শুভ পার্শদেশে ছিল।

- ৬। যে স্থানে স্থলর লতা ও বৃক্ষরাজি, এবং অতিশয় স্থিম ও মৃত্ব শাধলসমূহ শোভা পাইত, এবং চন্দ্রাতপ্রৎ প্রতীয়মান যজ্ঞীয় হবিধ্মি যে স্থান সর্বদা মেঘের স্থায় দেখা বাইত।
- ৭। যে স্থানে বালুকামণ্ডিত বিস্তৃত ভূমিভাগ কোমল ও ,
 স্মিগ্ধ এবং ইতস্ততঃ-বিক্ষিপ্ত কেসর-পুষ্প দারা আর্ত থাকায়
 পাণ্ডবর্ণতা-প্রযুক্ত যেন অঙ্গরাগযুক্ত বলিয়া বোধ হইত।
- ৮। তীর্প বলিয়া খ্যাত যে-সকল সরোবরের চিন্তা করিলেও পবিত্রতা জন্মে, এইরূপ কতিপয় পদ্ম-সরোবর খাকায় যাহাকে বন্ধুযুক্ত বলিয়া মনে হইত।
- ৯। যে স্থানে প্রচুরফলপুষ্পযুক্ত বনরাজি বর্ত্তমান থাকায় মানব উপায়বিশিষ্ট মনুষ্যের স্থায় শোভা ও বৃদ্ধিপ্রাপ্ত হইত।
- > । সেই স্থানে নীবার-ফল-সম্বুফ্ট স্বস্থ শাস্ত ঔৎস্ক্য-শৃষ্য বহু তাপস থাকিলেও ঐ স্থানকে অত্যস্ত শৃন্য বলিয়া বোধ হইত।
- ১১। যে স্থানে কেবল যজ্ঞীয় অগ্নিতে আছতি দিবার শব্দ এবং কেকারবকারী ময়ুরগণের ও অভিষেক-কালে তীর্থজলের শব্দ শ্রুত হইত।
- ১২। যে স্থানে পবিত্র যজ্ঞবেদিতে হরিণগণ নিজিত থাকায় দেখা যাইত যেন লাজযুক্ত মাধবীপুষ্প ছারা উপহার কল্পনা করা হইয়াছে।

- ১৩। বে স্থানে শাস্ত ভাবে ক্ষুদ্র মৃগগদার সহিত বিচরণ করায় মনে হইত বেন শরণ্য মুনিগণের নিকট ভাহারা বিনয় শিক্ষা করিয়াছে।
- ১৪। পরস্পর-বিরুদ্ধ বহু শান্ত্র থাকায় পুনর্জন্ম বিষয়ে সন্দেহ উপস্থিত হইলেও প্রত্যক্ষদর্শীর ন্যায় (দৃঢ় বিশ্বাস সহকারে) তপস্থিগণ তথায় তপস্থা করিতেন।
- ১৫। যে স্থানে কেহ কেহ ব্রক্ষজ্ঞান লাভ করিত, কেহ কেহ ব্রক্ষজ্ঞান লাভ করিত না। যথাকালে সোমরস দারা যাগ করিত, অকালে করিত না। (অথবা অকালে মরিত না)।
- ১৬। যে স্থানে তাপসসমূহ নিজ শরীরের প্রতি নিরপেক্ষ থাকিয়া (অর্থাৎ যতু না করিয়া) ধর্ম্মকেই একমাত্র ধন ভাবিয়া আনন্দসহকারে অতি যতে তপস্তা আচরণ করিতেন।
- ১৭। যে স্থানে স্বর্গের প্রতি অতান্ত-আগ্রহ-বশে অত্যন্ত শ্রম সহকারে মুনিগণ তপস্থার আচরণ করায় যেন তপোরাগ হেতু তাহারা ধর্ম্মের লুঠন করিতেন।
- ১৮। পরে এক সময় কতিপয় ইক্ষাকুবংশীয় রাজপুত্র সেই তেজবিগণের আশ্রয়ভূমি তপোবনে বাস করিবার জন্ম গমন করিলেন।
- ১৯। তাঁহাদের শরীর স্থবর্ণময় স্তস্তের তুলা, বক্ষরল সিংহের স্থায়, ভুজ্বয় বিশাল, মহৎ এই আখ্যার যোগ্য এবং ত্রী ও বিনয়ের আশ্রয়ন্থল।

২০-২১। সম্মানার্হ মহাত্মা প্রাক্ত সেই ইক্ষাকুতনয়গণ অযোগ্য চঞ্চলচিত্ত প্রজ্ঞাশূন্য কনিষ্ঠ আতৃব্যের মাতৃশুল্করূপে প্রাপ্ত সম্পদ সহু করিতে না পারায় পিতার সত্য রক্ষার অমুরোধে বনে আশ্রয় গ্রহণ করিলেন।

২২। মুনি গোতম-গোত্রীয় কপিল তাঁহাদের উপাধ্যায়- ০ পদ গ্রহণ করিলেন, অভএব তাঁহারা কোৎসগোত্র হইয়াও গুরুর গোত্রামুসারে "গোঁভম" হইলেন।

২৩। বেমন একই মাতা ও পিভার সম্ভান হইয়াও পৃথক্
শুরু স্বীকার করায় রাম গার্গ্য হইলেন এবং বাস্থভদ্র গোতম
হইলেন।

২৪। তাঁহারা শাকর্ক্ষ-বেস্টিত নিজ বাসভূমি নির্মাণ করিয়া বাস করায় জগতে ইক্ষাকুবংশীয় হইয়াও শাক্য নামে বিশ্রুত হইলেন।

২৫-২৬। মুনি উর্ব যেমন কুমারের, ভার্গব যেমন সগরের, কণু যেমন শকুস্তলাগর্ভজাত শক্তিমান্ ভরতের, এবং ধীমান্ বাল্মীকি যেমন প্রশস্তবৃদ্ধিসম্পন্ন মৈথিলী-পুজের (লব ও কুশের) নিজ বংশোচিত জাতক-সংস্কারাদি স্থসম্পন্ন করিয়াছিলেন, সেইরূপে গোতমও তাঁহাদের নিজ-বংশোচিত জিয়াবলী স্থসম্পন্ন করিলেন।

২৭। সেই বন কপিল মুনি এবং সেই শ্রেষ্ঠ ক্ষত্রিয়গণের অবস্থান হেতু শাস্ত ও রক্ষিত হইয়া একই কালে আক্ষণ ও ক্ষত্রিয়ের শ্রী ধারণ করিয়াছিল।

- ২৮। পরে একদিন সেই কপিল মুনি একটা জল-কলস লইয়া আকাশে উঠিয়া রাজপুত্রগণের বৃদ্ধি কামনায় ভাহাদিগকে বলিলেন:—
- ২৯। অক্ষয়-স্লিল-সম্পন্ন এই কলস হইতে যে ধারা পতিত হইবে, তাহা লজ্জ্বন না করিয়া যথাক্রমে আমার অনু-গমন কর।
- ৩ । পরে "ভাল" এই কথা বলিয়া মস্তক নত করিয়া মৃনিকে প্রণাম করিয়া শীস্ত্রগামী বাহনে অলঙ্কত রথে তাঁহারা সকলে আরোহণ করিলেন।
- ৩১। অনস্তর তাঁহারা রথে মুনির অমুগামী হইলে তিনি আকাশে যাইয়া উক্ত আশ্রমভূমিকে জলধারায় বেষ্টন করিলেন।
- ৩২। নানাবিধ মাঙ্গলিক উপকরণে ঐ ভূমিকে স্থরভি করিয়া জলধারা দ্বারা অফীপদের (পাশার ছক্) স্থায় চিহ্নিত করিয়া রাজপুত্রগণকে বলিলেন ঃ—
- ৩৩। আমি যখন স্বর্গে যাইব তখন তোমরা ধারা-বেষ্টিত রথ-নেমি-চিহ্নিত এই স্থানে পুর নির্ম্মাণ করিবে।
- ৩৪। পরে সেই মৃনি স্বর্গে প্রস্থান করিলে একদা সেই বীর রাজপুক্রগণ বৌবনে উদ্ধাম হইয়া অঙ্কুশশৃষ্ঠ গজের স্থায় চারি দিকে শুমণ করিতে লাগিলেন।
- ৩৫। তাহাদের অঙ্গুড়ে অঙ্গুলিত্রাণ (দন্তানা), হন্তে কাম্মুক শরপূর্ণ মহাতৃণ, এবং বসন দৃঢ়ভাবে বন্ধ।

- ৩৬। তাঁহারা বনে হস্তী ও পার্দ্ধূল প্রভৃতির উপর নিজ কৃতহস্ততা পরীক্ষা করিয়া বনবাসী দুশ্বস্তনন্দনের অলোকিক কার্য্যের অমুকরণ করিয়াছিলেন।
- ৩৭। পরে মুনিগণ বখন দেখিলেন উঁহারা ব্যাঘ্রশিশুর ন্থায় বড় হইয়া নিজ স্বভাব প্রাপ্ত হইয়াছেন, তখন তাঁহার। উক্ত বন পরিত্যাগ করিয়া হিমালয় পর্ববত আশ্রয় করিলেন।
- ৩৮। পরে যখন রাজপুত্রগণ দেখিলেন মুনিগণ বন ছাড়িয়া চলিয়া গিয়াছেন, বন শৃন্থা, তখন তাঁহারা ছঃখে সর্পের ন্যায় দীর্ঘনাস পরিত্যাগ করিলেন।
- ৩৯। তার পর উন্নতির সময় উপস্থিত হওয়ায় সেই পুণ্যকর্মা রাজপুত্রগণ নিধিজ্ঞ ব্যক্তিগণের কথামুসারে সেই স্থানে বছ নিধি (ভূমি-প্রোথিত অর্থ) প্রাপ্ত হইলেন।
- ৪০। শত্রুহীন প্রচুর রত্নরাশি প্রাপ্ত হইলে তাহা দারা ধর্ম অর্থ কাম এই ত্রিবর্গ সাধন করা যাইতে পারে।
- 8)। অতএব তাহা প্রাপ্ত হইয়াও কর্ম্মের পরিণাম বশতঃ সেই স্থানে রাজপুত্রগণ স্থন্দর একটা পুরী নির্মাণ করিলেন।
- ৪২। ভাহার চারিদিকে নদী তুল্য বিস্তীর্ণ পরিখা, অভ্যস্তরে বিস্তৃত রাজপথ, শৈলের স্থায় উচ্চ প্রাচীর, তাহা যেন একটী অপর "গিরিব্রক্ত" (অর্থাৎ মগধ দেশের প্রাচীন রাজধানী রাজগৃহ)।
 - ৪৩। তাহাতে ফুল্মর শুল্রবর্ণ অট্টালিকা, তথায় বছ আপণ

স্থবিশ্বস্ত, নানাবিধ হর্ম্মালা, বেন উহা হিমালয়ের স্কুন্দর।

- 88। সেই স্থানে ষট্কর্মশালী বেদ-বেদাঙ্গাভিজ্ঞ ব্রাহ্মণগণ স্থারা তাঁহারা শান্তি ও বৃদ্ধির জন্ম জপাদি করাইয়াছিলেন।
- 8৫। সেই ভূমি আক্রমণের জন্ম যাঁহারা উন্থত হইতেন উতাহাদের নিবৃত্তির জন্ম নিজ প্রভাবে ভৃত্যগণ ধারা দণ্ডনীতি প্রয়োগ করাইতেন।
 - ৪৬। বাঁহারা চরিত্রসম্পন্ন, ধনবান্, সলচ্ছ ও দূরদর্শী এবং মাননীয় এমন শোর্য্যশালী দক্ষ আত্মীয়গণকে পৈতৃক পদে নিযুক্ত করিতেন।
 - ৪৭। বৃদ্ধি বাক্য ও বিক্রম প্রভৃতি এক এক গুণযুক্ত ব্যক্তিগণকে নিজ নিজ যোগ্য কার্য্যে সচিবরূপে নিযুক্ত করিতেন।
 - ৪৮। যেমন কিন্নরগণ থারা মন্দর পর্বত শোভমান হার, সেইরূপ ধনী, অবিভান্ত, প্রচুরবিছাসম্পন্ন ও বিম্ময়শৃত ব্যক্তি-গণ যারা যে পুরী শোভমান হইত।
 - ৪৯। যে স্থানে হাউচেত রাজপুত্রগণ পৌরগণের প্রিম্ন কামনায় স্থানর উভান নির্মাণ করাইয়াছিলেন। সেইগুলি যেন তাছাদের যশের স্থাগার স্বরূপ হইয়াছিল।
 - ৫০। চারিদিকে তাঁহারা উৎকৃষ্ট-জলসম্পন্ন মঙ্গলমন্ত্র পুষ্করিণীসমূহ নিজবৃদ্ধিবলেই নির্ম্মাণ করাইয়াছিলেন; এ কার্য্য কাহারও আজ্ঞাক্রমে হয় নাই।

- ৫)। তাঁহারা পথে পথে এবং উপবনে উপবনে মনোজ্ঞ স্থানর 'প্রান্তিসমূহ' (?) এবং চতুর্দ্ধিকে কৃপযুক্ত সভাস্থান স্থাপন করিয়াছিলেন।
- ৫২। সেই পুর হস্তী অশ্ব ও রথে পরিব্যাপ্ত ছিল; উহা অসঙ্কীর্ণ ও অনাকুল। (তথায়) কাহারও ধনাদি শুপ্ত ছিল না। জ্ঞান এবং পরাক্রম লইয়া কেহ গর্বব করিত না।
- ৫৩। উহা বেন অর্থের একমাত্র সন্নিধান, তেন্ধের একমাত্র আশ্রয়, বিছার একমাত্র বাসভবন, সম্পদের একমাত্র সক্ষেতস্থান ছিল।
- ৫৪। গুণবান্গণের বাসরক্ষ, আশ্রয়প্রার্থীজনগণের অনন্ত-সাধারণ আশ্রয়, শাস্ত্রজ্ঞানসম্পন্ন ব্যক্তির উৎসাহের স্থান, ও বীরগণের আলান স্বরূপ ছিল।
- ৫৫। ঐ বীর্যাশালী রাজপুত্রগণ সভা, উৎসব, দান, ক্রিয়া প্রভৃতি ঘারা সমস্ত বস্তুর আশ্রয় সেই পুরীটীকে অলঙ্কুড করিয়াছিলেন।
- ৫৬। তাঁহারা কাহারও নিকট হইতে অস্থায়রূপে কর গ্রাহণ করিতেন না বলিয়া অল্পকাল-মধ্যে সেই পুরী লোকে পরিপূর্ণ হইয়াছিল।
- ৫৭। মহর্ষি কপিলের আশ্রামে তাঁহারা সেই পুরী নির্মাণ করিয়াছিলেন বলিয়া তাহার নাম হইল কপিলবাস্ত।

- ৫৮। ককন্দ, মকন্দ ও কুশাম্বের ' আশ্রমে বেরূপ পুরীর কথা শোনা যায়, কপিলের আশ্রমেও সেইরূপ সেই পুরী।
- ৫৯। ইন্দ্রভুল্য সেই রাজপুত্রগণ আর্য্যন্ধনোচিত তেজের সহিত নিরহঙ্কারে সেই পুরে থাকিয়া য্যাতির পুত্রগণের স্থায় নিত্য কীর্ত্তি প্রাপ্ত হইলেন।
- ৬০। যেমন সহস্র সহস্র তারকা আকাশে থাকিলেও চন্দ্র না উঠিলে আকাশের শোভা হয় না, সেইরূপ উক্ত রাজ-পুত্রগণ সম্বেও রাজ্য অরাজক থাকায় তেমন শোভা পাইল না।
- ৬)। পরে ব্বন্ধগণের মধ্যে যেমন শ্রেষ্ঠ ব্বন্ত, সেইরূপ প্রাতৃগণের মধ্যে বিনি গুণে ও বয়সে উচ্চ তাঁহাকে, আদিত্যগণ বেমন ইক্সকে স্বর্গের রাজা করেন সেইরূপ রাজা করিলেন, কারণ তাঁহারা জ্যেষ্ঠপ্রাতার প্রতি অত্যস্ত অনুরাগী ছিলেন।
- ৬২। পরে ইন্দ্র যেমন দেবগণে পরিবৃত হইয়া স্বর্গরাজ্য পালন করেন সেইরূপ আচারনিষ্ঠ বিনয়ী নীভিজ্ঞ ক্রিয়াভৎপর ক্রেষ্ঠ শাক্য রাজচছত্র ধারণ করিয়া ভ্রাতৃগণে পরিবৃত হইয়া ধর্ম্মের জন্ম রাজ্য পালন করিতে লাগিলেন, ইন্দ্রিয়স্থখের জন্ম নহে ॥

সৌন্দরনন্দ কাব্যে প্রথম সর্গ সমাপ্ত

১। কুসাম্বের আশ্রমে কৌসাঘিনগর প্রতিষ্ঠিত হইয়াছিল

দ্বিতীয় দৰ্গ

রাজ্বর্ণন

- ১। পরে কালক্রমে একদা বিশুদ্ধক্রিয়ায়িত জিতেন্দ্রিয় রাজা শুদ্ধোদন সেই বংশে জন্মগ্রহণ করিলেন।
- ২। যিনি সর্ববদা সাধু জিনগণের কাম্য বস্তুতে সর্ববদা রক্ত থাকিতেন '; ঐশ্বর্যালাভে কখনও গর্বিত হইতেন না; সমৃদ্ধিহেতু পরকে অবমাননা করিতেন না এবং পরের ঐশ্বর্যা বা ব্যবহারাদিতে ছঃখিত হইতেন না।
- ৩। তিনি অত্যন্ত শক্তিশালী শাস্ত্রজ্ঞানসম্পন্ন মানসিক-বল-ও-বৃদ্ধি-সম্পন্ন বিক্রমবান্ নীতিজ্ঞ ধীর ও সৌন্দর্য্যবিশিষ্ট ছিলেন।
- ৪। তাঁহার বিরাট্ বপু থাকিলেও তিনি জড় ছিলেন না। তিনি দক্ষিণ (পরচ্ছন্দাবসুবর্তী) হইলেও অসরল ছিলেন না। তেজস্বী হইলেও ক্ষমাশীল ছিলেন না তাহা নহে (অর্থাৎক্ষমাশীল ছিলেন)। এবং কার্য্য করিয়া অহঙ্কার করিতেন না।
- ৫। যুদ্ধকালে শক্রগণ কর্তৃক আক্ষিপ্ত হইলে নিজ তেজস্বিভাহেতু সমরে বিমুখতা অবলম্বন করিভেন না; এবং স্বস্থান্য তাঁহার আশ্রয় গ্রহণ করিলে দানের ইচ্ছায় কখনও বিমুখ হইভেন না

১। 'য: স সজ্জিনকামেস্থ' স্থলে 'য: সসজ্জনকামেস্থ' এই পাঠ সঙ্গত বণিয়া মনে হয়।

- ৬। যিনি পূর্বব পূর্বব রাজ্ঞগণ কর্ত্তৃক আচরিত ধর্ম্মপথে সর্ববদা থাকিবার ইচ্ছায় রাজ্যটীকে দীক্ষামন্ত্রের স্থায় গ্রহণ করিয়া চরিত্রে পিতৃপুরুষগণের অমুবর্ত্তন করিতেন।
- ৭। যাঁহার স্থন্দর ব্যবহারে এবং রক্ষণে প্রজাগণ নিরুছেগে যেন পিতার ক্রোড়ে স্থাধ বাস করিত।
- ৮। যে কোনও শাস্ত্রজ্ঞ বা শস্ত্রজ্ঞ ব্যক্তি বা উন্নতকুলে উৎপন্ন ব্যক্তি তাঁহার দৃষ্টিতে পতিত হইতেন তাঁহার সাফল্যের অভাব হইত না।
- ৯। যাঁহাকে হিতকর অপ্রিয় কথা বলিলেও অক্স্কভাবে শ্রবণ করিতেন, বহু অপকার বিস্মৃত হইয়া অল্লমাত্র উপকারও স্মরণ করিতেন।
- ১০। যে তাঁহার নিকট নত হইত তাহাকে তিনি অনুগ্রহ করিতেন; বংশের শত্রুগণের সহিত যুদ্ধ করিতেন; বিপন্নগণকে রক্ষা করিতেন এবং দস্যুতস্করাদি শাসন করিতেন।
- ১১। তাঁহার রাজ্যে তদীয় অমুবর্তী জনগণ বেমন তাঁহার চরিত্র অমুকরণ করিয়া ধনাদি অর্জ্জন করিত, এইরূপ গুণগুলিও অর্জ্জন করিত।
- ১২। তিনি পরব্রহ্ম-বিষয়ে অধ্যয়ন করিতেন; সতত ধৃতি হইতে চ্যুত হইতেন না; সৎপাত্রে দান করিতেন; কোনও পাপকার্য্য করিতেন না।
 - ১৩। উৎকৃষ্ট অশ্ব যেমন উত্তত যুগ বহন করে সেইরূপ

থিনি ধৈর্য্যসহকারে প্রতিজ্ঞা পালন করিতেন; সত্যজ্রম্ভ হইয়া
মুহূর্ত্তমাত্র জীবিত থাকিবার কামনা রাখিতেন না।

১৪। (তিনি) বিশ্বান্গণের সম্মান করিতেন। চরিত্রবন্তা হেতু শোভা পাইতেন। আম্মিনমাসের চন্দ্রের স্থায় শোরদ চন্দ্রমার স্থায়) শিফব্যক্তিগণের নিকট তিনি দীপ্তি (অথবা অমুরাগ) পাইতেন।

১৫। যিনি বৃদ্ধিবলে ও শাস্ত্রজ্ঞান-বলে ঐহিক ও আমুখ্মিক মক্ষল জানিয়া লইভেন। ধৈর্য্য ও বীর্য্যবলে ইন্দ্রিয় ও প্রজাসমূহের রক্ষা করিতেন।

১৬। যিনি আর্ত্তগণের তুঃধ এবং শত্রুগণের বিস্তৃত যশ হরণ করিতেন। এবং নীতি দারা নিজের প্রচুর বশের সহিত ভূমি সঞ্চয় করিতেন।

১৭। ত্র:খিত ব্যক্তিগণকে দেখিয়া স্বভাবত তাঁহার হৃদয়ে করুণার উদ্রেক হইত। অস্থায়রূপে ধন সংগ্রহ করিয়া কখনও বশ হইতে বিচ্যুত হইতেন না।

১৮। মিত্রগণ গুণহীন হইলেও দৃঢ় সৌহার্দ্দ হেতু ভাহাদিগকে (ভিনি) ভ্যাগ করিতে চাহিতেন না। প্রসন্ধাননে ভাহাদিগকে সহুদ্দেশ্যে নিজ বিভব দান করিতে চাহিতেন।

১৯। পূজ্যগণকে অগ্রভাগ নিবেদন না করিয়া তিনি স্বয়ং কিছুই আহার করিতেন না। প্রশ্বর ভৃষ্ণা দারা গো দোহনের স্থায় অধর্ম দারা পৃথিবী দোহন করিতেন না।

২০ ৷ কখনও তিনি পাপাদিরূপ কলির স্থি করিতেন

না। (সকল সময়েই) ঐশ্বর্যাহেতু গর্বব করিতেন না। ধর্ম্মের জন্ম শাস্ত্র দ্বারা বৃদ্ধি পূর্ণ করিতেন, কিন্তু কীর্ত্তির জন্ম নহে।

২১। তিনি কোন ক্রুরকার্য্য দারা ক্লেশের যোগ্য ব্যক্তিকেও কখনও ক্লেশ দিতেন না। আর্য্যভাব-প্রযুক্ত শক্ররও গুণ থাকিলে তাহাতে তিনি দেয় করিতেন না।

২২। চন্দ্র যেমন নিজ মূর্ত্তির শোভায় সকলের দৃষ্টি আকর্ষণ করে, সেইরূপ তিনি শরীর-শোভায় প্রজাগণের দৃষ্টি আকর্ষণ করিতেন। সর্পের বিষম বিষের স্থায় পরস্ব স্পর্শ করিতেন না।

২৩। তদীয় রাজ্যে কাহারও দারা ক্ষতিগ্রস্ত হইয়া কেহ হীন হইয়া পড়িত না। তাঁহার হস্তন্থিত কাম্মুক আর্ত্তগণের অভয় বিধান করিত।

২৪। কেহ তাঁহার নিকট অপরাধ করিয়াও প্রিয়বাক্যে প্রণত হইলে তাহাকে তিনি দর্পণের স্থায় নির্মাণ দৃষ্টি ও কোমল বাক্যে আশস্ত করিতেন।

২৫। তিনি বিষয়ের আসক্তি পরিত্যাগ করিয়া বহু বিষ্ণা অভ্যাস করিয়াছিলেন। এবং সত্যযুগের ধর্ম্মে বর্ত্তমান থাকিয়া অতিকক্টেও ধর্ম্ম হইতে বিচ্যুত হইতেন না।

২৬। বিনি গুণরাশি ও মিত্রসম্পদে নিত্য বৃদ্ধিপ্রাপ্ত হইতেন ; বৃদ্ধগণের আমুগত্য করিতেন এবং বিগর্হিত আচার অবশ্বদন করিতেন না।

- ২৭। (ভিনি) শরসমূহ থারা শত্রুর উপশম করিতেন, গুণ থারা বন্ধুগণকে প্রীত করিতেন, দোষ করিলেও ভৃত্যগণকে ভাড়াইতেন না, প্রকাগণকে করগ্রহণে পীড়ন করিতেন না।
- ২৮। পালন এবং বীরত্ব দারা নিখিল পৃথিবীতে বীজ বপন করাইতেন; এবং স্পষ্ট দগুনীতি দারা চৌর প্রভৃতি নিশাচরদিগকে উচ্ছেদ করিতেন।
- ২৯। (তিনি) রাজর্ষি-আচার দ্বারা কুলে যশ স্থাপন করিয়াছিলেন। তেজঃপুঞ্জে আদিত্য যেমন অন্ধকার নাশ করে সেইরূপ (তিনি) শক্র নাশ করিয়াছিলেন।
- ৩০। (তিনি) সৎপুত্রোচিত গুণ দারা পিতৃপুরুষগণের খ্যাতি সম্পাদন করিয়াছিলেন। মেঘ যেমন জল দান করিয়া প্রজাবৃন্দকে আহলাদিত করে, সেইরূপ তিনি চারিত্র দারা প্রজাগণকে আহলাদিত করিয়াছিলেন।
- ৩১। (তিনি) অজস্র বিপুল দান করিয়া বিপ্রগণ **ধারা** সোমবাগ করাইতেন। রাজধর্ম্মনিষ্ঠতা হেতু তিনি সময়কে অর্থ-প্রস্ব করাইতেন।
- ৩২। সংশয়শৃত্য রাজা কাহাকেও অধ্রুত্রকং। বলাইতেন না। সম্রাট্-সদৃশ শুদ্ধোদন ধর্ম্মের জন্ম পরকে উৎসাহিত করিতেন।
- ৩৩। (তিনি) তাঁহার সৈশ্যগণ দার। কখনও অশ্য রাজ্য ধবংস করিতেন না। উভ্তম সহকারে ভৃত্যগণ দারা শত্রুর দর্প (মাত্র) বিনাশ করাইতেন। (অর্থাৎ শত্রু নরপতিকে যুদ্ধে

পরাজিত করিতেন, কিন্তু সেখানকার প্রজাগণকে উৎপীড়িত করিয়া অর্থ লুগুনাদি করিতেন না)।

৩৪। (তিনি) নিজগুণরাশির দীপ্তিতে কুল উজ্জ্বল করিতেন। সর্বব ধর্ম্ম যথাযথ ব্যবস্থিত থাকায় প্রজাগণকে শোধন করিতে হইত না।

৩৫। যাগপ্রবণ রাজা যথাকালে অশ্রাস্তভাবে যজ্ঞভূমির পরিমাণ করিতেন, (অর্থাৎ যজ্ঞভূমি মাপাইয়া যজ্ঞক্রিয়া নিপ্সন্ন করিতেন)। যথাযোগ্য পালন হেতু বিজগণ নিরুদ্বিগ্ন থাকায় ব্রহ্মসাক্ষাৎকারে আমুকুল্য করিতেন।

৩৬। (তিনি) গুরুগণ দ্বারা যথাকালে যথাবিধানে সোমরস পরিমাণ করাইয়া লইতেন। তপ ও তেজে শত্রুসৈশ্য-গণকে লঘু করিয়া দিতেন।

৩৭। পরমধর্মবিৎ রাজা প্রজাগণের সূক্ষমধর্ম স্থাপন করিতেন; ধর্মজ্জতা হেতু যথাকালে স্বর্গভোগ উৎপাদন করিতেন।

৬৮। অর্থকট্ট হইলেও স্পট্ট অধার্ম্মিককে প্রতিষ্ঠিত করিতেন না। (অর্থাৎ আপৎকালেও অধার্ম্মিক কর্মাচারী কর্ত্ত্ব প্রজাপীড়ন করিয়া অর্থ সংগ্রহ করিতেন না)। প্রিয় বলিয়াই অনুরাগহেতু অশক্তকে বর্দ্ধিত করিতেন না (অর্থাৎ তাঁহার প্রিয়পাত্রকেও তাহার বিভাবৃদ্ধির অনুপযুক্ত উচ্চপদে নিযুক্ত করিতেন না)।

৩৯। (তিনি) নিজ শারীরিক ও মানদিক বলে দৃগু

রিপুগণকে দশ্ধ করিতেন, প্রদীপ্ত কীর্ত্তিপ্রভায় সমস্ত পৃথিবীকে দীপ্ত করিতেন।

- ৪০। রাজা ক্রুরতাশৃশ্ম হওয়ায় সর্বদা অর্থীকে দান করিতেন কিন্তু কীর্ত্তির জন্ম নহে। পরম উৎকৃষ্ট দ্রব্য দান করিয়াও তাহার প্রখ্যাপন করিতেন না।
- ৪১। তাঁহার নিকটে শক্রও শরণাগত অবস্থায় থাকিলে তাহাকে তিনি ত্যাগ করিতেন না। অতি উদ্দৃপ্ত শক্রকে জয় করিয়াও বিশ্বয়ে অভিভূত হইতেন না (বা গর্কব করিতেন না)।
- ৪২। (তিনি) কোনও কামনা, ভয়, বা দ্বেষবশতঃ কাহারও মর্য্যাদা নফ্ট করিতেন না। প্রচুর ভোগ্য বস্তু থাকিলেও ইন্দ্রিয়-পরায়ণতা অবলম্বন করিতেন না।
- ৪৩। তিনি কখনও কোথাও কোনও কার্য্যকে চুচ্চর বলিয়া মনে করিতেন না। অপ্রিয় ও প্রিয় এই উভয় ব্যক্তির কার্য্য সম্পাদন করিতে যাইয়া তিনি কখনও নিন্দা প্রাপ্ত হইতেন না।
- 88। তিনি কল্পসূত্রোক্ত নিয়মামুসারে সোমরস পান করিতেন এবং যশ রক্ষা করিতেন। সর্ববদা যেমন বেদ পাঠ করিতেন তেমন বেদোক্ত ধর্ম্ম মানিয়া চলিতেন।
- ৪৫। এইরূপ স্থলভ-গুণরাজি-ভূষিত শাক্যরাজ শুদ্ধোদন অসুগত বীর সামস্তরাজগণে যুক্ত থাকিয়া ইন্দ্রের স্থায় প্রতীত হইতেন।

- ৪৬। এমন সময়ে ধর্ম্মকামী দেবগণ জগতের ধর্মাচরণ দেখিবার জন্ম চারিদিকে বিচরণ করিতে লাগিলেন।
- ৪৭। ধর্মাত্মা দেবগণ ধর্ম জানিবার জন্ম জগতে বিচরণ করিতে করিতে সবিশেষ-ধর্মাত্মা সেই রাজাকে দেখিতে পাইলেন।
- ৪৮। পরে "তুষিভ" নামধেয়-স্বর্গ-নিবাসী দেবগণের নিকট হইতে বোধিসন্থ জগতে জন্মগ্রহণ করিতে উন্তত হইয়া উক্ত মহারাজের (শুদ্ধোদনের) কুলেই উপপত্তি প্রাণিধান করিলেন, অর্থাৎ জন্মগ্রহণ করিতে কুতসংকল্প হইলেন।
- ৪৯। সেই রাজা শুদ্ধোদনের মহিবী মায়া। **তাঁহার** ক্রোধরূপ তমঃ ছিল না। তাঁহাকে সকলে স্বর্গস্থিত দেবতা মায়ার স্থায় মনে করিত।
- ৫০। একদা মায়াদেবী নিদ্রিভাবস্থায় স্বপ্নে দেখিতে পাই-লেন যেন ঐরাবতের স্থায় তেজস্বী একটী ষড়্দস্ত খেত হস্তী ভাঁহার গর্ভে প্রবেশ করিতেছে।
- ৫১। স্বপ্নবিৎ দ্বিজগণ সেই স্বপ্নের কথা শুনিয়া বলিলেন যে - - ক্রী-ক্রীর্ত্তি-ও-ধর্ম্ম-সম্পন্ন একটী উত্তম কুমার জন্মগ্রহণ করিবে।
- ৫২। সেই মহাপ্রাণ জন্মক্ষরকামী (মুমুকু) কুমারের জন্মকালে পৃথিবী অচলা হইলেও তরঙ্গাভিহত নৌকার স্থায় চঞ্চলা হইয়া উঠিল।
 - ২। চতুর্থ দেবলোকের নাম তুষিত

- ৫৩। সূর্য্যরশ্মির সহিত আকাশ হইতে পুষ্পার্টি হইতে লাগিল। মনে হইতে লাগিল থেন দিগ্গজের করবিক্ষেপে স্বর্গোডান হইতে পুষ্পার্টি হইডেছে।
- ৫৪ । স্বর্গে তুন্দুভি বাজিয়া উঠিল। তাহাতে মনে হইল বেন তথায় দেবগণ আনন্দ করিতেছেন। সূর্য্যের দীপ্তি বাড়িয়া উঠিল। মঙ্গলময় প্রন প্রবাহিত হইল।
- ৫৫। সদ্ধর্ম্মের প্রতি সম্মান এবং প্রাণীদিগের প্রতি অমু-কম্পাহেতু "তুষিত" ও "শুদ্ধাবাস" 'দেবগণ তুই ইইয়াছিলেন।
- ৫৬। কল্যাণ যেন যশের সহিত মিলিত ছইল। শাস্ত লক্ষ্মীর সহিত মিলিত হইয়া শরীরধারী ধর্ম্ম যেন শোভা পাইতে লাগিল।
- ৫৭। অরণিতে যেমন অগ্নি উৎপন্ন হয় সেইরূপ ছোট রাণীর গর্ভেও বংশের আনন্দপ্রদ নন্দ নামক পুত্র জন্মগ্রহণ করিলেন।
- ৫৮। যাঁহার বাহুযুগল স্থার্থ, বক্ষঃম্বল প্রাশস্ত, অংস্বয় সিংহের স্থায়, ঈক্ষণযুগল ব্যভের স্থায় এবং যিনি শরীরের সৌন্দর্য্য হেতু নামের সহিত "স্থন্দর" এই উপাধি প্রাপ্ত হইলেন।
 - ৫৯। সেই নন্দ উত্তম শ্রীযুক্ত হওয়ায় মনে হইড বেন
- ১। গুদ্ধাবাস = গুদ্ধাবাস; শব্দের অর্থ পৰিত্র বাসস্থান। বৌদ্ধান্ত্রে পাঁচ প্রকার গুদ্ধাবাস আছে। Childers সাহেবের Pali Dictionary দেখুন।

বসস্ত ঋতু আবিভূতি হইয়াছে বা নব চন্দ্রমা সমূদিত হহয়াছে কিংবা অনক্ষ কামদেব বুঝি শরীর পরিগ্রহ করিয়াছেন।

- ৬০। সভ্জনের হস্তে যদি মহান্ অর্থরাশি পতিত হয় সেই অর্থ যেমন ধর্মা ও কাম এই উভয়ের বর্দ্ধন করিয়া থাক্ষে সেইক্লপ রাজা অভ্যন্ত হর্ষের সহিত ঐ পুত্রম্বয়ের বৃদ্ধি সাধন করিতে লাগিলেন।
- ৬১। কালক্রমে গুরুকার্য্যকারী আর্য্যের ধর্ম্ম এবং অর্থ বেমন উন্নতির হেতু হইয়া থাকে সেইরূপ ভয়াপহ তাঁহার পুত্রম্বর উন্নতির জন্ম বৃদ্ধিপ্রাপ্ত হইলেন।
- ৬২। হিমবান্ এবং (বিশ্ব্যপর্বতের একদেশ) পারিপাত্র পর্বতের মধ্যে "মধ্যদেশ" বেরূপ শোভা পায় সেইরূপ শাক্যরাজ শুদ্ধোদন সাধু পুক্রম্বয়ের মধ্যে শোভা পাইতে লাগিলেন।
- ৬৩। পরে ক্রমে উভয় পুত্র যখন সংস্কারসম্পন্ন এবং কৃতবিদ্ব হইলেন তখন নন্দ অজতা বিষয়ভোগে আসক্ত হইলেন, কিন্তু সর্ববার্থসিদ্ধ তাহাতে অত্যন্ত আসক্ত হইলেন না।
- ৬৪। তিনি বৃদ্ধ আতুর ও মৃত ব্যক্তি দর্শন করিয়া আর্ত্তহদয়ে জগৎকে অভ্যন্ত অজ্ঞ বিবেচনা করিয়া অপরিমের
- ১। পালি বৌদ্ধ শাস্ত্রে ইহাকে মঝ্মিম দেশ বলিয়া লিখিত আছে। বৌদ্দিগের নিকট এই দেশ খুব পবিত্র, কারণ এই দেশে ভগবান বৃদ্দেব বাস করিয়াছিলেন কিংবা সর্বাদা আসিতেন। Childers' Pali Dictionary. (p. 233)

জন্মসূত্যু ভয় দূর করিবার জন্ম ইচ্ছু হইয়া নিঃশঙ্কে বিষয়বাসনা পরিত্যাগ করিলেন।

৬৫। কলহংস বেমন নলিনরাশি দলিত করিয়া সরোবর হইতে অক্টত্র চলিয়া যায় সেইরূপ সর্ববার্থসিদ্ধ জরামরণাদিভয়ে মোক্ষে চিত্তবৃত্তি নিহত করিয়া বনে গমন করিতে কৃতসঙ্কর হইয়া যে গৃহে তদীয় বরাজনা শয়ন করিয়াছিলেন সেই রাজগৃহ হইতে রাত্রিকালে বহির্গত হইয়া গেলেন।

সৌন্দরনন্দ কাব্যে দ্বিতীয় সর্গ সমাপ্ত

তৃতীয় সর্গ তথাগত[,] বর্ণন

১। অনস্তর সর্বার্থসিদ্ধ অশ্ব-গজ-রৎসমূহযুক্ত ভয়শৃশ্য অমুরক্তজনপূর্ণ শ্রীসমন্বিত কপিলবাস্ত নগর পরিত্যাগ করিয়া দৃঢ়চিত্তে তপস্থার জন্ম বনে গমন করিলেন।

১। Childers সাহেবের মতে 'তথাগত' শব্দের অর্থ 'জীব'। এই भक्य वृद्धानवरक अ वृक्षात्र। তিনি বলেন যে 'তথাগত' भक्षी **প্রথমে জীব** অর্থে ব্যবস্থত হইত, পরে বৃদ্ধ অর্থে ব্যবস্থত ইহয়াছিল। আমাদের মতে ইহার অর্থ 'যে ব্যক্তি যথার্থ পথে ভ্রমণ করিয়াছেন'। বুদ্ধদেব স্থায়পথে ভ্ৰমণ করিয়াছিলেন বলিয়া তাঁহাকে 'তথাগত' বলা হয়। বৌদ্ধ-সাহিত্যে প্রারই আমরা 'তথাগত' শব্দের বাবহার পাই এবং এই 'তথাগত' শব্দের অর্থ বৃদ্ধ, কিন্তু স্থানে স্থানে তথাগত শব্দের অর্থ 'ঞীব', উদাহরণ স্বব্ধপ আমরা মঝ্মিম নিকায়ের অন্তর্গত চুল্ল মালুক পুওস্থততে "হোডি তথাপতোপরম্বরণা, ন হোতি তথাগতো পরম্বরণা এই বাকার উল্লেখ করিতে পারি। পূর্ব বৃদ্ধগণ ধেমন আগত হইয়াছেন বা হইয়াছেন, গৌতম বৃদ্ধও সেইরূপ আগত বা গত হইয়াছেন, সেই**জন্ত** তাঁহাকে তথাগত বলা হয়। পূর্ব বৃদ্ধগণ বেমন আর্ব্য অষ্টাঙ্গিক মার্গে গমন করিয়া বৃদ্ধ লাভ করিয়াছিলেন, ইনিও সেইরপ সেই মার্গে গমন করিয়া বৃদ্ধত্ব লাভ করিয়াছেন ; এইজ্ঞাও জাঁহাকে 'তথাগভ' বলা হর। ইহার বিশেষ ব্যাখ্যার জন্ম বুদ্ধখোষ প্রণীত স্থমকল বিলাসিনীর कृषिका (मथून।

- ২। বিবিধশান্ত্রজ্ঞানসম্পন্ন তপস্থায় নির্দ্মল, বিবিধনিয়ম-পরায়ণ বিষয়বাসনাশৃত্য মুনিগণকে দর্শন করিয়া এই অবস্থা অনবস্থিত অজ্ঞান এই বুঝিয়া নিবৃত্ত হইলেন।
- ৩। পরে মোক্ষবাদী অরাড় ওএবং উপশমে কৃতনিশ্চয় উদ্দ্রককে ও জ্বজ্ঞানের জন্ম আশ্রয় করিয়া ইহাও উৎকৃষ্ট পথ নহে এই বুঝিয়া পরিত্যাগ করিলেন, কারণ তিনি প্রকৃত পথ বুঝিতে পারিতেন।
- ৪। তিনি শান্ত্রসমূহের মধ্যে কোন্ শান্ত্র উৎকৃষ্ট ইহা নিশ্চয়প্রসঙ্গে বিচারপূর্বক নিশ্চয় করিতে না পারিয়া অস্তে কেবল ছন্কর তপস্তাই করিতে লাগিলেন।
- ৫। অনস্তর ইহাও প্রকৃত সংমার্গ নহে ইহা বুঝিয়া উৎকট তপস্থাও পরিত্যাগ করিলেন। ব্যাধির বিষয় বুঝিয়া অমৃতত্ব লাভের (মোক্ষলাভের) জন্ম নরের ভোগ্য অন্ন ভোজন করিলেন।
- ৬। স্বর্ণদণ্ডের স্থায় বাছযুগসম্পন্ন ব্যভগতি বিশালনেত্র সর্ববার্থসিদ্ধ এই বিষয়ে নিশ্চয় করিবার জন্ম প্লক্ষ-ভরুর তলে আশ্রয় লইলেন।
- ১-২। রাজা বিশিষারকে ত্যাপ করিয়া বোধিসন্থ অরাড় এবং উদ্দ্রকের নিকট প্রমন করিয়াছিলেন। উদ্দ্রক রামের পূত্র। অরাড় এবং উদ্দ্রক ইহারা ছইজন হুগুসিত্ব দার্শনিক।

- ৭। সেইস্থানে পর্বতরাক্ষ হিমাচলের স্থায় স্থির দৃঢ় থৈষ্যযুক্ত নিপুণবুদ্ধি সর্ববার্থসিদ্ধ প্রবল মার-বল জয় করিয়াছিলেন। এবং শিবময় অহার্য্য অব্যয় পদ জানিয়াছিলেন।
- ৮। পরে মুক্তাত্মা দেবভাগণ তাঁহাকে কৃতকার্য্য দেখিয়া অত্যন্ত হর্ব লাভ করিলেন। বিরুদ্ধ মার-সম্প্রদায় ভাহাতে কুরু হইল।
- ৯। পর্বতের সহিত পৃথিবী চঞ্চলা হইল। মঞ্চলময় পবন প্রবাহিত হইল। দেবজুন্দুভি বাজিয়া উঠিল। মেঘশৃষ্ট আকাশ বর্ষণ করিল।
- ১০। প্রভূ লোকের প্রতি দয়াবশতঃ অজর পরমার্থবিষয়ে জ্ঞান লাভ করিয়া নিত্য অমৃত উপদেশ দানের জন্ম 'বরণসা-'পরিবেম্বিত পুরীতে (বারাণসী) গমন করিলেন।
- ১১। পরে জগতের হিতের জন্ম ঋষি সর্বার্থসিদ্ধ ধর্মচক্র লোকসম্প্রদায়ের সমক্ষে চালাইয়া দিলেন। ঐ ধর্মচক্রের মধ্যরস্কু ঋত বা সত্য, ধৃতি মতি ও সমাধি তাহার নেমি, বিনয় ও নীতি অর বা চক্রমধ্যন্তিত শলাকা।
- ১২-১৩। ইহা ড়:খ এবং ইহা হইতে ড়:খ প্রবৃত্ত হইতেছে অর্থাৎ ইহা ড়:খের কারণ, ইহা শান্তি এবং ইহা শান্তির উপায়—এই চারিটী ' বিভাগক্রামে জ্ঞাতব্য বস্তু এবং অভুলনীয়
- ১। এই চারিটী শার্যা সভ্য বলিয়া বৌদ্ধ-সাহিত্যে বিখ্যাত। সমগ্র বৌদ্ধ ধর্ম্মের ভিন্তি এই চারিটী আর্থ্য সভ্যের উপর স্থাপিত। Childer's Pali Dictionary p. 56. দেখুন।

ব্দনিবর্ত্তনীয়, শ্রেষ্ঠ ত্রিপরিবর্ত্তের কথা ও "দ্বাদশনিয়তবিকল্প" বিষয় ব্যাখ্যা করিয়া সর্ব্বপ্রথমে কৌশুনগোত্রীয়কে" শিক্ষা দিলেন।

- ১৪। তিনি অগাধ দোষসাগর স্বয়ং উত্তীর্ণ হইয়াছিলেন এবং অপর লোককেও উত্তীর্ণ করিয়াছিলেন, যে দোষসাগরের কল প্রতারণা, মনোব্যথা, জলজন্তু, ক্রোধ, মন্ততা, ও ভয় তরঙ্গ।
- ১৫। তিনি কাশী, গয়া ও গিরিব্রজে (রাজগৃহে) লোক-দিগকে শিক্ষা দিয়া পরমকরুণাতৎপরতাহেতু অনুগ্রহ-কামনায় পৈতৃক নগরেও (কপিলবাস্ততেও) গমন করিয়াছিলেন।
- ১৬। সূর্য্য যেমন অন্ধকার বিনাশ করেন সেইরূপ বিবিধ-মার্গে গভিশীল বিষয়াসক্ত ব্যক্তিগণের অজ্ঞান সূর্য্যের স্থায় ভেক্ষস্বী গৌভম সর্বার্ধসিদ্ধ নফ্ট করিয়াছিলেন।
- ১৭। সর্ববশুভা শ্রায় ও পূর্ববপরিচিত কপিলবাস্ততে আসিয়া সর্ববার্থসিদ্ধ নিস্পৃহতা হেতু সাধারণ বন যেরূপ মনে করিভেন
 - ১। অনিত্য, চঃখ, অনাত্মন—ত্রিলক্ষণ।
- ২। প্রতিভাসমুপ্তাদ—ইহার বিশেষ ব্যাথার জন্ত Kern সাহেবের Manual of Indian Buddhism (p. 47.) দেখুন। Vide Childer's Pali Dictionary, Spence Hardy's Manual of Buddhism, pp. 183, 406, Visuddhimagga, Vol. II. chap. 17.
- ৩। পঞ্চবর্গীয় ভিক্সুগণ, বথা, অজ্ঞাতকগুণা, ভদ্দির, অন্সন্ধি, মহানাম এবং বন্ধ। Vide Vinaya, Texts (S. B. E.) Pt. I. p. 90.

অভিস্কার উপবনগুলিকেও সেইরূপ ভাবিতে লাগিলেন (উহা অধিক আসক্তির বস্তু মনে করিলেন না)।

১৮। স্বদেশে স্বঞ্জন হইয়াও সংবতমতি আত্মাধীশর বৃদ্ধদেব অনেকবিধ ভয়জনক প্রিয়বস্তুরও প্রতিগ্রহ করেন নাই।

১৯। কেই পূজা করিলে ভিনি হর্ষান্বিভ হইতেন না, বা কেই অবজ্ঞা করিলে তুঃখিত হইতেন না। অসি ও চন্দন এবং স্থুখ ও তুঃখে দৃঢ়চিত্ত সর্বার্থসিদ্ধের বিকার ছিল না।

২০। পরে রাজা যখন জানিলেন যে তদীয় পুত্র তথাগত (বুদ্ধ) নগরে আসিয়াছেন, তখন অল্লমাত্র অশ্ব সমভিব্যাহারে পুত্র-দর্শন-কামনায় সম্বর গমন করিলেন।

২১। স্থগত রাজা শুদ্ধোদনকে সেই প্রকারে আগত দেখিয়া এবং অধীরতাবশতঃ অবশিষ্ট জনসমূহকে সাশ্রুনেত্র দেখিয়া তাহাদের শিক্ষা দিবার জন্ম গগনে উত্থিত হইলেন।

২২। তিনি পৃথিবীর স্থায় আকাশেও বিচরণ করিতে লাগিলেন। উপবেশন করিলেন, আবার দাঁড়াইলেন, দৃঢ়চিস্ত সর্ববার্থসিদ্ধ তথায় শয়ন করিতে বাসনা করিলেন এবং একবার বছরূপ ধারণ করিলেন, আবার পূর্ববৎ একরূপ হইলেন।

২০। (তিনি) ক্ষিতির স্থায় সলিলে বিচরণ করিতে লাগিলেন, জলের স্থায় পৃথিবীর মধ্যে প্রবেশ করিলেন, মেঘের স্থায় আকাশে বর্ষ। করিতে লাগিলেন, আবার উজ্জ্বল হইয়া সূর্য্যের স্থায় আকাশে দৃষ্টিগোচর হইলেন।

২৪। একই সময়ে অগ্নির স্থায় প্রজ্বলিত হইয়া এবং মেখের

স্থায় জল বর্ষা করিয়া তপ্ত কাঞ্চনের স্থায় প্রভায় সন্ধ্যাপ্রদীপ্ত মেঘের স্থায় দীপ্তি পাইতে লাগিলেন।

২৫। রাজা স্বর্ণ ও মণিজাল-পরিবেপ্টিত ধ্বজের স্থায় তাঁহাকে দর্শন করিয়া অতুল প্রীতি লাভ করিলেন এবং জনসমূহ নত হইয়া তাঁহার প্রতি সম্মান দেখাইল।

২৬। পরে রাজা ও পৌরজনকে ঋদ্ধি-সম্পদের পাত্র দেখিয়া তৎফলে তাঁহাদিগকে সেই বিনায়ক ধর্ম্ম ও বিনয় উপদেশ দিতে লাগিলেন।

২৭। পরে নৃপতি প্রথমে মোক্ষ ও ধর্মবিষয়ে সিদ্ধ ব্যক্তির ফল লাভ করিলেন; সর্ব্বার্থসিদ্ধ মুনির নিকট অভুল ধর্ম্ম শিক্ষা করিয়া প্রবত হইয়া গুরুর স্থায় তাঁহাকে নমস্কার করিলেন।

২৮। পরে ব্রষগণ বেমন অনল-ভয়ে ছুটিয়া পলায় সেইরূপ জরা-মরণার্ত্তি-ভয়ে ভীত হইয়া নির্ম্মলচিত্ত রুতী শাক্যবংশীয় ব্যক্তিগণ প্রব্রজ্যা গ্রহণ করিলেন।

২৯। বাহারা পুত্র পিতা ও মাতার দিকে চাহিয়া গৃহ পরিত্যাগ করিতে পারিল না তাহারাও একাঞ্রচিত্তে মরণকাল পর্যাস্ত নিয়মবিধি রক্ষা করিতে লাগিল।

৩০। বাহার জীবহত্যাই জীবিকা এমন ব্যক্তিও অল্পমাত্র-প্রাণীর হিংসা করিত না। বিপুলগুণসম্পন্ন সৎকুলজাত সদর ব্যক্তি বে তদীয় উপাসনায় অনুরাগী থাকিয়া প্রাণীর হিংসা করিত না এ বিষয়ে জার অধিক কি ?

- ৩১। প্রচুরউন্তমশীল ব্যক্তি ধনহীন ও পর-পরিভবে অসহিষ্ণু হইরাও অশ্য বিভব অপহরণ করিত না, অন্যের বিভবকে ভুজজের ক্যার স্পর্শ করিতে ভয় পাইত।
- ৩২। লোক ধনী তরুপ এবং বিষয়ে চঞ্চলেন্দ্রিয় হইয়াও পরদার গমন করিত না, পরবনিভাকে অগ্রির স্থায় মনে করিত।
- ৩৩। কেই মিথ্যা কথা বলিত না, সত্য হইলেও অপ্রিয় কথা বলিত না, কোমল এমন অহিত কথা কহিত না, পৈশুন্মশূন্য এইরূপ হিতকর কথা বলিত।
- ৩৪। লোভী হইয়াও পরধনে কখন কেহ মানসিক লোভ করিও না। সজ্জন ব্যক্তি কামস্থকে অস্থ বিবেচনা করিয়া তদ্বিয়ে তৃপ্তবং থাকিতেন।
 - ৩৫। কোনও লোক সদয়তা হেতু পরের বিনাশের কথা মনেও স্থান দিত না। তথায় লোকসমূহ পরস্পর পরস্পরকে মাতা পিতা পুক্ত ও বন্ধুর তুলা মনে করিত।
 - ৩৬। কর্ম্মকল পূর্বেও হইয়াছে, এখনও হইতেছে এবং ভবিষ্যতে পরকালেও হইবে, লোকের গতি নিশ্চিত আছে— এইরূপ সাধু দৃষ্টি উৎপন্ন হইয়াছিল।
 - ৩৭। গুণশৃত্য অপকৃষ্ট এই কলিকালেও মূনি সর্বার্থসিছের আশ্রায়ে লোক উৎকৃষ্ট দশবিধ কর্ম্ম দারা উক্তরূপে বিহার করিত।

- ৩৮। ঐ-সকল গুণ থাকায় কেহই সাংসারিক উপপত্তির সুখ কামনা করিত না। সমস্ত সংসারকে অমক্ষলকর জানিয়া মোক্ষের জন্ম সকলে চেষ্টা করিত,—জন্মের জন্ম নহে।
- ৩৯। পরমপরিশুদ্ধদৃষ্টি বহু সংশয়হীন গৃহস্থ 'কেন' এই কথা জিজ্ঞাসা না করিয়া সেই স্রোতেই গা ভাসাইয়া দিয়াছিলেন। (সম্বগুণ বিস্তারের দ্বারা) অপার রজোগুণের ক্ষীণতা সম্পাদন করিয়াছিলেন।
- 8°। যে ব্যক্তি বিভব সদৃশ বিষম বিষয়ে বর্ত্তমান ছিল সে ব্যক্তিও ত্যাগ বিনয় ও নিয়মে রত থাকিত, সৎপথ হইতে বিচলিত হইত না।
- 8)। নিজ হইতে, পর হইতে বা দৈব হইতে কোনও রূপ ভীতি উপস্থিত হইত না। সভ্যযুগে রাজা মনুর অধিকারে যেমন স্থুও স্থৃভিক্ষগুণে প্রজাগণের হর্ষ অব্যাহত থাকিত ভথায়ও সেইরূপ ছিল।
- ৪২। মোক্ষোপদেশার্থ বীতরাগ মহর্ষি তথায় মঙ্গলার্থ বর্ত্তমান থাকায় সেই কপিলবাস্ত্তনগর কুরু রঘু ও পুরুর নগরের স্থায় আনন্দিত নিরাময় ও আপৎশৃশ্য হইয়াছিল।

সৌন্দরনন্দ কাব্যে ভৃতীয় সর্গ সমাপ্ত

চতুর্থ দর্গ

ভার্য্যাযাচিতক

ন্ত্ৰীর নিকট প্রার্থনা

- ১। কপিলবাস্ত নগরে ভগবান্ বৃদ্ধদেব ধর্ম্মোপদেশ প্রদান করিতে লাগিলেন। তাঁহার জ্ঞাতিগণ (তাঁহার উপদিষ্ট) ধর্ম্মের প্রতি সমাদর প্রদর্শন করিতে লাগিলেন। কিন্তু নন্দ কামের বশীভূত হইয়া প্রিয়ার সহিত প্রাসাদেই বিহার করিতে লাগিলেন।
- ২। চক্রবাক যেরূপ চক্রবাকীর সহিত মিলিত হয় সেইরূপ প্রিয়ার উপযুক্ত নন্দ প্রিয়ার সহিত মিলিত হইয়া শ্রমণ কিংবা ইন্দ্র কাহারও বিষয় চিন্তা করিতেন না। যেন এইরূপ অবস্থার জন্মই তিনি পূর্বের ধর্ম্মাচরণ করিয়াছেন।
- ৩। (নন্দপ্রিয়ার) তিনটী নাম ছিল। রূপ ও সৌন্দর্যোর
 জন্ম তাঁহার নাম ছিল স্থন্দরী। ঔদ্ধত্য ও গর্ব্ব ছিল বলিয়া
 লোকে তাঁহার নাম রাখিয়াছিল মানিনী। দীপ্তি ও মানের
 জন্ম লোকে তাঁহাকে ভামিনী বলিত।
- ৪। হাস্থ-রূপ হংস, নেত্র-রূপ ভ্রমর ও পীনস্তন-রূপ উয়ভ পল্ল ছারা অলংকৃতা সেই ফুল্দরী-রূপ পল্লিনী নন্দ-রূপ সূর্য্যের স্বগৃহে উদয়ে অত্যস্ত শোভাযুক্তা হইয়াছিলেন।

- ৫। সেই সময়ে পৃথিবীতে অত্যন্ত মনোহর রূপ ও রূপের অনুরূপ কার্যা বারা 'ফুন্দরী' স্ত্রীগণের মধ্যে প্রধানা, ও 'নন্দ' পুরুষ-গণের মধ্যে প্রধান ছিলেন।
- ৬। বিধাতা যেন নন্দনচারিণী দেবতার স্থায় নন্দপ্রিয়া ও বংশের আনন্দবর্দ্ধন নন্দকে মানবদিগের উপরে ও দেবতা-দিগের নীচে (অর্থাৎ মানব ও দেবের মধ্যস্থলে) স্পষ্টি করিয়াছিলেন।
- ৭। স্থন্দরী যদি নন্দকে অথবা নন্দ যদি ট্রসেই নতজ্র স্থন্দরীকে লাভ (বিবাহ) না করিতেন তাহা হইলে চম্দ্রহীন রাত্রি এবং রাত্রিহীন চম্দ্রের তুল্য সেই প্রণয়ি-যুগল শোভা পাইতেন না।
- ৮। কন্দর্প ও রভির লক্ষ্যভূত, প্রমোদ ও আনন্দের আবাসম্থল, হর্ষ ও ভূপ্তির পাত্র সেই মদান্ধ প্রণয়িষুগল পরস্পর পরস্পারের সহিত ক্রীড়া করিতেন।
- ৯। সেই প্রণয়িযুগলের নয়ন পরস্পরকে দেখিবার জন্য তৎপর থাকিত। তাহাদের চিত্ত পরস্পর কথা বলিবার জন্য উৎস্ক থাকিত। পরস্পর আলিঙ্গন ছারা একের অঞ্চরাগ অন্যের অঙ্গে লাগিত। তাঁহারা একজন অন্যের (মন) হরণ করিলেন।
 - ১০। পর্বত-নির্মরন্থ ভাবামুরক্ত কিন্নর-কিন্নরীর স্থায় উভয়ে সৌন্দর্য্যে পরস্পরকে তিরস্কৃত করিয়া ক্রীড়া করিতেন ও শোভিত হইতেন।

- ১১। তাঁহারা পরস্পরের অনুরাগ বর্দ্ধন করিয়া পরস্পর ক্রীড়া করিতেন। ক্রান্তি অবসানে পুনরায় আকাজ্জা-বলে বিলাসের সহিত পরস্পর পরস্পরকে প্রমন্ত করিতেন।
- ১২। প্রিয়াকে সেবা করিবার ইচ্ছা করিয়াই নন্দ তাঁহাকে ভূষিত করিতেন, শুদ্ধি সম্পাদনের জন্ম নহে। নিজের রূপের দারা বিভূষিত হইয়াই নন্দ্রপ্রিয়া অলঙ্করণেরও অলঙ্কার ছিলেন।
- ১৩। স্থন্দরী নন্দের হস্তে একখানি দর্পণ দিয়া বলিলেন— যভক্ষণ পর্যান্ত আমি (মৃগনাভি চন্দনাদি ছারা) বদন বিচিত্র না করি ততক্ষণ এই দর্পণখানি আমার সম্মূখে ধারণ কর। নন্দও সেইখানি ধারণ করিয়াছিলেন।
- ১৪। তখন ভর্তার শাশ্র নিরূপণ করিতে করিতে স্থন্দরী নিজের মুখে সেইরূপ শাশ্র চিত্রিত করিতে লাগিলেন। নন্দ নিখাসবায়ু ঘারা দর্পণখানিকে দোষযুক্ত করিয়া তাঁহার চেষ্টা বার্থ করিয়াছিলেন।
- ১৫। স্থন্দরী নন্দের স্থললিত শঠতা দেখিয়া মনে মনে হাসিলেন। কিন্তু বাহ্যতঃ রুফ্ট রইয়া তাঁহাকে কুটিল জ্রকুটী প্রদর্শন করিলেন।
- ১৬। মদে অলস বাম হস্ত দারা স্থন্দরী নন্দের ক্ষক্ষে কর্নোৎপল নিক্ষেপ করিলেন। অর্দ্ধনিমীলিতনয়ন নন্দের মুখপ্রাদেশে সেই পত্রাঙ্গুলি কম্পিত করিলেন।
 - ১৭। তখন নন্দ ভয়ে প্রিয়ার চঞ্চলনূপুরপীড়িত নখপ্রভা

ষারা অধিকতর শোভিত অঙ্গুলিযুক্ত ও নলিনোপমে চরণে নত হইলেন।

- ১৮। পুষ্পভারহেতু বায়ু মারা স্থবর্ণ বেদীতে নত নাগ-বৃক্ষের স্থায় প্রিয়ার প্রিয়কারী নন্দ পুষ্পশোভিত মস্তক নত করিয়া শোভা পাইলেন।
- ১৯। তখন স্থন্দরী তাঁহাকে তুই হাতে জড়াইয়া উঠাইলেন। তাঁহার হারষপ্তি স্তনের উপর লুন্তিত হইতে লাগিল। তাঁহার কুণ্ডল বক্রভাবে তুলিতে লাগিল। তিনি হাসিয়া বলিলেন— "কেমন হইয়াছে ?"
- ২০। তারপর দর্পণধারী পতির মুখে বারংবার দৃষ্টিপাত করিয়া স্থন্দরী তমালপত্রার্দ্রতল গগুন্থলে 'বিশেষক' রচনা করিলেন।
- ২১। তখন তাঁহার তমালপত্রযুক্ত রক্তিমাধরোষ্ঠ চিকুরায়-তাক্ষ মুখমগুল রক্তবর্ণ, ভ্রমরযুক্ত, সশৈবল পল্পের স্থায় শোভা পাইতেছিল।
- ২২। নন্দ তখন প্রসাধনক্রিয়ার সাক্ষিভূভ দর্পণ সাদরে ধারণ করিয়া বিশেষক দর্শনের জন্ম বক্রদৃষ্টিতে প্রিয়ার স্থন্দর মুখের দিকে দৃষ্টিপাত করিলেন।
- ২৩। তাঁহার কুণ্ডল দারা বিশেষকের প্রাস্তদেশ লুপ্ত ছইতেছিল। কারণ্ডব (হংস)-ক্লিফ্ট অরবিন্দের স্থায় তাঁহার সেই মুখের দিকে চাহিতে চাহিতে নন্দ পুনর্বার প্রিয়ার আনন্দ-বর্দ্ধন করিতেছিলেন।

- ২৪। বিমানকল্প সপ্ততলগৃহের মধ্যে নন্দ এইরূপে আনন্দ করিতেছিলেন। এদিকে ভিক্ষাকালে তথাগত সেই গৃহে ভিক্ষার জন্ম প্রবেশ করিলেন।
- ২৫। তিনি ভাতার গৃহেও অপর গৃহের মত অধামুখ এবং প্রণয়বিহীন হইয়াই রহিলেন। অনস্তর ভৃত্যগণের অনবধানে ভিক্ষা না পাইয়াই সেই গৃহ হইতে ফিরিয়া গেলেন।
- ২৬। দাসীগণের মধ্যে কেন্ত কেন্ত অন্তরিলেপন পেষণ করিতেছিল; কেন্ত বস্ত্র গন্ধযুক্ত করিতেছিল; কেন্ত বা স্নানের আয়োজন করিতেছিল; কেন্ত বা স্থান্ধি পুষ্পমাল্য রচনা করিতেছিল।
- ২৭। সেই গৃহে গৃহস্বামীর ক্রীড়ানুরপ শোভনকার্য্য-কারিণী যুবতী দাসীগণ সেইজন্ম বৃদ্ধকে দেখিতে পায় নাই। অথবা বৃদ্ধেরই ঐরপ ইচ্ছা ছিল।
- ২৮। কোনও যুবতী সেই প্রাসাদের গবাক্ষ দিয়া চাহিয়াছিল। সে মেঘমধ্য হইতে সূর্য্যের স্থায় বহির্গমনরত স্থাতকে দেখিল।
- ২৯। সে গৃহস্বামীর গৌরব ও নিজের ভক্তি ও অর্হতের অর্চনা হেতু নন্দের নিকট বলিবার জন্ম উপস্থিত হইল। নন্দের আজ্ঞা পাইয়া তাহা বলিল।
- ৩০। ভগবান্ অনুগ্রহ করিয়া আমাদের গৃহে প্রবেশ করিয়াছিলেন। ভিক্লা, বাক্য অথবা আসন না পাইয়া শৃষ্ঠ

অরণ্য হইতে যেরূপ ফিরিয়া যান সেরূপ আমাদের গৃহ হইতে ফিরিয়া যাইতেছেন।

- ৩১। মহর্ষির গৃহাগমন এবং সৎকার না পাইয়া গমনের
 কথা শুনিয়া অনিলকম্পিত কল্পজমের ভূলা বিচিত্র-আভরণবসন-ও-মাল্যধারী তিনি কম্পিত হইলেন।
- ৩২। তৎপরে মস্তকে পদাসদৃশ অঞ্জলি ধারণ করিয়া ভার্য্যার নিকট গমন প্রার্থন। করিয়া বলিলেন—আমি শুরুকে প্রণাম করিতে যাইব। আমাকে অনুগ্রহপূর্কক অনুমতি দাও।
- ৩৩। বাতসঞ্চলিত লতার ন্যায় কাঁপিতে কাঁপিতে শালবৃক্ষ সদৃশ তাঁহাকে সুন্দরী আলিস্ন করিলেন। অশ্বস্থাত-নেত্রে চাহিয়া থাকিয়া দীর্ঘনিঃশ্বাস পরিত্যাগ করিয়া বলিলেনঃ—
- ৩৪। তুমি গুরুকে দেখিতে ইচ্ছা করিয়াছ। আমি তোমার ধর্মপীড়া করিতে পারি না। আর্য্যপুত্র, তুমি যাও; কিন্তু বিশেষক শুক্ত হইবার পূর্কেই শীঘ্র ফিরিয়া আসিবে।
- ৩৫। তুমি যদি বিলম্ব কর তোমার প্রতি ভীষণ দশুবিধান করিব। শয়িত ভোমাকে পুনঃ পুনঃ কুচযুগল দ্বারা বিবোধিত করিব কিন্তু চালিত করিব না।
- ৩৬। কিন্তু যদি বিশেষক শুক্ষ হইবার পূর্বেই ফিরিয়া আইস তাহা হইলে আর্দ্রবিলেপনযুক্ত ভূষণবিহীন হস্তদ্বয় দ্বারা ডোমাকে আলিঙ্কন করিব।

৩৭। স্থন্দরী কর্তৃক মধুরকঠে এরপ কথিত ও নিপীড়িত হইয়া নন্দ বলিলেন—হে চণ্ডি, তাহাই হইবে। গুরুর দূরে গমনের পূর্বেব আমাকে ছাড়িয়া দাও।

১৮। তখন স্থলরী যে ভুজ দারা স্তনে চন্দন লেপন করিয়াছেন সেই হস্তের বন্ধন হইতে (স্বামীকে) মুক্ত করিলেন; কিন্তু মন হইতে মুক্ত করিলেন না। নন্দ তখন বিলাশ-বেশ ত্যাগ করিয়া তৎকাল-যোগ্য বেশ ধারণ করিলেন।

৩৯। (স্থ-দরী) গমনরত স্বামীকে ধ্যানশৃশু নিশ্চল নয়নে ধ্যান করিতে লাগিলেন—ভ্রান্তমুখী মৃগী যেরূপ উন্নত কর্ণে তৃণ-গ্রহণ ত্যাগ করিয়া ভ্রান্ত মৃগকে ধ্যান করে।

৪০। নন্দও মুনিকে দেখিবার জ্বন্ম ব্যগ্র হইয়া তাঁহার দিকে চাহিতে চাহিতে সহর গমন করিতে লাগিলেন—করী যেরূপ বিলাসশীল করেণুর প্রতি দৃষ্টিপাত করিতে করিতে চলিয়া যায়।

৪১। এক হস্ত দারা জলপান করিয়া লোক যেরূপ তৃপ্ত হয় না, নন্দও সেরূপ পর্বতের উজ্জ্বল গুহার মত কুশোদরী পীনস্তনী পীনোর স্থুন্দরীর প্রতি তির্য্য লোচনে দৃষ্টিপাত করিয়া তৃপ্ত হন নাই।

৪২। একদিকে বুদ্ধের প্রতি ভক্তি তাঁহাকে আকর্ষণ করিতেছিল, অপর দিকে ভার্য্যার প্রতি অমুরাগও তাঁহাকে আকর্ষণ করিতে লাগিল। কিছুই স্থির করিতে না পারিয়া নদীতরঙ্গে সম্ভরণশীল রাজহংসের স্থায় নন্দ গ্মনও করিতে পারিলেন না, সেখানে অবস্থানও করিতে পারিলেন না।

- ৪০। একবার স্থলরীর দৃষ্টিবহিভূতি ইইয়া নন্দ সেই প্রাসাদ হইতে তাড়াতাড়ি অবতরণ করিলেন। পুনরায় নূপুর-শব্দ শুনিতে পাইয়া হৃদয়ে গৃহীত হইয়া বিলম্ব করিতে লাগিলেন।
- 98। (নন্দ) কামরাগে রুদ্ধগতি ও ধর্মরাগে আরু ই হইয়া স্রোতের বিপরীত দিকে গমনশীল নৌকার মত অতি কন্টে অগ্রসর হইতে লাগিলেন।
- ২৫। গুরু চলিয়া না যান এবং আর্দ্রবিশেষকা বিশেষকপ্রিয় প্রিয়াকে আলিঙ্গন করিতে হইবে এই ভাবিয়া নন্দ দীর্ঘতম পদক্ষেপে চলিতে আরম্ভ করিলেন।
- ৪৬। অনন্তর নন্দ পথে সম্মাথ সম্মানত্যাগী, পিতৃনগরেও অভিমানশূত্য, বিলম্বকারী, অনুগমনকালে ইক্রথজে সদৃশ পুজনীয়, দশবলযুক্ত' বুদ্ধকে দেখিতে পাইলেন।

সৌন্দরনন্দ কাব্যে চতুর্থ সর্গ সমাপ্ত।

)। বৃদ্ধদেবের দশটা বল ছিল বলিয়া ভাষাকে দশবলযুক্ত বলা হয়। এই দশটা বল সম্বন্ধে বিশেষ আলোচনা করিতে হইলে Kern সাহেবের Manual of Indian Buddhism (p. 62) দেখা উচিত। বল প্রেয় অর্থ শক্তি। Kern সাহেনের মতেও বল শন্তের অর্থ force or power'। সংযুক্ত নিকামের অর্থকথা সারখপকাসিনী দেখুন।

দশবলযুক্ত বৃদ্ধ ভগবান বৃদ্ধদেবকে দশবলযুক্ত বলা হয়, কারণ তাহার দশটী বল ভিল:---

- (১) ঠানঞ্চ ঠানতো অঠানঞ্জ ঠানতো জাননং (হেতু বা অহেতু সম্বন্ধে জ্ঞান)
- (২) অতীতামুগত পচ্চুপরানং কল্ম সমাদানানং ঠানসো হেতুমো ্যথাভূত জাননং (অতাত, ভবিষাৎ এবং বর্তমান সম্বন্ধে জ্ঞান)
- প্রতিপ্রকাষি
 নির্বাহন
 পরি
 নির্বাহন
 নির্বাহন
 পরি
 নির্বাহন
 নির্বাহন
 নির্বাহন
 পরি
 নির্বাহন
 নির্বাহন
- (৪) অনেক ধাতু নানা ধাতু লোক জাননং (বিভিন্ন শভারের (প্রকৃতির) লোকজাননং)
- পরস্থানং নানাধ্যুত্তিকথা জাননং
 (অপর প্রাণিগণের নানাপ্রকার অভিপ্রার)
- (৬) তেসংয়েব ইন্দ্রিয় পরোপরিবন্তি জ্ঞাননং (পর প্রাণিগণের ইন্দ্রিয় সম্বন্ধে জ্ঞান)
- (৭) ঝানবিমোকথ সমাধি সমাপত্তিনং সংকিলেসবোদানবুঠান জাননং (ধ্যান বিমোক সমাধি এবং সমাপত্তির মল পরিস্থান্ধি এবং তাহা হইতে উত্থান সম্বন্ধে জ্ঞান)
- (৮) পৃক্তেনিবাস জাননং (পূৰ্ব্ব জন্ম স্মরণক্ষমতা)
- (৯) সন্তানং চুত্ৰপাত জাননং (প্ৰাণিগণের জন্ম এবং মৃত্যু সম্বন্ধে জ্ঞান)
- (১০) আসবক্ষয় জাননং

[Vinaya-Atthakatha, Papancasudani, Sinhalese Edition, p. 279.]

পঞ্চম সূর্গ

নন্দ প্রব্রাজন

- ১। অনস্তর নিজ নিজ সমৃদ্ধি অমুসারে সজ্জিত শাক্য-বংশীয়গণ অশ্ব রথ ও হস্তী হইতে অবতরণ করিয়া মহামুনি বুদ্ধের প্রতি ভক্তিভরে প্রণাম করিল, এবং বিশাল বিপণি হইতে বণিক্গণ তাঁহাকে প্রণতি করিল।
- ২। কেহ বা প্রণাম করিয়া কিছুকাল অমুগমন করিল:
 কেহ বা প্রণাম করিয়া কার্য্যবশে চলিয়া গেল। কেহ বা
 হাত জোড় করিয়া তদীয় দর্শনে আগ্রহান্বিতভাবে নিজ
 বাসস্থানে অবস্থিতি করিয়াছিল।
- ৩। বৃদ্ধদেব সেই রাজপথে জনগণ কর্তৃক স্তুত হইয়া
 বর্ষাকালীন নদীর স্রোতের স্থায় প্রবল ভক্তিমান্ জনশ্রেণীয়
 মধ্যে অতি কপ্তে প্রবেশ করিতেছিলেন।
- ৪। অনস্তর পথে মিলিত জনসমূহ কর্ত্ব পৃজিত তথা-গতের নিকটে (অত্যন্ত জনতা বশতঃ) যাইতে না পারিয়। নন্দ তাঁহাকে নমস্কার করিতে পারিলেন না। কিন্তু গুরুর সেই মহিমায় তিনি সম্ভুষ্ট হইলেন।
- ৫। বৃদ্ধদেব পথে জনসঙ্গ বর্জনের জন্ম এবং অন্তমতি ব্যক্তির ভক্তি রক্ষা করিবার জন্ম ও গৃহাসক্ত নন্দকে আকর্ষণ করিবার জন্ম অপর পথ অবলম্বন করিলেন।

- ৬। পরে সন্মার্গবিৎ বিশুদ্ধচিত্ত (বুদ্ধ) নির্জ্জন পথে চলিতে লাগিলেন। এবং নন্দ অগ্রসর হইয়া শ্রেষ্ঠ ও ত্যক্ত-সকলানন্দ তাহাকে প্রণাম করিলেন।
- ৭ নন্দ ধীর গতিতে যাইতে যাইতে গললগ্নীকৃতবাস ও কৃতাঞ্চলি হইয়া অর্দ্ধকায় নত করিয়া উদ্ধানেত্রে বৃদ্ধকে গদ্গদ-ভাবে ইহা বলিতে লাগিলেন:—
- ৮। আমি প্রাসাদে থাকিয়া শুনিতে গাইলাম ভগবান অন্বগ্রহ দেখাইবার জন্ম আমার আলয়ে প্রবেশ করিয়াছিলেন। অতএব আমি গৃহের প্রকোষ্ঠের প্রতি দ্বেষবশতঃ আপনার সমীপে সহর উপনীত হইয়াছি।
- ৯। অতএব হে সাধুপ্রিয় ভিক্স্প্রেষ্ঠ, আমার সস্তোষের জন্ম আপনি তথায় (আমার গৃহে) ভিক্ষা গ্রহণ করুন। ঐ দেখুন, স্থাদেব নভোমগুলের মধ্যভাগে যাইতে উন্নত হইয়া মধ্যাক্রকাল বুঝাইতেছেন।
- ১০। পরে মেহভরে তাঁহার প্রতি দৃষ্টিপাত করিয়া প্রণয়সহকারে যখন নন্দ বুদ্ধদেবকে ঐ কথা বলিলেন, তখন বুদ্ধদেব এমন একটা নিমিপ্ত উৎপাদন করিলেন যাহাতে আহারের বিবয়ে নন্দের জ্ঞান না হয়।
- ১১। তারপর নন্দ বৃদ্ধদেবকে প্রণাম করিয়া গৃহ প্রত্যা-বর্ত্তন করিতে মনস্থ করিলেন। পদ্মপলাশনেত্র ভগবান বৃদ্ধ তাহার প্রতি অমুগ্রহ করিবার জন্ম তাহাকে পাত্র প্রদান করিলেন।

- ১২। নন্দ সংযতভাবে পদ্মতুল্য চাপগ্রহণসমর্থ করদ্বরে জগতে ফলপ্রদ অপ্রতিম সংপাত্র বুদ্ধের সেই পাত্রটী গ্রহণ করিলেন।
- ১৫। যথন নন্দ বৃঝিলেন বৃদ্ধদেব ফিরিয়া অক্সমনস্কৃতা ধারণ করিয়াছেন, তাঁচার দিকে আর বৃদ্ধদেবের বিশেষ লক্ষ্য নাই, পাত্রটী হস্তে করিয়াই মুনির দিকে দেখিতে দেখিতে পথ হইতে গুতে গমনের জন্ম অপসূত্র ইলেন।
- ১৪। পাত্র হয়ে করিয়াই যথন নন্দ ভার্যার প্রতি অন্তরাগ হেতু গৃহে যাইবার ইচ্ছা করিতেছিলেন, তথন মুনি বুদ্ধ ভাহার পথ আবরণ করিয়া ভাঁহাকে মোহিত করিলেন।
- ১৫। মুনি তাঁহার (নন্দের) মৃত্ জ্ঞান, তীব্র-ক্লেশরজঃ ও ক্লেশাকুল বিষয় সকল দেখিয়া এবং তাঁহাতে মোক্ষের বীজ নিহিত আছে দেখিয়া তাঁহাকে আকর্ষণ করিলেন।
- ১৬। তিনি দেখিলেন যে দিবিধ সংক্রেশ পক্ষ ও দিবিধ অবদান পক্ষ (সংকার্যা)। যাহার তর্কশক্তি প্রবল তাহার পক্ষে আত্মাশ্রয় ও যাহার বিশ্বাস অধিক তাহার পক্ষে বাফ্রাশ্রয় (পরের আশ্রয় গ্রহণ করা কর্ত্ব্যা)।
- ১৭। যাহার হেতৃবল অধিক তাহাকে একটু উদ্বোধ করিয়া দিলেই অনায়াসে তাহার মুক্তি হয়; কিন্তু পরের পরিচালিত (অর্থাৎ স্বীয় বিবেক যাহার তেমন প্রবল নহে) তাহারা পরকে আশ্রয় করিয়া অতি প্রযম্বে মুক্তিলাভ করে।

- ১৮। নন্দ পরের প্রত্যয়ে প্রত্যয়বান বলিয়া যখন যাহা আশ্রয় করিতেন তখনই তাহাতে তন্ময়তা প্রাপ্ত হইতেন; এইজন্ম মুনি ভাঁহার প্রতি স্নেহ হেতু উদ্দারের ইচ্ছায় যত্ন করিতে লাগিলেন।
- ১৯। নন্দ অগত্যা জুঃখসহকারে গুরুর (জ্যেষ্ঠপ্রতার)
 অনুগমন করিলেন। কিন্তু ভার্য্যার চঞ্চলনেত্রশোভিত
 আর্দ্রিলকবিরাজিত মুখখানি তাঁহার মনে হইতে লাগিল।
- ২০। পরে মুনি বৃদ্ধ বসস্তমাসের স্থায় মাল্যশোভিত নন্দকে জীবিহারে বাধা দিয়া জ্ঞানের ভূমি বৃদ্ধবিহারে লইয়া গেলেন।
- ১১। অতি দয়াশীল বৃদ্ধদেব তাঁচার (নন্দের) দীনতা
 দর্শনে সদয় হইয়া চক্রচিহ্নিত করতল দারা তদীয় মস্তক
 স্পূর্শ করিয়া বলিতে লাগিলেনঃ—
- ২২। হে সৌমা, যতক্ষণ হিংশ্রস্থভাব কৃতান্ত আসিয়া উপস্থিত না হয়, ততক্ষণ শম বিষয়ে মনোযোগী হও। মৃত্যু সকল অবস্থাতেই সকলকে বিনাশ করিয়া থাকে।
- ২৩। সাধারণ কামসুখ স্বপ্নের তুল্য অসার, তাহা হইতে চঞ্চল চিত্ত সংযত কর। বায়্বীজিত অনল যেমন মৃতে শাস্তি প্রাপ্ত হয় না, সেইরূপ কাম্যবস্তু দ্বারা লোকের কখনও তৃপ্তি হয় না।
- ২৪। সমস্ত ধন অপেক্ষা শ্রদ্ধাই উত্তম ধন, সমস্ত রস অপেক্ষা প্রস্তাই উৎকৃষ্ট তৃপ্তিকর, সকল সুখ অপেকা

মধ্যাত্ম সুখই প্রধান, সমস্ত রতি অপেক্ষা অবিভারতিই তঃখদায়ক।

- ২৫। সকল বন্ধু অপেকা হিতবাক্যবাদী জনই উত্তম বন্ধু, সকল শ্রম অপেকা ধর্মের জন্ম শ্রমই উত্তম, প্রিয়াগণ অপেকা ধর্মকার্য্য প্রশস্ত। ইন্দ্রিয়ের দাসত্ব অবলম্বনে ফল কি ?
- ২৬। অতএব ভয়-ক্লেশ-ও শোক-শৃন্য, স্বায়ত্ত, পরের বারা আহার্য্য, নিশ্চিত, নিত্য, শিবময় শান্তিসুথ বরণ কর। অনর্থপূর্ণ ইন্দ্রিয়ভোগা বিষয়ে আসক্ত হইয়া ফল কি ?
- ২৭। জগতে জরার তুল্য আর অশুদ্ধি নাই, ব্যাধির তুল্য লোকের আর অনর্থ নাই, মৃত্যুর তুল্য আর পৃথিবাতে ভয় নাই। যে ব্যক্তি ইন্দ্রিয়ের বশীভূত অসংযমী তাহাকে এই তিন্টী ভোগ করিতে হয়।
- ২৮। স্নেহের তুল্য বন্ধন নাই, তৃঞ্চার মত আর আকর্ষণকারী স্নোত নাই, বাসনাগ্নির স্থায় আর অগ্নি নাই। এই তিন্টী যদি তোমার না থাকে তবেই তোমার সুখ হইবে।
- ২৯। প্রিয়জনের সহিত অবশ্য বিয়োগ হইবে, এবং সেইজন্ম ভোমাকেও শোক ভোগ করিতে হইবে। শোকবশতঃ উদান্তদশা লাভ করিয়া রাজ্যি ও অশ্য ব্যক্তি সকলেই বিচলিত হইয়াছেন জানা যায়।

- ০০। অতএব তুমি বিবেকবর্ম পরিধান কর, তাহা হইলে সংযমী তোমার শরীরে শোকবাণ প্রবেশ করিতে পারিবে না। এই সংসাররূপ মহৎ শুক্তৃণ দগ্ধ করিবার জন্ম (অর্থাৎ মুক্তির জন্ম:) আত্মভেজঃরূপ অল্প অগ্নি প্রজ্ঞানিত করিয়া তোল।
- ৩১। যেমন বিষ নিবারণের ঔষধ হাতে থাকিলে বিষ-বৈছাকে ভূজক দংশন করে না, সেইরূপ মোহশূভা ব্যক্তিকে শোকরূপ ভূজকম কখনও দংশন করে না।
- ৩২। যেমন কোনও বীর বাক্তি বর্দ্ম পরিধান করিয়া কাম্মুকি ও অপর অস্থ্র লইয়া শত্রুজয়ের ইচ্ছায় যুদ্ধে অবতীর্ণ হইলে তাহার কোনও ভয় থাকে না, সেইরূপ যে ব্যক্তি যোগ অবলম্বন করিয়া তত্বজ্ঞানী হয় মৃত্যুকালে তাহার আর ভয় থাকে না।
- ৩৩। সর্বভূতে দ্যাবান্ বৃদ্ধদেব নন্দকে এই-সকল কথা বলিলেন। নন্দ হৃদ্য়ে অবসন্ন হইয়াও মৌখিক উৎসাহ দেখাইয়া "হা ভাহাই" বলিয়া ধীকার করিয়া লইলেন।
- ৩৪। পরে মৈত্রাস্থরাগী মহবি াদ্ধ প্রমাদ হইতে নন্দকে উদ্ধার করিবার ইচ্ছায় তাঁহাকে শাস্ত্রোপদেশের যোগ্য মনে করিয়া বলিলেন, হে আনন্দ, ইহাকে প্রব্রুড়া গ্রহণ করাও।
- ৩৫। নন্দ একথা গুনিয়া যখন মনে মনে রোদন করিতেছেন এমন সময়ে বৈদেহমূনি বলিলেন, আগমন

কর। কিন্তু নন্দ ধীর গতিতে তাঁহার নিকট যাইয়া বলিলেন, আমি প্রভাগ গ্রহণ করিব না।

৩৬। বৈদেহমুনি নন্দের অভিপ্রায় শুনিয়া বুদ্ধের নিকট নিবেদন করিলেন। বুদ্ধদেব তাঁহার নিকট হইতে নন্দের ভাব জানিয়া পুনব্বার নন্দকে বলিতে লাগিলেনঃ—

৩৭। তে সংযদিন, আনি তোনার অগ্রজ: আমি
প্রবজা গ্রহণ করিবাছি এবং আনার অনুগামী হইয়া
ভাতৃগণ ও অপরাপর জ্ঞাতিগণ প্রবজ্ঞা গ্রহণ করিয়াছে।
গৃহস্তগণ সংযন অবলম্বন করিয়াছে। ইহা দেখিয়াও তোমার
চিত্তে জ্ঞানের উদ্রেক হইতেছে না। তোমার কি হৃদয় নাই ?

৩৮। যে পূর্ববর্তী রাজ্যিগণ হাসিতে হাসিতে ভোগ-লালস। দূরে বর্জন করিয়া শান্তি কামনায় বন আশ্রয় করিয়াছেন, ঈদৃশ নিকৃষ্ট বিষয় ভোগে আসক্ত হন নাই, ভাঁহাদের কথা কি তুমি জান না গ

৩৯। মুম্যু ব্যক্তি যেমন উপদ্ৰবযুক্ত স্থান ত্যাগ করিতে চাহে না, সেইরূপ গৃহস্থাবাসে পুনঃ পুনঃ দোব দেখিয়া এবং ত্যাগেব শুভ আলোচনা করিয়াও তুমি গৃহত্যাগ করিতে চাহিতেছ না।

৪০। সার্থভ্রষ্ট বণিকের স্থায় তুমি সংসাররূপ কাস্তারে আসক্ত থাকায় কেন মঙ্গলময় পথে আরোহণ করিতে চাহিতেছ না ? আমি তোমাকে সেইপথে তুলিয়া দিতেছি, ভথাপি তুমি তাহা হইতে ভ্রষ্ট হইতেছ।

নন্দপ্রবাজন

- ৪১। সমস্ত গৃহ যখন দগ্ধ হইতে থাকে তথন মূর্থতা-বশতঃ গৃহ পরিত্যাগ না করিয়া তথায় শয়ান ব্যক্তির স্থায়, অজ্ঞ ব্যাক্তিই ব্যাধি ও জরারূপ শিখাযুক্ত কালাগ্নি দারা জগৎ জ্বলিতে থাকিলে তাহা পরিত্যাগ করে না।
- ৪২। যেমন কোনও মত্ত ব্যক্তিকে বধের জন্ম বধ্যভূমিতে লইয়া গেলে সেই ব্যক্তি হাস্ম ও প্রলাপ করে, সেইরূপ পাশ হস্তে কৃতান্ত দ্থায়মান আছে বলিয়া বিপরীতবৃদ্ধি অনবহিত ব্যক্তি শোচ্য অবস্থা প্রাপ্ত হয়।
- ৪৩। যখন রাজা বা গৃহস্থ সকলেই বন্ধু দারা প্রভৃতি পরিত্যাগ করিয়া গমন করিয়াছে, করিবে ও করিতেছে, তখন আর অনিত্য প্রিয় বস্তুর প্রতি অনুরাগ কেন ?
- 88। যেখানে অনুরাগের বিষয় কিছুই দেখিতেছি না, সেখানে অন্য ভাব অর্থাৎ বিরাগ হইলে ছঃখ হয় না। অতএব অনুরাগ কোথায়ও উপযুক্ত নহে (উচিত নহে)। যদি তাহা করিতে সমর্থ হও তাহা হইলে সেই দ্রানের অভাবে শোক হইবে না।
- ৪৫। হে সৌম্য, যদি তোমার ত্বংগজাল উচ্ছেদ করিবার ইচ্ছা থাকে, তবে জগৎ নশ্বর, এবং ঐক্রজালিক মায়ার স্থায় চিত্তকে মিথ্যা বস্তুর উপদেশকে নিশ্চয় করিয়া প্রিয়া-নামক মোহজাল পরিত্যাগ কর।
- ৪৬। যে ভোজ্য বস্তু আপাততঃ অনিষ্টকর হইয়াও ভবিষ্যুতে শুভফল দান করে তাহা, আপাততঃ স্বাহ্ হইয়াও

ভবিশ্বতে অহিত উৎপাদন করে এরূপ ভোজ্য দ্রব্য অপেক্ষা উত্তম। এইজন্মই আমি আপাততঃ তোমার অপ্রিয় হইলেও মঙ্গলময় পবিত্র পথে তোমাকে নিযুক্ত করিতেছি।

- ৪৭। বালকের ধাত্রী যেমন লোট্র গ্রহণ করিয়া আত্মপুট-প্রবিষ্ট লোট্র উদ্ধার করে, সেইরূপ আমি তোমার মঙ্গলের জন্ম অনুরাগ-শল্য উদ্ধার করিতে ইচ্ছা করিয়া তোমাকে কর্কশ কথা বলিতেছি।
- ৪৮। বৈছা যেমন রোগাতুর ব্যক্তিকে কণ্ট দিরাও তদীয় অনভিল্যিত কটু ঔষধ দান করে, সেইরূপ আমি ভবিষ্যতে শুভপ্রদ আপাতপ্রতিক্ল এই বাক্য তোমার প্রতি অনুগ্রহ করিয়া বলিয়াছি।
- ৪৯। অতএব সময় থাকিতে, মৃত্যু যতক্ষণ আসিয়া না পড়ে, যতক্ষণ যোগকার্য্যে বয়সের যোগ্যতা থাকে, ততক্ষণের মধ্যে নিজ শ্রেয় বিষয়ে বৃদ্ধি যুক্ত কর।
- ৫০। হিতৈযী পরম কারুণিক বিনায়ক এই কথা ব**লিলে** নন্দ বলিলেন, ভগবন্, আমি তোমার আজ্ঞাক্রমে সমস্ত কার্য্য সম্পাদন করিব।
- ৫১। পরে বৈদেহমুনি তাঁহাকে গ্রহণ করিয়া আলিঙ্গন করিলেন এবং অশ্রুপূর্ণনয়নে সেই (নন্দের) ছত্রতুল্য মস্তকের কেশশোভা অপসারিত করিলেন [মস্তক মুগুন করিয়া দিলেন]।

- ৫২। পরে তাঁহার মস্তক মৃণ্ডিত হইয়া গেলে তাঁহার মুখে রোদন-শব্দ এবং বাষ্পরাশি দেখা দিল; তখন তাঁহার মুখখানি বক্রনালযুক্ত ব্যাজ্ঞলক্লিয় তড়াগন্থিত পদ্মের স্থায় দেখা যাইতেছিল।
- •৫৩। অনস্তর নন্দ পবিত্র কাষায় বস্ত্র ধারণ করিলেন, কিন্তু নবগৃহীত হস্তীর স্থায় তাঁহার সচিস্তভাব উপস্থিত হুইল। কাষায়-বস্ত্র-শোভায় তাঁহাকে কৃষ্ণপক্ষের রাত্রির অবসানে বালাতপরঞ্জিত পূর্ণচক্ষের স্থায় দেখা যাইতেছিল।

সৌন্দরনন্দ কাব্যে পঞ্চম সর্গ সমাপ্ত

ষষ্ঠ সৰ্গ

ভার্য্যাবিলাপ

- ১। পতি বৃদ্ধভক্তি দারা হত হইল। প্রীতি (কোথায়) চলিয়া গেল। মন খারাপ হইল। তখন সেই প্রাসাদোপরি থাকিয়াও সেই স্থান্দরী আর শোভা পাইলেন না।
- ২। তিনি পতির আগমন প্রতীক্ষা করিয়া গবাক্দেশ পয়োধর-যুগল দারা আক্রমণ করিয়া দারের দিকে উন্মুখ হইয়া বক্রীকৃতকুগুল-মুখে হর্ম্যতল হইতে নত হইয়া দেখিতে লাগিলেন।
- ০। তাঁহার হার ছলিতে লাগিল। তাঁহার যোর্জুক কাঁপিতে লাগিল। তিনি সেই সপ্তভূমিক প্রাসাদ হইতে অবনত হইয়া শোভা পাইতে লাগিলেন। দেখা যাইতে লাগিল যেন কোন শ্রেষ্ঠা অপ্সরা আকাশ হইতে ভ্রষ্ট প্রিয়ের দিকে দৃষ্টিপাত করিতেছে।
- ৪। স্বামীকে অক্যাসক্ত আশস্কা করিয়া তাঁহার ললাট-প্রদেশ স্বেদযুক্ত হইল, দীর্ঘনিঃশাস দ্বারা বিশেষক শুদ্ধ চইল। তাঁহার অক্মিযুগল চিম্নায় নিশ্চল হইল।
- ৫। অনেকক্ষণ এরপ ভাবে অবস্থান করায় সুন্দরী পরি শ্রান্ত ইইয়া পর্যায়োপরি পতিত ইইয়া বক্রভাবে শয়ন

করিলেন। তাঁহার হার ছড়াইয়া পড়িল। পাত্নকা পদবদ্ধ 'ছিল, পাদদেশের অর্দ্ধ (শয্যা হইতে) বিলম্বিত হইতেছিল।

- ৬। অনস্তর কোনও রমণী অশ্রুপূর্ণনয়না ছঃখিতা তাঁহাকে দেখিতে ইচ্ছা না করিয়া সহসা কাঁদিতে কাঁদিছে পাদদেশ দারা প্রাসাদের সোপানতলে শব্দ করিল।
- ৭। সুন্দরী তাহার সোপানতল-শব্দ শুনিয়াই তাড়াতাড়ি উঠিয়া পড়িলেন; প্রিয়ের আগমন আশব্বা করিয়া প্রীতিযুক্ত হইয়া হর্ষ প্রকাশ করিলেন।
- ৮। স্থন্দরী বলভীপুটস্ত পারাবতদিগকে নৃপুরশব্দে আসিত করিয়া আনন্দে ভ্রষ্ট বসনের দিকে লক্ষ্য না করিয়াই সোপানপুত্ে অগ্রসর হইলেন।
- । সেই রমণীকে তথায় দেখিয়া আশায় বঞ্চিত হইয়া
 দীর্ঘনিঃশ্বাস গ্রহণ পূর্বক (ভিনি) পুনরায় শয়ায় শয়ন
 করিলেন। শীতকালের আগমনে আকাশে চক্র য়েমন বিবর্ণ
 হইয়া শোভা পায় না, ভাঁহার মুখও সেইরপ বিবর্ণ হইয়া
 শোভাবিহীন হইল।
- ১০। তিনি ভর্তার অদর্শনে ছঃখিতা, কাম ও কোপে দহামানা হস্ততলে মুখ হাস্ত করিয়া উপবেশন পূর্বক শোকরূপ-জল-বিশিষ্ট চিস্তারূপ নদী পার হইলেন (শোকে চিম্তা করিতে লাগিলেন)।
 - ১১। পল্লবরাগবৎ তাম্রবর্ণ হস্তোপরি ম্বস্ত তাঁহার পদ্ম-

সদৃশ মুখমগুল জলস্থিত ছায়াময় পদ্মের উপরে নত অক্য পদ্মের আয় দেখাইতেছিল।

- ১২। স্থন্দরী স্ত্রীস্বভাববশতঃ অন্তর্বক্ত অভিমুখ এবং ধর্মাশ্রিত পতির বিষয়ে নানারূপ চিন্তা করিয়া বাস্তব বিষয় না জানিয়া সেই সেই বিষয় কল্পনা করিয়া বিলাপ করিতে লাগিলেন।
- ১০। বিশেষক শুক্ষ হইবার পূর্বেই আসিব এরূপ প্রতিজ্ঞা করিয়া কি হেতু দয়িতপ্রতিজ্ঞ আমার প্রিয় আজ মিথ্যাপ্রতিজ্ঞ হইলে?
- ১৪। তুমি আর্য্য, তুমি সাধ্প্রকৃতি, তোমার হাদয় করুণায় পূর্ণ, তুমি আমাকে সর্বাদা ভয় করিতে, তুমি অতিশয় দক্ষিণ, নিজের অনুরাগবিহীনতা গেতু অথবা আমার দোষে তোমার এই অভূতপূর্বে বিকার কোথা হইতে আসিল। ●
- ১৫। রতিপ্রিয় প্রিয়বর্তী আমার প্রিয়ের ক্লদয় নিশ্চয়ই বিরক্ত হইয়াছে। যদি তাহার অনুরাগই থাকিত তাহা হইলে আমার চিত্তরক্ষী আমার প্রিয় কখনও না আসিয়া থাকিতে পারিত না।
- ১৬। অথবা রূপ-ও-ভাব-বিশিষ্টা অপর কোনও রমণী দৃষ্ট হইয়াছে কি ? সেই জন্মই কি সে মিথ্যা সাস্ত্রনা দিয়া সতী অনুরক্তা আমাকে পরিত্যাগ করিয়া চলিয়া গিয়াছে ?
- ১৭। বুদ্ধের প্রতি যে ভক্তির কথা বলিয়াছিল তাহা বোধ হয় গমন করিবার ছল মাত্র। যদি মুনির প্রতি তাহার

ভক্তিই থাকিত তাহা হইলে উগ্র মৃহ্যুর পরেই সে তাহাকে ভয় করিত।

- ১৮। বিভূষণরত আমার পত্রাবলী রচনা করিবার জন্য অন্যাচিত্তে আদর্শ ধারণ করিয়া, সে যদি অন্য কোনও রমণীর আদর্শ ধারণ করে তবে সেই চঞ্চল বন্ধুত্বকে নমস্কার।
- ১৯। যে সকল স্ত্রীলোক এইরূপ শোক পাইতে ইচ্ছা করে না, তাহারা যেন আমার মত পুরুষদিগকে বিশ্বাস করে না। কোথায় আমার প্রতি তাহার সেই পূর্ব্ব অন্তরাগ, আর কোথায়ই বা সাধারণের মত মুহুর্ত্ত মধ্যে এরূপ পরিত্যাগ।
- ২০। প্রিয়বিপ্রযুক্তা স্বন্দরী প্রিয়ে অন্যরূপ আশঙ্কা করিয়া এইরূপ বলিতে লাগিলেন। সেই রমণী ভয়ে ভয়ে সেই গৃহে প্রবেশ করিয়া সাক্ষনয়নে বলিতে লাগিল :—
- ২১। যুবা, প্রিয়দর্শন, সৌভাগ্য-ভাগ্য এবং কৌলিম্যযুক্ত হইয়াও যে প্রিয় তোমাকে কখনও অনাদর করে নাই, কেন তুমি কাতর হইয়া তাহাকে অম্বরূপ আশঙ্কা করিতেছ।
- ২২। স্বামিনি, সেই প্রিয় প্রিয়ার্হ প্রিয়কারী স্বামীকে দোষ দিও না। চক্রবাক যেমন নিজের চক্রবাকী ভিন্ন অন্ত কোন চক্রবাকীকে জানে না, তিনিও তুমি ছাড়া অন্ত কোনও রমুণীকে জানেন না।
- ২৩। তিনি তোমারই জন্ম গৃহবাস অভিলাষ করিয়া-ছিলেন, তোমারই প্রিতোষের জন্ম বাঁচিতে ইচ্ছা করিতেন।

ভাতা আর্য্য তথাগত নেত্রজলার্দ্রক্তু তাঁহাকে প্রবাজিত , করিয়াছেন।

- ২৪। স্বামীর সেই সংবাদ শুনিয়া স্থানরী সহসা কাঁপিতে কাঁপিতে উঠিয়া বসিলেন। হাদয়ে বিযলিপ্ত শর দারা আহত করেণুর তুল্য বাহুদ্ম তুইদিকে করিয়া উচ্চৈস্বরে বিলাপ করিতে লাগিলেন।
- ২৫। ফলভারাবনতা আম্রলতার মত তিনি পড়িয়াঁ গোলেন। রোদন করিতে করিতে তাঁচার নয়ন রক্তবর্ণ হইল। তাঁহার সমস্ত শরীর সন্থাপে কোভিত হইল। তাঁচার হার বিশীর্ণ হইল।
- ২৬। পদাননা পদাদলায়তলোচনা সুন্দরী পদারাগ বসন পরিধান করিয়াছিলেন। পদাহীনা লক্ষীসদৃশী (সুন্দ্রী) নিশ্চল নয়নে পতিত হইয়া আতপতাপিত পদামালায়ে মত শুকাইয়া গিয়াছিলেন।
- ২৭। স্বামীর গুণসমূহ চিন্তা করিয়া করিয়া তিনি দীর্ঘ-নিঃশ্বাস ত্যাগ করিতে করিতে ক্লান্ত হুইয়া পড়িলেন। প্রকোষ্ঠেও তামবর্ণ করে ধৃত অলঙ্কার-শ্রী কাঁপিতে লাগিল।
- ২৮। এখন আমার অলঙ্কারের প্রয়োজন নাই এই মনে করিয়া তিনি চারিদিকে অলঙ্কারগুলি ছড়াইয়া ফেলিলেন। বিশীর্ণ-পুষ্পস্তবকা লতার আয় ভূষণহীনা সুন্দরী (ভূমিতে) পতিত হইয়াও শোভা পাইতে লাগিলেন।
 - ২৯। আমার প্রিয় ধারণ করিয়াছিলেন এই মনে করিয়া

স্বর্ণনির্দ্ধিতমৃষ্টি দর্পণ আশালঙ্গন করিলেন। যত্নবিশ্বস্ত তুমালপত্রবিশিষ্ট গণ্ডপ্রদেশ রোধে জোরে ঘসিতে লাগিলেন।

- ৩০। শ্যেন কর্ত্তক চক্রবাকের অগ্রপক্ষ আহত হইলে চক্রবাকী যেরূপ চীৎকার করে, বিমানস্থিত কূজনপ্রিয় পারাবতগণের কূজনধ্বনিকে স্পর্দ্ধা করিয়া তিনি জোরে সেরূপ চীৎকার করিতে লাগিলেন।
- ৩১। বৈদ্র্যা-ও হীরক-মণ্ডিত, বিচিত্র-কোমল-আবরণযুক্ত
 মহামূল্য স্বর্ণপাদ্বিশিষ্ট খট্নায় শুইয়া (সুন্দরী) পরিচেষ্টা
 (ছটফট, করিতে লাগিলেন, শান্তিলাভ করিতে পারিলেন না।
- ৩২। স্বামীর অলম্কারসমূহ, বস্ত্র ও বীণা প্রভৃতি লীলা-দ্ব্যের দিকে দৃষ্টিপাত করিয়া তাঁহার শোক বাড়িয়া গেল। তথন পদ্ধাবতীর্ণার ভায় তিনি উচ্চৈস্বরে কাঁদিতে লাগিলেন। কিছুতেই প্রসাদ লাভ করিলেন না।
- ৩৩। বজ্রাগ্নি-সংভিন্ন গুহামুখের স্থায় প্রতি নিঃশ্বাসে তাঁহার উদর কম্পিত হইতে লাগিল। শোকাগ্নি দ্বারা অন্তন্ত্র্দিয়ে দগ্ধ হইয়া তিনি তখন বিজ্রাস্তচিত্ত হইয়া পড়িলেন।
- ৩৪। তিনি রোদন করিতে লাগিলেন, ম্লান হইয়া কাঁদিতে লাগিলেন, শ্রাস্ত হইয়া পড়িলেন, চলিতে আরম্ভ করিলেন, আবার স্থির হইয়া রহিলেন, বিলাপ করিতে লাগিলেন, চিস্থারত হইলেন। য়োষ করিতে লাগিলেন, মাল্য

বিকৃত করিলেন, মুখ আঁচ্ড়ইেতে **কা**গিলেন, কাপড় টানিয়া ছিঁড়িতে লাগিলেন।

৩৫। সেই চারুদন্তী স্থন্দরীকে অত্যন্ত রোদন করিতে শুনিয়া তত্রত্য জ্বীলোকেরা অত্যন্ত সন্তপ্ত হইয়া, কিন্নরীগণ যেরূপ পর্বতে আরোহণ করে সেরূপ, ভয়ে ভয়ে অন্তগৃহ হইতে বিমানে আরোহণ করিল।

৩৬। তাহাদের মুখ বাষ্পত্যাগ-হেতু বর্ষার আর্দ্রপদ্ম পদ্মিনীর স্থায় ক্লিন্ন এবং বিষণ্ণ দেখাইতেছিল। তাহার। তাঁহার ছঃখে সন্তপ্ত হইয়া যথাযোগ্য স্থানে উপবেশন করিল।

৩৭। শরংকালের আকাশে বিছ্যুৎ-পরিবেষ্টিত শশান্ধ-রেথার স্থায় হর্ম্যতলে সেই অঙ্গনাসমূহ-পরিবৃত চিন্তিত-হৃদয় স্থন্দরী শোভিত হইতেছিলেন।

৩৮। তাহাদের মধ্যে যে রমণী তাহার বয়োধিকা, মান্তা এবং ভাষণনিপুণা, সে পৃষ্ঠদেশ হইতে তাঁহাকে আলিঙ্গন করিয়া, অঞ্চ মার্জনা করিয়া বলিতে আরম্ভ করিলঃ—

৩৯। স্বামী ধর্ম আশ্রয় করিয়াছে বলিয়া রাজধিবধৃ তোমার শোক করা কখনও উচিত নহে। তপোবলই ইক্ষাকু-বংশীয়দিগের অভিলবিত পৈতৃক সম্পত্তি।

80। মোক্ষের জন্ম বহির্গত শাক্যবংশীয় ঋষি-পত্নীগণের কথা প্রায়ই তোমার অবিদিত নাই। তাহাদের গৃহই ছিল তপোবন। তাহারা কামের ন্যায় সাধ্বীব্রতেরই আশ্রয় গ্রহণ করিয়াছিল।

- 8১। যদি অধিক-রূপ-গুণ-বিশিষ্টা অপর কোনও রমণী তোমার স্বামীকে হরণ করিয়া থাকিত, তাহা হইলে অঞ্চবর্ষণ করিতে পারিতে। স্থান্য ক্ষত হইলে কোন্ রূপবতী, ধনাঢ্যা মনস্বিনী রমণী অঞ্চবর্ষণ না করেন ?
- 8২। যদি স্বামী কোনওরপ বিপদপ্রাপ্ত হইত—তাহা যেন না হয়—তাহা হইলে বাষ্পত্যাগ করা যুক্তিসঙ্গত হইত। (কারণ) পতি দেবতা সংকুলসম্ভবা নারীর তাহা অপেক্ষা অধিক আর কোনও ছঃখ নাই।
- ৪৩। কিন্তু সুস্থাদেহ অবিপন্ন সুখে লালিত **শ্ইয়া** বীতম্পৃহ হইয়া তিনি সুখে ধর্ম আশ্রয় করিয়াছেন। **অয়ি** বিক্লবে, এরূপ আনন্দের সময়ে তুমি কাঁদিতেছে কেন ?
- 88। স্নেহ হেতু এইরূপে বহুপ্রকার উক্ত হইয়াও তাঁহার ধৈর্য্য আসিল না। অনন্তর অপর কোনও রনণী সময়োচিত মনের অনুকূল বাক্য সপ্রণয়ে বলিলঃ—
- ৪৫। আমি স্থানিশ্চিত সত্য কথা বলিতেছি, শীদ্রই প্রিয়কে পুনরাগত দেখিতে পাইবে। চেতনাবিহীন জীবনের স্থায় তোমাকে ছাড়িয়া তিনি সেখানে থাকিবেন না।
- ৪৬। যদি তুমি তাঁহার পার্শ্বে না থাক তাহা হইলে লক্ষীর ক্রোড়েও তাঁহার নির্ত্তি নাই। ভয়ানক বিপদেও তোমাকে দেখিলে তাঁহার হুঃখ থাকে না।
- ৪৭। তুমি নিশ্চিন্ত হও। বাষ্পবর্ষণ ত্যাগ কর।
 তপ্তাশ্রু-মোক্ষ হইতে চক্ষুকে রক্ষা কর। তোমার উপর

তাঁহার যেরূপ ভাব ও অমুরাগ, তোমার বিরহে তিনি ধর্মেও রত হইবেন না।

৪৮। ধার্ম্মিক বংশে জন্মগ্রহণ করিয়াছেন বলিয়া একবার কাষায় গ্রহণের পর আর তাহা ত্যাগ করিবেন না তাহাও নহে। অনিচ্ছায় গ্রহণ করিয়া গৃহগমনোন্মুখ লোকের পুনরায় তাহা ত্যাগ করিতে কি দোষ ?

৪৯। স্বামীকর্তৃক হৃতহৃদয়। সুন্দরী যুবতিজনকর্তৃক এরপ সাস্থ্যমানা হইয়া অপ্সরোগণ-পরিবৃতা রস্তার পূর্বকালে ক্ষিতিতলৈ গমনের স্থায় দ্রমিড়াভিমুখে গমন করিলেন।

मोन्मत्रनन कार्त्य वर्ष मर्ग मभाख

সপ্তম সর্গ

নন্দ বিলাপ

- ১। নন্দ যথাবিধানে উপদিষ্ট চিহ্ন কেবল শরীরে ধারণ করিলেন, মনে তাহাতে অমুরাগ থাকিল না; ভার্য্যাবিষয়ে মানসিক চিম্থাহেতু অভিভূত হইয়া আনন্দ লাভ করিতে পারিলেন না।
- ২। তিনি বসন্থকালের পুষ্পশোভা ও কামদেবের সার্ব্বত্রিক প্রচার ও যৌবনের সমাশ্রয়হেতু বিহারে থাকিয়াও শাস্থিলাভ করিতে পারিতেছিলেন না।
- ৩। যে সহকারকুঞ্জে ভ্রমরগণ প্রচুরভাবে লীন হইয়া আছে সেই সহকারকুঞ্জে অবস্থিত হইয়া যুগকাঞ্চের ন্যায় স্থদীর্ঘ বাহুসম্পন্ন দীনাবস্থাযুক্ত নন্দ প্রিয়াকে চিন্তা করিয়া অত্যস্ত জ্ম্ভা (হাই) পরিত্যাগ করিলেন। তাহাতে মনে হইত যেন তিনি চাপ আকর্ষণ করিতেছেন।
- ৪। নবগৃহীত করীর ভায় নন্দ পাপচূর্ণকের ভায় চূতর্ক্ষ হইতে ছোট ছোট পুম্পের বৃষ্টি লাভ করিয়া ভার্য্যার চিন্তায় দীর্ঘশাস পরিত্যাগ করিতেন।
- ৫। যে নন্দ একদিন শরণাগত ব্যক্তির শোক নাশ
 করিতেন এবং গর্বিত শক্রর শোক উৎপাদন করিতেন, তিনি

আজ অশোক বৃক্ষ দেখিয়া শোকগ্রস্তভাবে অশোকবনপ্রিয়া প্রিয়ার জন্ম শোক করিতে লাগিলেন।

- ৬। প্রিয়ার অতিপ্রিয় প্রতন্ত প্রিয়ঙ্গুলতা দেখিয়া প্রিয়ঙ্গু কুস্থুমের আয় নির্দ্মলা ও ভীতভাবে সমীপচারিণী অঞ্চমুখী প্রিয়াকে বাষ্পাকুল লোচনে স্মরণ করিতে লাগিলেন।
- ৭। তিলক বৃক্ষের পুষ্পশোভিত শিখর প্রদেশে উপবিষ্ট কোকিলাকে দর্শন করিয়া শুক্রবর্ণ অট্টালিকাস্থিত প্রিয়ার উদ্ধিবদ্ধ কেশরাজি বলিয়া কল্পনা করিতে লাগিলেন।
- ৮ ি চৃত্রক্ষের পার্শ্বে একটা কুস্থমিতা মাধবীলতা তাহাকে আলিঙ্গন করিয়া রহিয়াছে দেখিয়া ভাবিতে লাগিলেন এইরূপে আমার প্রিয়া স্থন্দরী আমাকে আলিঙ্গন করিবে।
- ৯। হেমগর্ভ স্থানর দম্ভনির্মিত সমুদ্গকের (কৌটা) আয় পুষ্পসমূহে শোভিত নাগকেশর বৃক্ণগুলিও কান্তারস্থিত বৃক্ষের আয় হঃখিত, নন্দের চক্ষু আকর্ষণ করিতে পারিল না ।
- ১০। গন্ধর্বদেশীয় স্থগন্ধ গন্ধপুষ্প স্থগন্ধ বিস্তার করিয়াও অক্তচিত্ত শোকযুক্ত তাঁহার ভ্রাণ আকর্ষণ করিতে পারিল না। (কেবল) ফুদয়ে (আরও) ফুঃখ দিতে লাগিল।
 - ১১। স্থন্দরকণ্ঠস্বরযুক্ত ময়ুরগণ, প্রহাষ্ট কোকিলগণ ও মধুপানমত ভ্রমরগণ কর্তৃক শব্দিত কানন তাঁহার চিত্ত চঞ্চল করিয়াছিল।
 - ১২। নন্দ ভার্য্যারূপ অরণি-সম্ভূত বিতর্করূপ ধৃমযুক্ত মোহরূপ শিখাযুক্ত কামরূপ অগ্নি দারা মানসিক তাপভোগ

করিতে লাগিলেন এবং ধৈর্য্য পরিত্যাগ করিয়া বক্ষ্যমানরূপে বিলাপ করিতে লাগিলেন :—

- ১৩। আজ আমার মনে হয় যে যাঁহারা অশ্রুমুখী কাতরা প্রিয়াকে উপেক্ষা করিয়া কঠোর তপস্থা আচর্ণ করিয়াছেন, করিতেছেন ও করিবেন, ভাঁহারা অত্যন্ত ত্ন্দর কার্য্য করিয়াছেন, করিতেছেন ও করিবেন।
- ১৪। চঞ্চলনেত্রযুক্তা প্রিয়ার আনন ও স্থানর বচন যেরূপ জগতে দৃঢ় বন্ধন, জগতে দারু, তন্তু বা লোহের বন্ধনও সেরূপ দৃঢ় নহে।
- ১৫। এ সকল বন্ধন নিজের পৌরুষ ও স্থৃহদের শক্তি দারা ছিন্ন ভিন্ন করা যায়। কিন্তু স্নেহবন্ধন জ্ঞান ও রুক্ষতা ব্যতিরেকে মোচন করা যায় না।
- ১৬। যে জ্ঞান শম উৎপাদন করে, আমার সে জ্ঞান
 নাই। আমি অতি দয়াশাল, অতএব রুক্ষতাও নাই।
 আমার বিষয়-বাসনা অসীম। (সুতরাং আমার পক্ষে সেহবন্ধন ছিন্ন করা অসম্ভব। কিন্তু) বৃদ্ধদেব আমার গুরু
 (তাঁহার আদেশও অলজ্খনীয়)। আমার উভয়-সন্ধট; যেন
 (রথ-)চক্রের নিম্নে পতিত হইয়াছি।
- ১৭। বুদ্ধদেব আমার জ্যেষ্ঠল্রাতা এবং ঋষি এই উভয় কারণেই তিনি আমার গুরু। তৎকর্তৃক উপদিষ্ট হইয়া চক্রবাক যেমন চক্রবাকীর বিয়োগে অশাস্ত হয় আমি ভিক্ষু-পরিচ্ছদ ধারণ করিয়াও সর্ববাবস্থায় অশাস্তি ভোগ করিতেছি।

- ১৮। এখনও আমার মনে পড়ে পড়ে আমি দর্পণখানা ব্যাকুলিত করিলে সে মিথাা ক্রোধ দেখাইয়া শাঠ্যের সহিত হাসিতে আমাকে বলিল "কেমন [ভোমায়] করিয়াছি!"
- ১৯। যে চঞ্চল নেত্রে অশুজ্জল ফেলিতে ফেলিতে আমাকে বলিয়াছিল, "বিশেষক শুক্ষ হুইবার পূর্কে ফিরিয়া আসিও।" ভাহার সেই কথা এখনও আমার মনকে কণ্ট দিতেছে।
- ২০। এই ভিক্ষু বদ্ধাসনে পাদপতলেও নির্মারে স্বস্তভাবে থাকিয়া যেরূপ ধ্যান করিতেছেন, আমি শাস্ত তৃপ্তের স্থায় উপবিষ্ট হইয়া কখনও এরূপ পারিব না।
- ২১। ইনি যেরূপ পুংস্কোকিলের শব্দ উপেক্ষা করিয়া ও বসন্তশোভায় চক্ষু স্থাপন না করিয়া স্থির ভাবে শাস্ত্র অভ্যাস করিতেছেন, তাহাতে মনে হয় যে ইহার চিত্ত প্রিয়ার আকর্ষণ-শৃত্য।
- ২২। স্থিরনিশ্চয়সম্পন্ন কৌতৃহল ও বিস্ময়-শৃত্য শাস্তাত্ম। অস্তমুখিচেতা ওৎস্ক্যবর্জিত পরিভ্রমণকারী এই মহাপুরুষকে নমস্কার।
- ২৩। ধর্মের বিল্পভৃত চৈত্রমাসে কোন্ নবযৌবনসম্পন্ন ব্যক্তি পদাযুক্ত জল ও পবিত্র কোকিল-শব্দিত কানন দর্শন করিয়া সংযম-শক্তি রক্ষা করিতে পারে ?
 - ২৪। স্ত্রীগণ ভাব গর্ব্ব গতি সৌন্দর্য্য স্মিত ক্রোধ মন্ততা

ও বাক্য দ্বারা দেবতা নূপ ও ঋবিসমূহ পর্য্যন্ত বশীভূত করিয়াছে। তবে আমাদের আয় ব্যক্তিকে কেন চঞ্চল করিবে না ?

- ২৫। অগ্নি কামাভিভূত হইয়া স্বাহাকে, ইক্স অহল্যাকে ভূজনা করিয়াছিলেন। তবে সেই সন্ত্ব দেবভাব-শৃন্থ স্ত্রীনিজ্জিত নতুষ্য আমি, আমার কথা কি ?
- ১৬। সূর্য্য রম্ভার প্রতি অনুরাগী হইয়া তাহার প্রতি ভালবাসার জন্ম নই (নিরুদেশ ও অদৃশ্য) হইয়াছিলেন শুনিতে পাই, এবং অশ্বরূপে অশ্বব্র সহিত মিলিত হইয়া অশ্বিনীকুমারদয়ের জন্ম দিয়াছিলেন।
- ২৭। বৈবস্বত ও অগ্নি এই গৃইজনে মিলিয়া স্ত্রীর জন্য বিরোধবৃদ্ধিসম্পন্ন হইয়া অধীরভাবে তে বর্ষ যুদ্ধ করিয়াছিলেন, তবে অহা কোন্ বাক্তি স্ত্রীর জন্ম চঞ্চল হইবে না ?
- ২৮। সাধুগণের শীর্ষস্থানীয় বশিষ্ঠদেব কামহেতু অক্ষমালা চণ্ডালীতে উপগত হইয়াছিলেন, যে চণ্ডালীর গর্ভে বিবস্থান তুল্য ভূজলাদ কপিঞ্জলাদ পুত্র জন্মগ্রহণ করিয়াছিলেন।
- ২৯। তীক্ষশাপবর্ষী মহর্ষি পরাশর মংস্থাগর্ভসম্ভূতা মংস্থাগন্ধার ভজনা করিয়াছিলেন। যাহার গর্ভে বেদবিভাগকর্তা ভগবান্ দৈপায়ন জন্মগ্রহণ করেন।
- ৩০। ধর্ম্মপরায়ণ দ্বৈপায়ন ঋষি কাশীতে বেশ্যার সহিত সঙ্গত হইয়াছিলেন, যে বেশ্যা বিহ্যল্লতা যেমন মেঘে আঘাত

করে সেইরূপ চঞ্চলনূপুরযুক্ত চরণে দ্বৈপায়নকে আঘাত করিয়াছিল।

- ৩১। ব্রহ্মার পুত্র অঙ্গিরা ঋষি অনুরক্তচিত্তে সরস্বতীর ভজনা করেন, যাঁহার গর্ডে নষ্ট বেদের পুনঃপ্রচারক সারস্বত পুত্র জন্মগ্রণ করেন।
- ৩২। রাজবি দিলিপের যজে কাশ্যপ স্বর্গ্রীর প্রতি আসক হইয়াছিলেন, তাহাতে তাঁহার যে তেজ শরীর হইতে ক্রিত হইয়াছিল উহা শ্রুক্ দারা অগ্নিতে ক্ষেপণ করায় অসিত নামক পুত্রের উৎপত্তি হয়।
- ৩৩। এইরপ অঙ্গদ তপস্থা শেষ করিয়া ও কামাভিভূত হইরা যমুনাকে ভজনা করিয়াছিলেন, যাহাতে ধীরশ্রেষ্ঠ সারঙ্গ-সেবিত রথীতর জন্মগ্রহণ করেন।
- ৩৪। ভূমিকম্পে যেমন উচ্চশৃঙ্গ পর্বত বিচলিত হয়, সেইরূপ মূনি ঋয়শৃঙ্গ শান্তিগুণে ও বনে থাকিয়াও রাজকক্স। শান্তাকে দেখিয়া বিচলিত হইয়াছিলেন।
- ৩৫। যে গাধিস্থত বিশ্বামিত্র বিষয়াসক্তিশৃত্য হইয়া রাজ্য পরিত্যাগ করিয়া ব্রহ্মর্যি হইবার জন্ম বনে আশ্রয় সইয়া-ছিলেন তিনিই ঘৃতাচীর কটাক্ষে অভিভূত হইয়া দশ বংসর একদিবসের স্থায় মনে করিয়াছিলেন।
- '৩৬। ঐরপ স্থলশিরা মহর্ষি রম্ভার প্রতি কামাভিভূত হইয়া মূর্চিছত হন। ক্রোধবশতঃ অনিবার্য্যভাবে কিছুর অপেক্ষা না করিয়া তিনি রম্ভাকে শাপ দিয়াছিলেন।

- ৩৭। প্রিয়া প্রমন্বরার ইন্দ্রিয় ভূজক্ষ কর্তৃক অপহৃত হইতে দেখিয়া ক্লক্ল 'সর্ক্বেন্দ্রিয়' নষ্ট করিয়াছিলেন। রোষে তপ রক্ষা করিতে পারেন নাই।
- ৩৮। যশসী গুণিপ্রবর দেবপ্রভাবসম্পন্ন বুধের পু্ত্র চন্দ্রের পৌত্র রাজর্ষি ঐড় অপ্সরা উর্বনীকে চিন্তা করিয়া উন্মাদ অবস্থা প্রাপ্ত হইয়াছিলেন।
- ০৯। তালজ্জ্ব গিরিশিখরে কামবশে মেনকার প্রতি অনুরাগী হইয়াছিলেন এবং বজু যেমন হিন্তাল তরুতে আঘাত করে সেইরূপ বিশাবস্থ সরোষে তাহাকে পদাঘাত করিয়া-ছিলেন।
- ৪০। মৈনাক পর্বত যেমন জলে প্রবেশ করিয়া সমুদ্রকে করি করিয়াছিল, রাজবি জহু সেইরপ নিজ উৎকৃষ্ট অঙ্গনা গঙ্গাজলে বিনাশ প্রাপ্ত হইলে অনঙ্গাভিভ্তচিত্তে ভুজ দারা গঙ্গাকে রোধ করিয়াছিলেন।
- ৪১। মূল থাকিতেও বৃক্ষ যেমন গঙ্গাজলে ঘুরিতে খাকে রাজর্ষি প্রতিপের পুত্র কুলপ্রদীপ শ্রীমান্ শাস্তমু গঙ্গার বিরহে অধীর হইয়া সেইরূপ ঘূর্ণিত হইয়াছিলেন।
 - ৪২। রাজ্যের স্থায় তদীয় স্ত্রী উর্বেশীকে সৌনন্দকী
- ১ এই স্থানে মূলে 'সর্কেন্দ্রির' শব্দ আছে, অমুবাদও সেইরপ করা ছইয়াছে কিন্তু পুরাণাদিতে দেখা যায় যে ক্রু পত্নী সর্প কর্তৃক বিনষ্ট হইলে তিনি সর্পাণকে ধ্বংস করিয়া বেড়াইতেন।

হরণ করিলে, সদ্বৃত্তসম্পন্ন সোমবর্মা শোক করিতে করিতে কামবশতঃ ধর্মচিন্তা ত্যাগ করিয়া ভ্রমণ করিয়াছিলেন।

- ৪০। দেবসেনাপতির স্থায় আর্দ্রসেন বলহেতু সেনাক নামে প্রসিদ্ধ, ভীমপ্রভাব রাজা ভীমক মৃতভার্য্যার জন্ম দেহ-ত্যাগ করিয়াছিলেন।
- ৪৪। স্বামী শান্তর স্বর্গগত হইলে জনমেজয় তদীয় পত্নী কালীকে (মংস্থাগদাকে) হরণ করিবার ইচ্ছা করিয়া ভীম্ম হইতে মৃহালাভ করিয়াছিলেন। কিন্তু তদ্গত কাম পরিত্যাগ করিলেন না।
- ৭৫। "স্ত্রী-সঙ্গমে মৃত্যু প্রাপ্ত হইবে" এইরূপভাবে শাপ-গ্রস্ত হইয়াও পাণ্ড কামবশতঃ মাদ্রীতে গমন করিয়াছিলেন। মহর্ষিশাপে 'ইহা অসেব্য' ইহা চিন্তা করেন নাই।
- ৪৬। এইরপে দেবতা ও রাজর্বিগণ কামবশে স্ত্রীগণের বশ্যতা স্বীকার করিয়াছেন। তবে আমি বুদ্ধি ও বলে তুর্বল হইয়া প্রিয়ার অদর্শনে কেন কষ্টভোগ করি।
- ৪৭। অতএব আমি পুনরায় গৃহে ফিরিব, এবং যথাবিধি ইচ্ছামত কামভোগ করিব। চঞ্চলেন্দ্রিয় অক্যাসক্ত ধর্মপথচ্যুত ব্যক্তির বাহাচিক্ত ধারণযোগ্য নহে।
- ৪৮। যে ব্যক্তি হস্তে ভিক্ষাপাত্র ধারণ করে, শির মুণ্ডিত করে, মান পরিত্যাগ করে এবং কাষায় বস্ত্র পরিধান করে তাহার যদি ধৈষ্য বা শান্তি না থাকে, তবে সেই ব্যক্তির সহা চিত্রস্থ প্রদীপের স্থায় অসৎকল্প (থাকা না-খাকা সমান)।

- ৪৯। যে ব্যক্তি গৃহ পরিত্যাগ করিয়াও কামশৃত্য নহে এবং চিত্তের মালিত্যশৃত্য না হইয়াও কাষায় বন্ত্র ধারণ করে, এবং হস্তে ভিক্ষাপাত্র ধারণ করিয়াও গুণের আশ্রয় নহে, সেই ব্যক্তির ভিক্ষু-চিহ্ন থাকিলেও সে গৃহীও নহে ভিক্ষুও নহে।
- ৫০। আনি বিবেচনা করিতেছি যে, সংকুলজাত ব্যক্তির ভিক্স্-চিহ্ন ধারণ করিয়া আবার তাহা পরিত্যাগ করা স্থায়্য নহে; কিন্তু যে-সকল প্রধান নূপতি তপোবন পরিত্যাগ করিয়া গৃহ আশ্রয় করিয়াছেন তাঁহাদের কথা ভাবিলেই ঐ বিবেচনা নই হইয়া যায়।
- ৫১। পুত্রযুক্ত শাল্পদেশের অধিপতি অঁম্বরীয, অন্ধ্র রাম, ও সাঙ্গতি রন্তিদেন—ইহারা চীরবাস পরিত্যাগ করিয়া উত্তম বস্ত্র ধারণ করিয়াছিলেন, এবং কুটিল জটা ছেদন করিয়া মুকুট পরিধান করিয়াছিলেন।
- ৫২। অতএব আমার গুরুদেব ভিক্ষায় গমন করিয়াছেন, এই অবসরে কাষায় বস্ত্র পরিত্যাগ করিয়া এস্থান হইতে আমি গৃহে যাইব। যাহার বুদ্ধি ক্লেশযুক্ত চঞ্চল সেই ব্যক্তি পূজ্য-চিহ্ন ধারণ করিলে তাহার এহিক ও পারত্রিক দ্বিবিধ অর্থ ই নষ্ট হইয়া যায়।

সৌন্দরনন্দ কাব্যে সপ্তম সর্গ সমাপ্ত

অফ্টম দর্গ

স্ত্ৰীবিঘাত

- ১। অনন্তর একজন শ্রমণ (বৌদ্ধ সন্ন্যাসী) চঞ্চলনেত্র অত্যন্ত উৎস্থক নন্দকে গৃহগমনের জন্ম ব্যাকুল দেখিয়। শান্ত-ভাবাপন্ন দৃষ্টিপাতে মিত্রভাবে নিকটে যাইয়া বলিলেন।
- ২। তোমার অঞ্চ-মলিন মুখ তোমার হৃদরের আকুলতা ব্যক্ত করিতেছে, তোমার এই ভ্রম কেন ? ধৈহা ধারণ কর, বিকারের উপশীম কর, শম এবং বাষ্প একসঙ্গে শোভা পায় না।
- ৩। লোকের বেদনা তৃই রকম হয়, একটি মানসিক ও অক্টটি দৈহিক। যাহারা শাস্ত্র এবং উপচার জানেন এই তৃই রকম ব্যক্তিই উহার চিকিৎসা বিষয়ে সমর্থ।
- ৪। অতএব যদি ভোমার দৈহিক রোগ ইইয়া থাকে, তবে সহর বৈভার নিকট উহা বিজ্ঞাপন কর; রোগী ব্যক্তি যদি নিজ রোগ গোপন করে তবে অতিরকাল মধ্যে তাহাকে তীব্র অনর্থে পড়িতে হয়।
- ৫। আর যদি ভোমার কোনও মানসিক ছুঃখ হইয়া
 থাকে, তবে বল আমি তাহার উপযুক্ত ঔষধ বলিয়া দিব।
 সন্ধ রক্ষঃ ও তমঃ বিশিষ্ট মনের একমাত্র অধ্যাত্মবিদ্
 ব্যক্তিগণই চিকিৎসাক্ষম।

- ৬। যদি আমার নিকট বক্তব্য মনে কর তবে সমস্ত কথা সত্য বল, চিত্তের গতি বহু প্রকার, এবং উত্তমকুলে বহু গুহু বিষয় থাকে।
- ৭। শ্রমণ এই কথা বলিলে তিনি নিজ চেষ্টা বলিবার অভিপ্রায়ে হস্ত দারা তাঁহার হাত ধরিয়া অম্য বনে প্রবেশ করিলেন।
- ৮। পরে সেই কুসুমবর্ষী বিশুদ্ধ লতাগৃহে মৃছ্-বায়্-সঞ্চালিত কোমল-পল্লবরাজি-প্রচ্ছাদিত হইয়া তাঁহারা ছুইজনে উপবেশন করিলেন।
- ৯। পরে দীর্ঘনিঃশ্বাস ত্যাগ করিয়া প্রব্রজ্যাবলম্বী ভিক্ষুর পক্ষে বলা অনুচিত নিজ অভীষ্ট শাস্ত্রজ্ঞানসম্পন্ন সেই বিদ্বান্ ভিক্ষুর নিকট ব্যক্ত করিলেন।
- ১০। হে ভদ্র, তুমি ধর্ম্মচারী; প্রাণীর প্রতি সতত তোমার মিত্রভাব। আমার এই অধীর অবস্থায় যদি আমার হিত অভিলাষ কর তবে তাহাই তোমার যোগ্য হইবে।
- ১১। অতএব তোমার নিকট আমি বলিবার জন্ম উদ্যুক্ত হইয়াছি, চঞ্চলচিত্ত অসাধু ব্যক্তি জিজ্ঞাসা করিলেও তাহার নিকট আমি আমার এই ভাব ব্যক্ত করিব না।
- ১২। তবে সংক্ষেপে আমার ভাব শ্রবণ কর, আমি প্রিয়াশৃন্ম হইয়া ধর্মবিধানে শান্তিলাভ করিতেছি না, যেমন যুবক
 কিন্নর গিরির সান্ত্প্রদেশে কিন্নরীশৃন্ম হইয়া শান্তি লাভ
 করে না।

- ১৩। আমি বনবাসে পরালুখ হইয়া গৃহে যাইবার বাসনা করিয়াছি, যেমন রাজা উত্তম শ্রী-শৃত্য হইয়া শান্তিলাভ করেন নাই, সেরূপ আমিও প্রিয়াশৃত্য হইয়া শান্তিলাভ করিতেছি না।
- ১৪। প্রিয়া ভার্য্যার প্রতি আসক্ত ছংখিত নন্দের কথা শুনিয়া শ্রমণ শিরংসঞ্চালন করিয়া বগতভাবে ধীরে বলিতে লাগিলেন।
- ১৫। হায়, বাাধের ভয়ে যে যুথপ্রিয় মুগ একবার নিজ সম্প্রদায় হইতে বিচ্যুত হইয়াছে, সেই মুগই আবার গীতরবে আরুষ্ট হইয়া বাগুরায় (জালে) পতিত হইতে ইচ্ছা করিতেছে।
- ১৬। যে পক্ষী জালে বদ্ধ হইয়া একবার হিতকানী ব্যক্তির সাহায্যে জালমুক্ত হইয়াছে, সেই আবার ফল-পুষ্পযুক্ত বনে ভ্রমণ করিতে করিতে স্বয়ং পঞ্চরে প্রবেশ করিতে চাহিতেছে।
- ১৭। যে করীশাবককে একদা বহুপক্ষময় বিষম নদীতল হইতে করী উদ্ধার করিয়াছে, সেই করীশাবক আবার জলতৃষ্ণায় কুন্ডীরপূর্ণ নদীতে প্রবেশ করিতে ইচ্ছা করিতেছে।
- ১৮। সর্পযুক্ত গৃহে নিদ্রিত ব্যক্তি জাগরিত ব্যক্তির দ্বার। প্রবোধিত হইয়া নিজ যৌবনের বিভ্রমে স্বয়ং সেই উগ্র সর্পকে ধারণ করিতে অভিলায করিতেছে।
 - ১৯। যে বৃক্ষ বিশাল অগ্নিদারা প্রজ্বলিত হইতেছিল,

সেই ক্রম পরিত্যাগ করিয়া পক্ষী আবার নিজ নীড়ের মায়ায় নিঃশঙ্কচিত্তে সেই বুক্ষে স্থান গ্রহণ করিতে চাহিতেছে।

- ২০। যে জীবঞ্জীবক পক্ষা শ্যেন-ভয়ে প্রিয়াকে পরিত্যাগ করিয়াছিল, সেই আবার কামবশে মুগ্ধ ও অধীর হইয়া পড়িয়াছে, লজ্জা পরিত্যাগ করিয়াছে এবং অতি কণ্টে জীবন যাপন করিতেছে।
- ২১। অসংযতাত্ম সারমেয় তৃষ্ণার আক্রমণে ঘৃণা ও বৃদ্ধিশৃত্য হইয়া নিজ বাস্ত (বমন) পুনরায় ভোজন করিবার কামনা করিতেছে।
- ২২। এইরূপে কাম-শোকবিহ্বল নন্দকে তদবস্থ দেখিয়া
 মুহূর্ত্তকাল তদ্বিধয়ে চিন্তা করিয়া তদীয় হিতকামনায় শ্রমণ
 গুণযুক্ত অপ্রিয়বাক্য বলিতে লাগিলেনঃ—
- ২৩। তুমি শুভাশুভ বিবেচনা করিতে পারিতেছ না, বিষয়েই তোমার চিত্ত আসক্ত, তোমার জ্ঞানচক্ষু উন্মীলিত হয় নাই, অতএব তোমার যে শ্রেয় বিষয়ে আসক্তি নাই ইহা যুক্তিযুক্ত।
- ২৪। যাহার মতি শ্রবণ, গ্রহণ, ধারণ, পরমার্থতত্ত্বের জ্ঞান ও মনের শমগুণে আসক্ত নহে, তাদৃশ চঞ্চলচিত্ত ব্যক্তির ধর্মে রতি হয় না।
- ২৫। কিন্তু যে ব্যক্তি বিষয়ে দোষ দেখিয়া থাকে, যিনি পরিতৃষ্ট, শুদ্ধ, ও মানশৃত্য এবং অনাকৃল কর্মে যাঁহার চিন্তু নিযুক্ত আছে এরূপ বৃদ্ধিমান ব্যক্তির আরতি থাকে না।

- ২৬। কামী ব্যক্তি ঐশ্বর্যালাভে সম্ভট, মৃ্ঢ় ব্যক্তি কামস্থা তৃপ্ত, সাধু ব্যক্তি তত্তজানহেতু ভোগাকাজ্ঞা বৰ্জন
 করিয়া প্রশম গুণে সম্ভট হইয়া থাকেন।
- ২৭। সম্মানের যোগ্য চিহ্ন (সন্ন্যাসীর চিহ্ন প্রভৃতি)
 বিনি ধারণ করেন, সংকুলজাত প্রসিদ্ধ বুদ্ধিমান্ ব্যক্তির
 গৃহের প্রতি আকাজ্ফা, বায়্বশে গিরির নম্রতার স্থায়,
 যোগ্য নহে।
- ২৮। যে ব্যক্তি নিজের আয়ত্ত স্বাধীনতা পরিত্যাগ করিয়া পরায়ত্ত বস্তুতে আসক্তি স্থাপন করে, সেই ব্যক্তিই শিবময় শান্তির পথে যাইয়া আবার দোষপূর্ণ সংসার-গৃহের প্রতি আসক্ত হয়।
- ২৯। যেমন বন্ধনমুক্ত ব্যক্তি নিজ ব্যসন-দোযে আবার বন্ধন গত হয়, সেইরূপ একবার বনে আশ্রয় গ্রহণ করিয়া সূঢ় জন আবার গৃহ নামক বন্ধন অস্বেষণ করে।
- ৩০। যে ব্যক্তি পাপকে পরিত্যাগ করিয়া আবার পাপের সেবা করিতে চাহে, সেই মূর্খ ব্যক্তিই অজিতেন্দ্রিয়তা হেতু একবার ত্যাগ করিয়া আবার পাপস্বরূপিনী স্ত্রীর সেবা করিয়া থাকে।
- ৩১। যেমন বিষযুক্ত লতা আশ্রয় করিলে ভাবী বিপদ হয়, সর্পযুক্ত গুহা আশ্রয় করিলে অস্তে মরণ হয় এবং উন্মুক্ত অসি ধারণ করিলে যেরূপ বিপদের কারণ হয়, স্ত্রীগণও সেইরূপ ভবিশ্বৎ বিপদ্ আনয়ন করে।

- ৩২। স্ত্রীগণ মদমত্ত হইয়া মন্ততা আনিয়া দেয়, মন্ততা চলিয়া গেলে হৃদয়ে ভীতি জন্মায়, এইজন্ম তাহারা দোষ ও ভয়ের আকর, অতএব তাহারা ক্ষনই সেবার যোগ্য নহে।
- ৩৩। স্ত্রীর জন্ম স্বজন স্বজনের সহিত এবং বন্ধু বন্ধুর সহিত বিচ্ছিন্ন হয়। স্ত্রীগণ পরের দোষ কথনে একাস্ত সমুরক্ত। অতএব তাহারা অস্থায্যকারিণী।
- ৩৪। স্থজন ব্যক্তি যে দৈতা অবলম্বন করে এবং অযুক্ত তুঃসাহসিক কার্য্য করে ও বেগে সৈতাসমুখে যুদ্ধার্থে দণ্ডায়মান হয়, তাহার একমাত্র কারণ অঙ্গনা।
- ৩৫। রমণীগণ বচন দারা নানাবিধ বর্ণনা আহরণ করে, তীক্ষ চিত্ত দারা তৃঃখ দান করে, তাহাদের মুখে মধু এবং হৃদয়ে কালকুট বিষ বর্ত্তমান থাকে।
- ৩৬। যে অগ্নি দাহ করে তাহাকেও গ্রহণ করা যায়, পবনের দেহ না থাকিলেও তাহাকে গ্রহণ করা যায়, সর্প কুপিত হইলে তাহাকেও গ্রহণ করা যায়, কিন্তু কামিনীগণের চিত্ত কখনও গ্রহণ করা যায় না।
- ৩৭। জ্রীগণ শারীরিক সৌন্দর্য্য বিবেচনা করে না; ঐশর্য্যের কথা ভাবে না; বুদ্ধি, কুল বা বিক্রমের বিষয় চিন্তা করে না; জলজন্তু-সমাকুল নদীর আয় ভালমন্দ বিচার না করিয়া বিনাশ সাধন করিয়া থাকে।
 - ৬৮। স্ত্রী মধুর বাক্য, সমাদর বা সৌহার্দ স্মরণ

করে না। চঞ্চলা বনিতার স্থায় কুটিল এ জগতে আর কিছু নাই।

- ৩৯। যে কিছু দান করে না তাহার প্রতিও প্রমদাগণ
 নর্ম ব্যবহার করে, আবার যে ব্যক্তি প্রচুর দান করে তাহার
 উপর নানা বিভ্রম প্রকাশ করে; প্রণত ব্যক্তির নিকট গর্ব্বিত
 হয়, আবার মানী ব্যক্তির নিকট তৃপ্তি লাভ করে।
- ৪০। ভর্জা গুণবান্ হইলে তাহাকে ভর্জা বলিয়া ব্যবহার করে, গুণহীন হইলে তাহার সহিত শক্রর স্থায় আচরণ করে। ধনবান্ হইলে আকাজ্জাবশে তাহার অনুগানিনী হয়, ধনহীন হইলে তাহার প্রতি অবজ্ঞাভরে ব্যবহার করিয়া থাকে।
- 8)। যেমন ক্ষেত্র হইতে আহত হইয়াও ক্ষেত্রান্তরে যাইয়া গো স্থা বিচরণ করে, সেইরূপ অঙ্গনা পূর্কের সৌহার্দ্ধি বিশ্বত হইয়া অন্তর্জামিনী হইয়া অতি হুষ্ট থাকে।
- ৪২। যদিও স্ত্রীগণ পতির সহিত চিতায় প্রবেশ করে, কিংবা অনুমরণ প্রাপ্ত হয়, তথাপি তাহার। পতির জন্ম যন্ত্রণা ভোগ করে না, কারণ হৃদয়ে তাহার। কাহাকেও ভাল বাসে না।
- ৪৩। কদাচিৎ কোনও কোনও রমণী পতিকে দেবতা ভাবিয়া পতির সেবা করে। (কিন্তু) সহস্র সহস্র রমণী চঞ্চল-চিত্ততা হেতু নিজের হৃদয়কেই সন্তুই করিয়া থাকে।
 - ৪৪। শক্রজিতের কন্তা কুমুদ্বতী বক-মীন-রিপু চণ্ডালকে

বরণ করিয়াছিলেন এবং বৃহত্তথা মৃগরাজ্ঞকে বরণ করিয়া-ছিলেন। খ্রীলোকদিগের অগম্য কিছুই নাই।

- ৪৫। কুরু, হৈহয় এবং বৃষ্ণিবংশজগণ বহুমায়াচারী শস্বর উদ্ভান্ত-চিত্ত মুনি গোতম, ইহারা সকলেই স্ত্রী-সংক্রাস্ত কলঙ্ক প্রাপ্ত হইয়াছিলেন।
- ৪৬। বণিতাগণের হৃদয় এইরপে অন্থায্যপরায়ণ এবং অস্থির, অতএব পণ্ডিতগণ সেই চঞ্চলচিত্ত রমণীগণের উপর কেন চিত্ত আসক্ত করিতেন ?
- ধণ। যদি তোমার সূক্ষা বৃদ্ধি থাকে তবে দেখিবে যে
 প্রিয়ার বাসনা তোমার লগুতা। তুমি নিজের হৃদয় বৃঝিতেছ
 না। বনিতাগণের শরীর অশুচিরসক্ষরণকারী অসদ্গৃহ।
 কেন তুমি ধনিতাগণের চরিত্র আলোচনা করিতেছ না ?
- ৪৮। প্রতিদিন প্রকালন বসন ভূষণ প্রভৃতি দারা সেই অশুভ বস্তুকে শুদ্ধ করিয়া লইয়া উৎকৃষ্ট মনে করিতেছ, নিকৃষ্ট বুঝিতে পারিতেছ না। কারণ সজ্জান ভোমার চক্ষু আরুত করিয়া রাখিয়াছে।
- ৪৯। অথবা তুমি বুনিতেছ যে ঐ তন্তু অশুচি, তথাপি তোমার হির তর্জ্ঞান হইতেছে না, কারণ, তদীয় অশুচি ভাবের উপশ্যের জন্ম তুমি কতরূপ স্থরভিক্রিয়া আচরণ করিয়া থাক।
- ৫০। যদি (রমণীগণের) অনুলেপন, অঞ্জন, মাল্য, মণি.
 মুক্তা, স্বুবর্ণ, বা বসনই ভাল হয় (অর্থাৎ স্ত্রীলোকের

- পোন্দর্য্যের কারণ হয়) তাহা হইলে ইহার মধ্যে কোন্দি জ্রীলোকদিগের স্বাভাবিক? (কোনটাই নয়।) তাহাতে শুচির অনুসন্ধান কর।
 - ৫১। যদি তোমার স্থানর পরিত্যাগ করিয়।
 নগ্নতা অবলম্বন করে এবং শারীরিক স্বাভাবিক মলরূপ পদ্ধ
 ধারণ করে, স্বভাবজ নখ দন্ত ও রোমবলী ব্যপ্ত থাকে, তবে
 আর তোমার কাছে নিশ্চয়ই সে স্থানরী বলিয়া গণ্য
 হইবে না।
 - ৫২। যদি কেবলমাত্র মক্ষিকার পক্ষের স্থায় পাত্লা চর্ম্মের দ্বারাই আবৃত না থাকিত তাহা হইলে কোন্ স্থাশীল লোক ভগ্ন পাত্রের স্থায় অশুচি এবং স্রাবকারী স্ত্রীলোককে স্পর্শ করিত।
 - ৫৩। যদি শরীরটী ত্বক্পরিবেষ্টিত অস্থিপঞ্জর বুঝিতেছ তবে সবলে তোমাকে কাম কিরাপে আকর্ষণ করিতেছে! হায়! মদনদেব স্থাণ ও ধৈর্য্যের একাস্ত বিরোধী।
 - ৫৪। হে অবিচক্ষণ, অশুভময় নথ দস্ত ত্বক্ কেশ ও রোম-সমূহকে শুভ বলিয়া ভাবিয়া তুমি যোষিংগণের প্রকৃতি ও প্রভাব বুঝিতেছ না।
 - ৫৫। অতএব বনিভাগণকে মন ও শরীর উভয় বিষয়ে সদোষা ভাবিয়া জ্ঞানবলে নিজ চঞ্চল সমুৎস্কুক চিত্তকে নিবারণ কর।
 - ৫৬। তুমি শাস্ত্রজ্ঞানী, বুদ্ধিমান, সৎকুলজাত এবং তুমি

উৎকৃষ্ট শমগুণের ভাজন; অতএব একবার কোনরূপে নিয়ম লাভ করিয়া আবার তাহা পরিত্যাগ করা তোমার উচিত নহে।

- ৫৭। যে ব্যক্তি মহাকুলজাত মনস্বী যশের অভিলাষী সম্মানপ্রার্থী, সেই ব্যক্তি আত্মাকে স্থির রাখিয়া নিধন প্রাপ্ত হয় তাহাও ভাল, কিন্তু চঞ্চলতা আশ্রয় করিয়া নিয়মশ্রপ্ত হইয়া জীবিত থাকা ভাল নহে।
- ৫৮। যেমন কোনও যোদ্ধা শরীরে কবচ ও করে চাপ ধারণ করিয়া রথে উঠিয়া যুদ্ধ করিতে প্রবৃত্ত হইয়া পলাইলে অত্যাস্থ্য নিন্দা লাভ করে, সেইরূপ কোনও ব্যক্তি ভিক্ষুর চিহ্ন ধারণ করিয়া ভিক্ষু-আশ্রম স্বীকার করিয়া যদি কামাভিত্তত হয় তবে তাহার নিন্দা হইয়া থাকে।
- ৫৯। যদি চঞ্চলচিত্ত কোনও ব্যক্তি উৎকৃষ্ট আভরণ বসন ও মাল্য এবং কাম্মুক ধারণ করিয়া ভৈক্ষ্যবৃত্তি আচরণ করিতে থাকে সে যেমন লোকের নিকট হাস্থাম্পদ হয়, সেইরূপ যে ব্যক্তি বাহিরে ভিক্ষ্র পোষাক লইয়া পরপিণ্ডে জীবিকা ধারণ করিতেছে সে গৃহস্থথের অভিলাষ করিলে হাস্থাম্পদ হইয়া থাকে।
- ৬ । যেমন কোনও শৃকর উত্তম অন্ন ভোজন, উত্তম শ্যায় শয়ন করিয়াও বন্ধনমুক্ত হইলে নিজ পরিচিত অশুচি (বিষ্ঠা প্রভৃতি) বস্তুর দিকে ধাবিত হয়, সেইরূপ কাম-ভৃষিত ব্যক্তি শ্রেয়ক্ষর বিষয় শুনিয়া গুণসম্পন্ন প্রশম-সুখের

আস্বাদন করিয়াও শমপ্রধান কানন দূরে ফেলিয়া গৃহ কামনা করে।

৬১। যেমন একটা অনলের উল্লাহাতে থাকিলে বায়ুতাজনে তাহা প্রজ্বলিত হইয়া দগ্ধ করে, যেমন সর্পকে
পদাঘাত করিলে ক্রোধে অধীর হইয়া সে আঘাতকারীকে
দংশন করে, যেমন একটা ব্যাদ্র শিশু-অবস্থায়ও গৃহানীত
হইয়া গৃহস্থের প্রাণ বধ করে, সেইরূপ স্ত্রীসংসর্গ বভবিধ
অনর্থের কারণ হইয়া থাকে।

৬২। সতএব নারীগণের চিত্তে ও শরীরে এই-সকল দোষ জানিয়া এবং কামস্থ নদীপ্রবাহের স্থায় চঞ্চল ক্রেশ এবং শোকের একমাত্র কারণ ইহা নিশ্চয় করিয়া ও মৃত্যু-পীড়িত এই জগৎ আম পাত্রের (নৃতন অদগ্ধ মৃৎপাত্রাদির) স্থায় সত্যস্ত তুর্বল ইহা সিদ্ধান্ত করিয়া মোক্রের দিকে স্বীয় অনুপম বৃদ্ধির পরিচালনা কর। উৎকণ্ঠা পোষণ করা উচিত নহে।

मोन्मत्रनम कार्या अष्ट्रेम मर्ग ममाश्व

নবম সর্গ

মদাপবাদ (মত্তা নিষেধ)

- ১। ভিক্ষু নন্দকে ঐ-সকল কথা বলিলেও তিনি প্রিয়ার প্রতি আসক্তি পরিত্যাগ করিলেন না। তিনি প্রিয়াকেই চিন্থা কবিতেছিলেন বলিয়া বিহ্বলতা হেতু তদীয় বাক্য শুনিতে পাইলেন না।
- ২। যেমন মুমূর্রোগী হিতকামী বৈভের বাকা গ্রহণ করে না, সেইরূপ বল, রূপ ও যৌবনে মত্ত নন্দও তদীয় হিতকর বাকা গ্রহণ করিলেন না।
- ৩। অজ্ঞানে যাহার চিত্ত আবৃত রহিয়াছে, রাগ-জনিত পাপ যে তাহাকে অভিভূত করিবে ইহা আশ্চর্যা নহে। অজ্ঞান যথন বিনাশ প্রাপ্ত হয়, তখনই লোকের পাপ নিবৃত্ত হইয়া থাকে।
- ৪। অনস্তর সেই বৌদ্ধসন্থ্যাসী নন্দকে বল, রূপ ও যৌবনে অত্যস্ত বিক্ষিপ্তচিত্ত এবং গৃহ-গমনে অত্যস্ত অহুরাগী দেখিয়া শান্তির জ্বন্স বলিতে লাগিলেনঃ—
- ৫। তুমি বল, রূপ ও যৌবনকে যেরূপ ভাবিতেছ তাহা
 আমি বুঝিয়াছি। আমি ঐ তিনটীকে যেরূপ অস্থির বুঝি
 তুমি তাহা বুঝিতেছ না।

- ৬। এই দেহ রোগের আয়তন, জরার অধীন, নদীতটের রক্ষের আয় চঞ্চল, জলফেনের আয় তুর্বল, তাহা তুমি জান না, যে হেতু তুমি তাহাকে অত্যস্ত সবল মনে করিতেছ।
- ৭। এই শরীর অন্ধ পান অশন ও গমনাদি কার্য্যের স্বন্ধতা বা আধিক্য হেতু যখন বিপদ্ প্রাপ্ত হয়, তখন আর বলের অভিমান কেন ?
- ৮। হিম আতপ ব্যাধি জরা ও ক্ষ্ধা প্রভৃতি অনর্থের দ্বারা জগৎ (মৃত্যুর দিকে) নীত হয় এবং গ্রীম্মকালে সূর্যারশ্মি দ্বারা জলের ক্যায় ক্ষয় প্রাপ্ত হয়, হে বলদর্শী, ভূমি কি ভাবিতেছ ?
- ৯। বক্ অস্থি মাংস ও রক্ত প্রভৃতি লইয়া যে দেহ গঠিত তাহা আহার-বলেই রক্ষা পায়। তাহা নিরম্বর পীড়িত হয় ও তাহার ক্ষুধা প্রভৃতির প্রতিকারে ব্যস্ত থাকিতে হয়। অতএব আমি শক্তিশালী এই অভিমানে নষ্ট হইতেছ কেন ?
- ১০। বেমন কোনও মনুষ্য মৃন্ময় আম ঘট আশ্রয় করিয়া তরঙ্গবিক্ষুক্ত সমুদ্র উত্তীর্ণ হইতে উন্নত হয়, সেইরূপ অসার দেহ লইয়া লোক বিষয়-ভোগে উন্নত ও বল প্রয়োগে প্রবৃত্ত হয়।
- ১১। এই শরীর মৃন্ময় আম ঘট অপেকাও অসার ইহা আমার মনে হয়; কারণ ঘট যত্নে রক্ষা করিলে বহুকাল

অক্ষুণ্ণভাবে থাকে, কিন্তু এই দেহ অতি যত্নে রক্ষা করিলেও নিষ্ট হইয়া যায়।

- ১২। শরীরাশ্রিত জল পৃথিবী বায়ুও তেজ ধাতু বিষম সর্পের গ্রায় শরীরে নিরুদ্ধ হইয়াও অনর্থহেতু হইয়া থাকে। তবে রোগ-বিষয়েই বা বলের চেষ্টা কেন করিতেছ ?
- ১৩। সর্পগণ মন্ত্রে উপশন প্রাপ্ত হয়, কিন্তু শরীরধাতু মন্ত্রে উপশন লাভ করে না। কোনও কোনও সর্প কাহাকেও কাহাকেও দংশন করে, কিন্তু শরীরধাতু সর্বাদা সকলকে পীড়া দেয়।
- ১৪। এই শরীর শয়ন অশন পান ও ভোজনাদি গুণ দারা বহুকাল যত্ন করিলেও একটা মাত্র ব্যতিক্রমও সহা করে না, যেহেতু বিষম ভূজপের স্থায় অল্পকালেই উহা কুপিত হয়।
- ১৫। যখন হিমে আর্ভ হইয়া জীবের অগ্নিসেবা করিতে হয়, গ্রীমে পীড়িত হইয়া শীতল বস্তুর প্রার্থনা করিতে হয়, ক্ষুধান্বিত হইয়া অন্নের এবং তৃষ্ণান্বিত হইয়া জলের আকাজ্জা করিতে হয়, তখন বল কোথায়, বল কিরূপ পদার্থ এবং কাঁহার গু
- ১৬। অতএব শরীরকে এইরপে নানা রোগে আত্র জানিয়া আমি সবল এই কথা ভাবিতে পার না। এই জগৎ অসার তুঃখপরিণাম এবং অনিশ্চিত, এজগতে কোনও বলই ব্যবস্থিত নহে।
 - ১৭। অশনি যেমন গিরির শৃঙ্গ ভগ্ন করে সেইরূপ ভৃগু-

পুত্র পরশুরাম যাহার সহস্রথাহু কর্ত্তন করিয়াছিলেন, সেই সহস্রবাহুসম্পন্ন কার্দ্তবীর্য্যার্জ্জুনের সে বল কোথায় গু

- ১৮। তরঙ্গরাজের পুটভেদী, কংসঘাতক হরির সেই বলই বা কোথায় ? ক্রুমাগত জরা যেমন স্থানর কান্তি নাশ করে সেইরূপ একবাণেই জরা (ব্যাধ) তাঁহাকে হত করিয়াছিল।
- ১৯। দেবতাগণের ক্রোধজনক সেনাস্থ্রক্ত নমুচি দৈত্যের সে শক্তি কোথায়—ক্রুদ্ধ কৃতান্তের স্থায় যুদ্ধস্থলে বর্ত্তমান যে দৈত্যকে ইন্দ্র বজ্ঞ দার। নাশ করিয়াছিলেন ?
- ২০। যে-সকল কুরুবংশীয় যোদ্ধ্যণ শক্তি ও বেগ বশতঃ যজ্ঞস্লে সমিৎপ্রদীপ্ত, প্রজ্ঞলিত বহ্নির স্থায় প্রজ্ঞলিত হইয়া পর্য্যাবসানে গতাস্থ হইয়া ভত্মরূপে পরিণত হইয়াছেন, ভাঁহাদের সে শক্তিই বা কোথায় ?
- ২)। অতএব যাঁহারা যাঁহারা বল-বীর্য্যের অভিমান করিতেন তাঁহাদের সকলেরই বল প্রতিহত হইয়াছে জানিয়া এবং এই জ্বাৎ জরা ও মৃত্যুর একান্ত অধীন নিশ্চয় করিয়া আর বল বিষয়ে অহঙ্কার করা তোমার উচিত নহে।
- ২২। অথবা যদি তোমার বল মহৎ বলিয়াই বিশ্বাস থাকে তবে ইন্দ্রিয়গণের সহিত যুদ্ধ কর; যদি জয় হয় তবেই তোমার বল মহৎ (সার্থক), আর যদি পরাজয় হয় তবে তোমার বল নির্থক।
 - ২০। যেহেতু, যাহারা অশ্ব রথ ও হস্তার সহিত পুরুষ-

গণকে জয় করে তাহারা সেরূপ প্রকৃত বীর নহে, যেরূপ ষড়্-ইন্দ্রিয়জয়কারী মনীয়ী ব্যক্তিগণ প্রকৃত বীর।

- ২৪। নিজে বপুমান্ বলিয়া যে মনে করিতেছ, তাহাও ঠিক নহে ইহা ভূমি স্বীকার করিয়া লও। (শরীরের সৌন্দর্য্যের জন্ম বিখ্যাত) গদ, সাম্য ও সারণের সেই বিখ্যাত শরীর এখন কোথায় ?
- ২৫। যেমন ময়ুর স্বভাব-চঞ্চল বিচিত্র পুচ্ছের অধিকারী হইয়া উৎকৃষ্ট রূপ ধারণ করে, সেইরূপ যদি শরীরের সংস্কার বাতীত ঐরূপ রূপ ধারণ করিতে পার, তবেই (তোমাকে) প্রকৃত রূপবান্ বলা যায়।
- ২৬। যদি বসনে বীভংস্থ স্থান সকল আচ্ছাদন না করা যায়, যদি শৌচকালে জল স্পর্শ না করা হয়, এবং বিশুদ্ধি বিশেষ আশ্রয় না করা যায়, তবে তোমার শরীর কিরূপ হইবে ?
- ২৭। নিজ নবীন বয়স আলোচনা করিয়া তোমার চিত্ত যে বিষয়-সুখ লাভ করিবার জন্ম গৃহোন্মুখ হইয়াছে, শৈল-নদীর বেগের স্থায় উহাকে সংযত কর। যৌবন ক্রত চলিয়া যায়, ফিরিয়া আসে না, উহা ক্ষণভঙ্গুর।
- ২৮। এক ঋতু চলিয়া যায়, আবার ফিরিয়া আসে; চন্দ্র একবার ক্ষয় প্রাপ্ত হইয়া, আবার প্রত্যাবর্ত্তন করে; কিন্তু নদীর জল ও লোকের যৌবন একবার চলিয়া গেলে আর কিরিয়া আসে না।

- ২৯। যখন তুমি দেখিবে তোমার মুখের শাশ্রাজি বিবর্ণ হইয়াছে, শরীরের চর্মা লুলিত হইয়াছে, দন্ত বিশীর্ণ, জ্র শিথিল ও মুখ প্রভাশৃত্য জর্জর হইয়াছে, তখন জরার আক্রমণে. মদশৃত্য হইবে।
- ৩০। লোক মন্ততাজনক উত্তম পান্দ্রব্য পান করিয়।
 নিশা অবসানে বহুকাল পরে মন্ততাশৃন্ম হয়; কিন্তু বল, রূপ
 ও যৌবন-মদে মন্ত ব্যক্তি জরা প্রাপ্ত না হইয়া মন্ততা-মৃক্ষ
 হয় না।
- ৩১। যেরপ ইক্ষুদণ্ডের রস গ্রহণ করিয়া ফেলিয়া দেওয়া হইলে সে দহনের জন্ম শুক্ষ হইতে থাকে, সেইরূপ জরাযন্ত্রনিপীড়িত এই শরীর সারহীন হইলে মরণের জন্ম সংপক্ষা করে।
- ২২। যেমন একটা উন্নত বৃক্ষ ছুইটা লোক কর্তৃক করপত্র (করাত) দারা পীড়িত হইয়া (পতনকালে) বহু খণ্ডে বিভগ্ন হয়, সেইরূপ দিন ও রাত্রির দারা পরিচালিত হইয়া জর। উন্নত প্রজাগণকে পাতিত করে।
- ৩৩। জরা হইতে স্মৃতি লুপ্ত হয়, শরীরের পরাভব হয়, রতি নষ্ট হয়, কর্ণ ও চক্ষুর দোষ জ্বানে, শ্রম উপস্থিত হয়, বল ও বীর্য্য নষ্ট হয়, অতএব জরার স্থায় দেহীর পক্ষে এমন শত্রু আর নাই।
- ৩৪। অতএব জরাকে জগতের অত্যস্ত ভীতিজনক ভাবিয়া উপদেশক গ্রহণ কর, আমি বপুমান, আমি

করবান্ ও যুবা এই বলিয়া অনার্য্য অভিমান করা তোমার উচিত নহে।

- ৩৫। কলিতে শরীর লইয়াই আমি আমার ইত্যাদি সাংসারিক জ্ঞান হইয়া থাকে। যদি সংসার হইতে মুক্তি চাও তবে উহা পরিত্যাগ কর। আমি ও আমার এই জ্ঞানই ভয়ের কারণ।
- ৩৬। বিবিধ অত্যাচার দারা উপক্রত শরীর যখন কাহারও বশে থাকে না, তখন আপদের গৃহ এই শরীর আমি বা (ইহা) আমার ইহা জানিতে কি করিয়া সমর্থ হইবে ?
- ৩৭। যে ব্যক্তি পন্নগযুক্ত অবিশুদ্ধ গৃহকে বিশুদ্ধ করিয়া সন্তোষের সহিত অবস্থান করে, সেই বিপরীতবৃদ্ধিসম্পন্ন ব্যক্তি ছুষ্টধাতুযুক্ত নশ্ব দেহে একাস্ত রতি প্রাপ্ত হয়।
- ৩৮। যেমন পরাক্রান্ত কুনুপতি প্রজাগণের নিকট হইতে অশেষ ধন রত্ন আহরণ করে, কিন্তু তাহাদের রক্ষার প্রতি দৃষ্টি করে না, সেইরূপ কায় বহু ব্যসনাদি উপকরণ আহরণ করে, কিন্তু অনুকৃলতা আশ্রয় করে না।
- ৩৯। যেমন ক্ষিতিতে যেখানে-সেখানে যত্ন ব্যতিরেকেও গৃহ [মূলে গৃহ আছে, কিন্তু ইহা বোধ হয় তৃণ হইবে] হইতে পারে; কিন্তু ধান্ত অতি যত্ন করিলে তবে জন্মে; সেইরূপ সংসারে ছঃখ ব্যতিরেকে যেখানে-সেখানে যত্ন হইয়া থাকে, কিন্তু সুখ কোথাও অতি যত্ন করিলে হয় অথবা হয় না।

- ৪০। অতি কষ্টময় চঞ্চল শরীরধারী ব্যক্তির বাস্তবিক ত্থ কিছুতেই নাই, অতি ক্ষ্ম তৃঃখ উপস্থিত হইলেও তাহার প্রতীকার-চেষ্টায় লোকে স্থাখের আকাজ্ঞা করে।
- 8)। যেরপে প্রচুর ইপ্সিত স্থাধর অপেক্ষা না করিয়া অল্প মাত্র ছংখও শরীরকে কণ্ট দেয়, সেইরূপ ছংখের অপেক্ষা না করিয়া কাহারও কোন বিষয়ে স্থুখ হয় না।
- ৪২। যদি তুমি ফলের অমুরোধে শরীরকে এইরপ বহু তুঃখময় নশ্বর বলিয়া বোঝ, তবে শস্তকামী গোর স্থায় ফলোশুখ চিত্তকে ধৈর্য্যবিশাতে সংযত কর।
- ৪০। যেমন অগ্নিতে হবিঃ প্রক্ষেপ করিলে উহা শাস্ত হয় না, পরস্ত জ্বলিয়া উঠে, সেইরূপ কামভোগ চিত্তের তৃপ্তি সাধন করে না, পরস্ত কাম-স্থে যেমন সংলগ্ন হয় অমনি তাহার বিষয়ভোগের ইচ্ছা বাড়িতে থাকে।
- 88। যেরূপ কুষ্ঠরোগী ব্যক্তি শরীরে উত্তাপ দান করিয়া শান্তি প্রাপ্ত হয় না, সেইরূপ অজিতেন্দ্রিয় ব্যক্তি বিষয় ভোগে রত হইয়া তাহাতে শান্তি প্রাপ্ত হয় না।
- ৪৫। যেরপ ভৈষজ্যস্থারে আকাজ্মায় মোহবশতঃ কেহ রোগ ভজনা করে, রোগক্ষয় ভজনা করে না, সেইরূপ বিষয় ভোগের আকাজ্মায় মোহবশে বহুছঃখভাজন শরীরে রভি প্রাপ্ত হয়।
 - ৪৬। যে ব্যক্তি পুরুষের অনিষ্ট কামনা করে সেই

ব্যক্তি ঐ কর্ম হেতু তাহার শত্রু হয়। বিষয়গুলি অনর্থের মূল, অতএব শত্রুর স্থায় তাহাকে পরিত্যাগ করা উচিত।

৪৭। যে সকল শক্ত পুরুষের নিধন কামনা করে তাহারই আবার কালক্রমে তাহার মিত্রতা প্রাপ্ত হইয়া থাকে। কিন্তু ইহকাল ও পরকাল ছঃখের হেতু কামসমূহ কখনও কাহারও মঙ্গলময় হয় না।

৪৮। যেমন কিম্পাক ফল (মাকাল ফল) স্থন্দর রস বর্ণ ও গন্ধ সত্ত্বে লোকের অনিষ্ট সাধন করে, কিন্তু পুষ্টি সাধন করে না, ঐরূপ বিষয়সমূহ চঞ্চলচিত্ত ব্যক্তির অনর্থই উৎপাদন করিয়া থাকে, উন্নতি সাধন করে না।

- ৪৯। মোক্ষধর্মাই জগতের উত্তম হিত ইহা নিকাম অস্তঃকরণ দ্বারা নিশ্চয় করিয়া সজ্জনগণের সম্মানিত আমার এই
 মত গ্রহণ কর, অথবা কথা বলিয়া তোমার (অভিপ্রায়)
 নিশ্চয় জানাও।
- ৫০। এইরপে বহুপ্রকারে শাস্ত্রজ্ঞান্ত শ্রমণ নন্দকে হিত উপদেশ দিলেও, মদমত হস্তী যেমন মদান্ধতাবশতঃ ধৈর্য্য ও সুখ পায় না সেইরপ, নন্দ ধৈর্য্য বা সুখ লাভ করিলেন না।
- ৫১। পরে সেই ভিক্ষু নন্দের চঞ্চল চিত্ত গৃহমুখে আসক্ত, ধর্ম্মে আসক্ত নহে, ইহা জানিয়া জীবের আশয় ও অমুশয় ভাব পরীক্ষাকারী তত্তজ্ঞ বুদ্ধের নিকট ঐ-সকল বলিলেন।

সৌন্দরনন্দ কাব্যে নবম সর্গ সমাপ্ত

দশম সর্গ

স্বৰ্গ-নিদৰ্শন

- ১। সদ্বত-ত্যাগেচ্ছু ভার্য্যাদর্শনেচ্ছু গৃহগমনোৎস্ক নিরানন্দ ধৈর্যাহীন নন্দের কথা শুনিয়া মুনি ভাঁহাকে উদ্ধার করিবার ইচ্ছা করিয়া আহ্বান করিলেন।
- ২। চিত্তভ্রষ্ট মোক্ষমার্গচ্যুত তাঁহাকে আগত দেখিয়া স্মৃচিত্ত মুনি তাঁহাকে চিত্তখ্বলনের কথা জিজ্ঞাসা করিলেন।• তিনিও লজ্জিত হইয়া লজ্জাশীল নিশ্চয়ক্ত মুনির কাছে নিজের নিশ্চয়ের কথা বলিলেন।
- ৩। অনস্তর স্থগত তাঁহাকে ভার্য্যারূপ অন্ধকারে ভ্রমণ করিতে দেখিয়া সাধু যেরূপ জলে মল শোধন করে, সেরূপভাবে তাঁহার উদ্ধার মানসে তাঁহাকে হাতে ধরিয়া আকাশে উঠিলেন।
- 8। প্রসন্ধ আকাশে কাষায়বস্ত্রধারী কনকবর্ণ তাঁহার।
 ছইজন সরোবরে সঞ্চরণশীল পরস্পর-আলিঙ্গনবদ্ধ বিস্তারিতপক্ষ চক্রবাক্-যুগলের স্থায় শোভা পাইতেছিলেন।
 - ৫। তাঁহারা দেবদারুস্থগন্ধযুক্ত নদী-সরোবর-

প্রস্রবণসমূহ-শোভিত ধাতুমান্ দেবীর্ষিজুষ্ট হিমবানের কোনও শিখরে শীঘ্র উপস্থিত হইলেন।

- ৬। অপার আশ্রয়হীন আকাশের মধ্যে দ্বীপের আয় সিদ্ধ-চারণ-সেবিত কোনও কল্যাণময় পর্বতে আসিলেন। ঘৃতাহুতির ধুম ঐ পর্বতের উত্তরীয়ের স্থায় দেখাইতেছিল।
- ৭। শাস্ত-ইন্দ্রিয়-বিশিষ্ট বুদ্ধমূনি সেখানে অবস্থিত হইলে নন্দ চারিদিকে গুহা কুঞ্জ ও বনচরজীব প্রভৃতি যাহার। শোভা সম্পাদন এবং রক্ষণ করিতেছিল, সে গুলিকে দেখিলেন।
- ৮। সেই বছবিস্তৃত শ্বেতবর্ণ পর্ববতশিখরে ময়ুরগণ পুচ্ছ সংক্রিপ্ত করিয়া শয়ন করিয়াছিল। তাহাদিগকে আয়ত ও পীনবাহু বলদেবের বাছস্থিত বৈছ্র্য্যময় কেয়ুরের ফ্রায় দেখাইভেছিল।
- ৯। সিংহ মনঃশিলা ধাতুর সংস্রবে পীতাঙ্গ হইয়া শোভা পাইতেছিল, আকাশের রোপ্যনির্মিত শীর্ণ অঙ্গদের উপর যেন উত্তপ্ত স্থবর্ণখচিত কারুকার্য্যের স্থায় দেখাইতেছিল।
- ১০। ক্লাস্কিহেতু ব্যায়ত, খেলগামী এবং গিরির প্রস্রবণের জল পানেচ্ছু ব্যাঘ্র লাঙ্গুলচক্রে দক্ষিণ স্কন্ধে স্থাপন করিয়া শোভা পাইতেছিল। দেখা যাইতেছিল যেন

পিতৃলোকদিগকে জল দান করিতে (তর্পণ করিতে) ইচ্ছুক হইয়া অপসব্য' করিয়াছে।

- ১১। চঞ্চলকদম্ববিশিষ্ট হিমালয়ের নিতম্বদেশে সুদীর্ঘ তরুতে চমর লম্বিত হইয়াছিল। সাধুচরিত্র কুলীন যেরূপ শ্রীতিবন্ধন ছেদন করিতে পারে না, এই চমরও সেরূপ বৃক্ষে লগ্ন স্বীয় পুচ্ছকে ছিন্ন করিতে পারে নাই।
- ১২। স্থবর্ণগৌরবর্ণ কিরাতসমূহ ময়য়পুচ্ছ দার। গাত্ররেখা উজ্জ্বল করিয়া পর্বতের উদ্গারের ন্যায় গুহা হইতে ব্যাদ্র গতিতে বহির্গত হইতেছিল।
- ১০। গুহাবিচরণকারিণী অতিস্থন্দরী মনোহর-শ্রোণিকুচোদরবিশিষ্টা কিন্নরীসমূহ উদ্ধবিকীর্ণপুষ্পা লতাসমূহের
 স্থায় শোভা পাইতেছিল।
- ১৪। কপিগণ পর্বত হইতে পর্বতাস্তরে দেবদার:সমূহকে ক্লেশ দিয়া বিচরণ করিতেছিল; এবং ব্যর্থান্ত্র্যাহ
 স্বামীর স্থায় ভাহাতে ফল না পাইয়া ভাহা হইতে চলিয়া
 যাইতেছিল।
- ১৫। সেই বানরযুথজ্ঞ নিষ্পীড়িত অলক্তক সদৃশ রক্তমুখী একচক্ষ্হীন একটী বানরীকে দেখিয়া মুনি নন্দকে বলিলেন:—
- ১। তর্পণকালে উপবাত বা উত্তরীয় দক্ষিণ ক্ষত্কে স্থাপন করিতে
 হর, ইহাকে 'অপস্ব্য' করা বলে।

- ১৬। সেই রমণী যেখানে তোমার মন আকৃষ্ট হইয়াছে এবং ঐ যে একচক্ষ্ বানরীকে দেখিতেছে, এই ত্জনের মধ্যে কে রূপে ও চেষ্টায় বেশী সুন্দর ?
 - ১৭। স্থগত এইরপে বলিলে নন্দ একটু হাসিয়া বলিলেন,—কোথায়, ভগবান্, রমণীশ্রেষ্ঠ আপনার বধ্ (স্বন্দরী) আর কোথায়ই বা এই পর্বতক্লেশদায়িকা বানরী।
 - ১৮। অনস্তর মুনি তাঁহার কথা শুনিয়া মনে অশ্য কোন একটী উদ্দ্যেশ্য পোষণ করিয়া নন্দকে লইয়া ইন্দ্রের নন্দন-কাননে উপস্থিত হইলেন।
 - ১৯। যেখানে কতকগুলি বৃক্ষ ঋতুতে ঋতুতে ক্ষণে ক্ষণে বিভিন্ন আকৃতি ধারণ করে, কতকগুলি ক্ষণে ক্ষণে বিভিন্ন আকৃতি ধারণ করে; কোনও কোনও বৃক্ষ আবার ছয় ঋতুর বিচিত্র সমগ্র সৌন্দর্য্য ধারণ করে।
 - ২০। কোনও কোনও বৃক্ষ স্থানর সুরভি-বিশিষ্ট, কোনও কোনও বৃক্ষ বিচিত্র গ্রাথিত মালা ধারণ করিয়াছে। কোনও কোনও বৃক্ষে বা কুণ্ডল হইতেও মনোহর রমণীর কর্ণালঙ্কারের আকৃতি-বিশিষ্ট পুষ্প প্রকৃটিত হইয়াছে।
- ২১। কোনও বৃক্ষে রক্ত-কমল প্রক্ষৃটিত হওয়াতে প্রদীপ-বৃক্ষের স্থায় শোভা পাইতেছে। কোথাও বা নীলোৎপল প্রক্ষৃটিত হওয়াতে মনে হইতেছে যেন সেই বৃক্ষগুলি উশ্বীলিত নয়নে চাহিয়া বহিয়াছে।

- ২২। কোনও রক্ষে নানারাগবিশিষ্ট, প্রাণ্ড্রবর্ণ, স্থ্বর্ণ-রেখাখচিত, ভাঙ্কবিহীন, ঘন সূক্ষা বস্ত্রসকল ফলিয়া রহিয়াছে।
- ২৩। যেখানে হার, মণি, স্থন্দর কুগুল, উত্তম কেয়্র নুপুর প্রভৃতি স্বর্গান্থরূপ আভরণ বৃক্ষে ফলিয়া থাকে।
- ২৪। সেখানে যে পদ্ম হয় সেগুলার গন্ধ অতি মনোহর সেগুলা সুখস্পর্শ। ভাহাদের নাল বৈদ্ধ্যনির্দ্ধিত, পদ্ম কাঞ্ননির্দ্ধিত, কেশর হীরকনির্দ্ধিত।
- ২৫। মণিহেমচিত্র বৃক্ষসকল, দেবতাদের ক্রীড়ার সহায়, এবং তাহাদিগের পত্রের স্থায় বিস্তৃত বহুবিধ শব্দায়মান বাজ্যের সেই সকল দৃঢ় উপকরণ প্রসব করে।
- ২৬। যেখানে মন্দার, পদ্ম, এবং পুষ্পানত কোকনদ বৃক্ষকে মহাত্ম্যগুণে পরাজিত করিয়া শোভমান্ পারিজাত বৃক্ষ বর্ত্তমান আছে।
- ২৭। অখিন্ন তপস্থা ও শীলের প্রভাবে কৃষ্ট স্বর্গভূমিতে এইরূপ দেবতাদিগের চিত্তানুরূপ ভোগবিধানকারী বৃক্ষসকল জন্মগ্রহণ করে।
- ২৮। যেখানে বিহঙ্গণের বদন মনঃশিলা-তুল্য, চকু ফটিকের স্থায়, পক্ষ লোহিতান্ত হরিদবর্ণ, এবং পাদদ্বয় অধ্যাত মঞ্জিষ্ঠাবর্ণ।
- ২৯। স্থবর্ণচ্ছদবিশিষ্ট, বৈদ্র্য্যনীল নয়নযুক্ত, শীঞ্জিরিকা নামক পক্ষীও শ্রোত্তমধুর রবে মন হরণ করে।

- ৩০। যেখানে পক্ষিগণ অগ্রভাগে রক্তবর্ণ, মধ্যভাগে স্বর্ণবর্ণ এবং উপাস্থে ও মধ্যে বৈদ্ব্যবর্ণ লতাসমূহ দ্বারা শোভিত হইয়া বিচরণ করে।
- ৩১। রোচিষ্ণু নামে পক্ষিগণ দীপ্ত অগ্নির তুল্য উজ্জ্বল বদনে মনোহর স্বর দ্বারা অপ্সরাদিগের মন হরণ করিয়া এবং শরীর দ্বারা দৃষ্টি আকর্ষণ করিয়া বিচরণ করে।
- ৩২। যেখানে ইউ-চেপ্টাযুক্ত সতত-প্রক্ষ অকাতর জরা ও শোক-বিহীন স্বয়ংপ্রভ পুণ্যকারী হীন মধ্যবর্তী ও উত্তম ব্যক্তিগণ নিজ নিজ কর্মদ্বারা শোভিত হয়।
- ৩৩। সেই নিত্যোৎসবযুক্ত তন্দ্রা-নিদ্রা-অরতি-শোক-রোগ-বিহীন লোক দেখিয়া নন্দ জরামৃত্যুক্ত সদাছঃখনীল নরলোককে শুশান বলিয়া মনে করিলেন।
- ৩৪। নন্দ বিশ্বয়োৎফুল্ললোচনে চারিদিকে সেই ঐক্র বন দেখিতে লাগিলেন। অপ্সরাগণ হর্ষান্বিত হইয়া সগর্কে পরস্পরকে দেখিতে দেখিতে চারিদিকে ভ্রমণ করিতেছিল।
- ৩৫। তাহারা চির-যুবতী, মদনৈককার্য্যা, পুণ্যবান্দিগের সাধারণ বিহার স্বরূপ। তাহারা স্বর্গীয়, তাহাদের পরিগ্রহে কোনও দোষ নাই। তাহারা দেবতাদিগের তপস্থার ফলস্বরূপ।
- ৩৬। তাহাদের মধ্যে কেহ কেহ ধীরভাবে উদাত্তস্বরে গান করিতেছিল। কেহ কেহ পদ্মগুলিকে ললিতভাবে

ভাঙ্গিতেছিল। অপরে স্তনভিন্ন-হার-বিশিষ্টা, বিচিত্র অঙ্গ-চালনের সহিত পরস্পার হর্ষে নৃত্য করিতেছিল।

৩৭। যেখানে বিলাসবতী অপ্সরাগণ তপস্থারূপ মূল্য দারা স্বর্গ ক্রয়ের জন্ম কুতনিশ্চয় তপস্বীদিগের খিন্ন মন হরণ করিতেছিল।

৩৮। পত্রাসমাচ্ছাদিত সরোবরে কলহংসসঞ্চারিত পদ্মের আয় কাহারও কাহারও চঞ্চলকুগুলবিশিষ্ট বদনমগুল বনমধ্য হইতে শোভা পাইতেছিল।

৩৯। মেঘের মধ্য হইতে তড়িতের স্থায় বনমধ্য হইতে তাহাদিগকে নিঃস্ত হইতে দেখিয়া চঞ্চল জল মধ্যে চন্দ্রের প্রভাব স্থায় অনুরাগে নন্দের শরীর কম্পিত হইতে লাগিল।

৪০। কোতৃহল-বিশিষ্ট দৃষ্টি দ্বারা সংশ্লেষতৃষ্ণায় জাতারুরাগ হইয়া নন্দ তাহাদের দিব্য বপু ও ললিত চেষ্টা মনে মনে হরণ করিলেন।

8)। তৃষিত নন্দ অপ্সরাদিগকে ভোগ করিতে ইচ্ছা করিয়া, তাহাদিগকে পাইবার জন্ম তুঃখিত ও কাতর হইয়া, এবং চঞ্চল ইন্দ্রিয়রূপ অশ্বগণ কর্তৃক মনোরথে হৃত হইয়া কিছুতেই ধৈর্যা অবলম্বন করিতে পারিলেন না।

8২। লোকে যেরপে মলিন বস্ত্রকে মল নাশের জন্য— মলোৎপত্তির জন্য নয়—পুনরায় ক্ষারের দ্বারা মলিন করে, বুদ্ধদেবও সেইরপে নন্দকে পবিত্র করিবার জন্য (অঞ্চরা-রূপ) রজে আকর্ষণ করিয়াছিলেন।

- ৪০। ভিষক্ যেমন শরীর হইতে রোগ-ক্রেশ তাড়াইবার জন্ম রোগীকে ক্লেশ দেন, সেইরূপ মুনি নন্দের অমুরাগ নষ্ট করিবার জন্ম তাঁহাকে আরও গাঢ়তর অমুরাগের ভিতর লইয়া গেলেন।
- 88। উদিত সূর্য্যের দীপ্তি যেরূপ দীপের প্রভা নষ্ট করে, সেরূপ অপ্সরাদিগের সৌন্দর্য্য মন্থ্য-লোকের রমণী-দিগের সৌন্দর্য্যকে নষ্ট করে।
- ৪৫। মহৎ রূপ অনুমাত্র রূপকে নষ্ট করে, মহান্ শব্দ অল্ল শব্দকে পরাভূত করে, গুরু রোগ স্বল্প রোগকে নষ্ট করে। সমস্ত মহান্ই অণুমাত্রের বধের হেতু।
- ৪৬। মুনির প্রভাবেই নন্দ তাহাদের দর্শন সহ্ছ করিতে পারিয়াছিলেন, যাহা অপরে পারে না। অপ্সরাদিগের সৌন্দর্য্য রাগযুক্ত হুর্বলের মন দহন করে।
- ৪৭। তখন নন্দকে জাতরাগ—কিন্তু ভার্য্যাসম্বন্ধে গতরাগ মনে করিয়া অনুরাগ দারা অনুরাগ নষ্ট করিতে ইচ্ছা করিয়া মুনি বলিলেনঃ—
- ৪৮। এই-সকল দেবাঙ্গনাদিগকে দেখ। দেখিয়া সত্য কথা বল। ইহারা অথবা যেখানে তোমার মন আছে সে—ইহাদের মধ্যে রূপে ও গুণেকে তোমার কাছে স্থুন্দর বলিয়া মনে হয়।
- ৪৯। তখন নন্দ অপ্সরাদিগের প্রতি দৃষ্টি নিবিষ্ট করিয়া ছিলেন। তাঁহার হৃদয় রাগাগ্নি দারা প্রজ্ঞলিত হইতেছিল।

তিনি কামযুক্ত চিত্তে গদ্গদ ভাবে কৃতাঞ্চলি হইয়। বলিলেন:—

- ৫০। সেই একচক্ষ্হীন বানরী ও আপনার বধূর মধ্যে যে ভেদ, সেই বধূ ও এইসকল অপ্সরাদিগের মধ্যে সেই প্রভেদ।
- ৫১। ভার্য্যা স্থন্দরীকে দেখিয়া যেমন পূর্ব্বে অশু কোনও স্ত্রীতে আমার আস্থা ছিল না, ইহাদের রূপ দেখিয়া তাহার প্রতি এখন আমার বিন্দুমাত্র আস্থা নাই।
- ৫২। যেরপ মৃছ-আতপপ্রতপ্ত (বস্তু) মহানলে দগ্ধ হয়, সেরপ আমি মৃছ অনুরাগ দারা প্রতপ্ত হইয়া এখন মহা^ছ অনলে দগ্ধ হইতেছি।
- ৫৩। হতক্ষণ পর্যান্ত আমি অজ্ঞশক্র (?) ন্যায় দগ্ধ না হই, ততক্ষণ আমাকে বাক্যরূপ জল দারা সিক্ত করুন। বৃক্ষাগ্র পর্যান্ত উত্থিত অগ্নি যেরূপ শুক্ষ তৃণকে দগ্ধ করে, সেইরূপ রাগাগ্নি আজ্ঞাই আমাকে দগ্ধ করিতে ইচ্ছা করিয়াছে।
- ৫৪। মুনে, তুমি প্রসন্ন হও, আমি অবসন্ন হইতেছি। আমাকে মুক্ত কর। হে পৃথিবীসদৃশ ধৈর্য্যশালিন্, আমার আর ধৈর্য্য নাই। আমার মন বিমুক্ত হইয়াছে। প্রাণ ত্যাগ করিতে বসিয়াছি। মুমূর্ আমাকে বাক্যরূপ অমৃত দাও।
- ৫৫। হে মহাভিষক্, আমাকে ঔষধ দাও। আমি কন্দর্পরপ-সর্প দারা হৃদয়ে দই হইয়াছি। সেই সর্পের ফণা "অমঙ্গল", দৃষ্টি তাহার (ধ্বংস) নাশজনক, প্রমাদ তাহার দংষ্ট্রা, আর তমঃই তাহার অগ্নিসদৃশ বিষ।

ু ৫৬। এই আঘাতকারী মদন-সর্প দ্বারা দন্ত হইয়া কেহই মনে অচঞ্চল হইয়া থাকিতে পারে না। চঞ্চলচিত্ত (সাংখ্যকর্মন-প্রবক্তা) বোঢ়ুর মন মুগ্ধ হইয়াছিল, ধীমান শন্তমু
ক্ষীণতা অবলম্বন করিয়াছিলেন।

৫৭। তুমি আমার বিশিষ্ট অবলম্বনীয় আশ্রয় সত্ত্বে, আমি যাহাতে বহু দিকে বিক্ষিপ্ত না হই এবং যাহাতে ব্যসন ক্ষয় প্রাপ্ত হইয়া (পুনরায়) গৃহে যাইতে পারি আমাকে তুমি সেইরূপ উপদেশ দাও। ইহা আমি বলিতেছি।

ক্চি। চন্দ্র যেরূপ রাত্রির অন্ধকার নাশ করে সেরূপ তাহার হাদয়ের তমঃ নাশ করিতে ইচ্ছা করিয়া জগতের তমো-হরণকারী তমোবিহীন মহযিশ্রেষ্ঠ গৌতম বলিলেনঃ—

ু কে। ধৈষ্য ধারণ পূর্বক বিকৃতি ত্যাগ করিয়া চিত্ত নিগৃহীত করিয়া শ্রেবণ কর। এই-সকল রমণীদিগকে কর্ণ ও যদি প্রার্থনা কর তাহা হইলে শুল্ফস্বরূপ উত্তম তপ্রসা কর।

৬০। ইহাদিগকে বল সেবা সংপ্রদান বা রূপবত্তা দ্বারা লাভ করা যায় না। কেবল মাত্র ধর্মচর্চ্চা দ্বারা ইহাদিগকে লাভ করা যায়। সেইরূপ ইচ্ছা থাকিলে ধর্ম্ম আচরণ কর।

৬১। এই স্বর্গে দেবতাদিগের সহিত বাস, রম্য বন ও জরাশৃগ্য স্ত্রীগণ, এ সবই নিজের শুভ কার্য্যের ফল, অন্য কিছুতেই হয় না, কারণ ভিন্নও হয় না। ৬২। পৃথিবীতে মানবগণ ধমু প্রভৃতি দ্বারা কখনও বহুশ্রমে স্ত্রী লাভ করিয়া থাকে, কখন বা তাহাও করে না। কিন্তু পুণ্যকর্মা জনগণ ধর্ম্মচর্চা দ্বারা এই-সকল যে লাভ করিয়া থাকে তাহাতে আর সন্দেহ নাই।

৬৩। যদি অপ্সরাদিগকে লাভ করিতে ইচ্ছা কর, তাহা হইলে অপ্রমন্ত হইয়া নিয়ম পালন কর। তুমি যে স্থিরব্রত দারা ইহাদিগকে প্রাপ্ত হইবে সে বিষয়ে আমি প্রতিভূ রহিলাম।

৬৪। অনস্তর ইহাই পরম এইরূপ দৃঢ়নিশ্চয় করিয়া নন্দ মুনির কথায় ধৈষ্য স্থাপন করিলেন। তখন মুনি তাঁহাকে লইয়া বাতাদের মত আকাশ হইতে নামিয়া পুনরায় পৃথিবীতে আসিলেন।

সৌন্দরনন্দ কাব্যে দশম সর্গ সমাপ্ত

একাদশ সর্গ

স্বর্গাপবাদ

- ১। অনস্তর নন্দ নন্দনচারিণী সেই-সকল রমণীগণকে দেখিয়া ছর্দ্দমনীয় চঞ্চল মনকে নিয়মরূপ স্তস্তে বন্ধন করিলেন।
- ২। স্লান পদ্ম সদৃশ বিরস নন্দ অপ্সরাদিগকে হাদয়ে নিবিষ্ট করিয়া ধর্মাচরণ আরম্ভ করিলেন, মোক্ষলাভ ইচ্ছা করিয়া নহে।
- ৩। সেইরূপ দয়িতাধীন চঞ্চলেন্দ্রিয় হইয়াও ইন্দ্রিয়ার্থের নিমিত্তই তিনি ইন্দ্রিয়দিগকে সংযত করিলেন।
- ৪। কামচর্য্যানিপুণ ভিক্ষ্চর্য্যাভীত নন্দ পরমাচার্য্য কর্ত্তক চালিত হইয়া ব্রহ্মচর্য্যা করিতে লাগিলেন।
- ৫। (পরস্পর বিরুদ্ধ) জল ও অগ্নির ম্যায়, একাস্থে
 স্থিত শমগুণ ও তীত্র মদনের দারা তিনি শাস্ত হইয়া ছিলেন
 এবং শুক্তাও প্রাপ্ত হইয়াছিলেন।
- ৬। অপ্সরাগণের চিন্তায় এবং বহুল নিয়ম পালন দ্বারা দর্শনীয়-শরীর হইয়াও নন্দ বৈরূপ্য প্রাপ্ত ইইলেন।
- ৭। প্রিয়ভার্য্য হইলেও ভার্য্যার সম্বন্ধে কথা উঠিলে তিনি অমুরাগহীনের স্থায় অবস্থান করিতেন, আনন্দ বা ক্ষোভ কিছুই করিতেন না।

- ৮। তাঁহাকে ভার্য্যারাগপরামুখ এবং দৃঢ়ব্রত দেখিয়া আনন্দ তাঁহার কাছে আসিয়া প্রণয়ের সহিত বলিলেন :—
- ৯। ইন্দ্রিয়দিগকে নিগৃহীত করিয়া স্বস্থ ও সংযত হইয়া তুমি তোমার বিভা ও বংশের অনুরূপ কার্য্য আরম্ভ করিয়াছ।
- ১০। কামপ্রসক্ত অনুরাগযুক্ত বিষয়াসক্ত তোমার যে এই জ্ঞান হইয়াছে ইহার কারণ অল্প নহে।
- ১১। মৃত্ ব্যাধি অল্প যত্নে নিবারণ করা যায়। প্রবল ব্যাধি প্রবল যত্নেও নাশ করা যায় কি না সন্দেহ।
- ১২। তোমার ছ্রারোগ্য বলবান মানস ব্যাধি হইয়াছিল। যদি ভূমি (তাহা হইতে নিবৃত্ত হইয়া থাক) আরোগ্য লাভ করিয়া থাক তাহা হইলে তোমাকে ধৈর্য্যশীল বলিতে হইবে।
- ১৩। সাধনা দ্বারা মহান্ হইলেও মানীর পক্ষে মৃত্ত, লুকের পক্ষে ত্যাগ ও অনুরাগীর পক্ষে ব্রহ্মচর্য্য ত্ত্বর।
- ১৪। তোমার এই নিয়ত গৃতিতে আমার এক সন্দেহ আছে। যদি বক্তব্য বলিয়া মনে কর তাহা হইলে সান্ত্রয়ে জিজ্ঞাসা করি। '
- ১৫। সরলভাবে কথিত বাক্য অন্তর্মপ মনে করা উচিত নহে। অভিপ্রায় মন্দ না হইলে, তাহা কর্কশ হইলেও সং-লোকেরা কর্কশন্ত প্রাপ্ত হন না।

- ১৬। অপ্রিয় কিন্তু হিত বাক্য গ্রহণ করা উচিত।
 অহিত কিন্তু প্রিয় বাক্য গ্রণ করা উচিত নহে। স্বাছ্ ও
 উপকারী ঔষধ যেরূপ ছর্লভ, সেইরূপ প্রিয় এবং হিত
 বাক্যও ছুর্লভ।
- ১৭। বিশ্বাস, অর্থচর্চা স্থখছঃখে সাম্যভাব, ক্ষমা এবং প্রণয় সংলোকের বৃত্তি।
- ১৮। অতএব তোমাকে প্রণয়বশতং জিজ্ঞাসা করিতেছি, জিঘাংসা-বশতং নহে। তোমার শ্রেয়ই আমার বিবক্ষা; তাহা আমি উপেক্ষা করিতে পারি না।
- ১৯। অপ্সরার জন্ম ধর্ম আচরণ করিতেছ বলিয়া শুনা যায়। ইহা কি বাস্তবিক সত্য অথবা পরিহাস ?
- ২০। যদি ইহা সত্যই হয় তাহা হইলে ইহার ঔষধও বলিব। যদি বক্তৃদিগের ঔদ্ধত্য হয় তাহা হইলে সে রোগের ঔষধের কথা বলিব।
- ২১। অনস্তর তৎকর্ত্ক তিনি হৃদয়ে আহত হইয়া চিস্তা করিয়া দীর্ঘনিঃশ্বাস ত্যাগ করিলেন, এবং ক্ষণকাল অধোমুখ হইয়া রহিলেন।
- ২২। অনস্তর তাঁহার মনের সংকল্পসূচক ইঙ্গিত বুঝিয়া আনন্দ অপ্রিয় কিন্তু মধুর-ফল-বিশিষ্ট বাক্য বলিলেন।
- ২৩। তোমার আকৃতি দেখিয়াই তোমার ধর্ম-প্রয়োজন বুঝিতে পারিতেছি। তাহা বুঝিয়া তোমার প্রতি আমার হাস্ত ও কারুণ্য হইয়াছে।

- ২৪। যেমন কেহ আসনের নিমিত্ত ভারী শিলা বহন করে, সেরূপু, তুমিও কামের জন্ম নিয়ম পালন করিতে উন্মত হইয়াছ।
- ২৫। তাড়নেচ্ছা দেখিলেই যেমন মেষ পলায়ন করে, সেরূপ অব্রন্ধচর্য্যের নিমিত্ত তোমার এই ব্রন্ধচর্য্য।
- ২৬। বণিকেরা যেমন লাভের জন্ম পণ্যন্তব্য ক্রয় করে, সেরূপ এই ধর্মাচরণও তোমার পণ্যভূত; শাস্তির জন্ম নহে।
- ২৭। কর্ষক যেমন ফল বিশেষের জন্ম বীজ বপন করে, তুমিও সেরূপ বিষয়কার্পন্য হেতুই বিষয় ত্যাগ করিয়াছ।
- ২৮। যেমন প্রতীকারস্থপ্রাপ্তির ইচ্ছায় রোগ আকাজ্ফা করা, সেইরূপ তুমিও বিষয়তৃফার জন্ম ছংখ ইচ্ছা করিতেছ।
- ২৯। (মধুহারী) যেমন মধুর দিকেই চাহিয়া থাকে, প্রপাতের পতনের দিকে দৃষ্টিপাত করে না, তুমিও সেরূপ অপ্সরাই দেখিতেছ, শেষে যে পতন হইবে তাহা লক্ষ্য করিতেছ না।
- ৬০। তোমার হৃদয় কামাগ্নি দারা দীপ্ত হইতেছে, তুমি শরীর দারা ত্রত আচরণ করিতেছ। তুমি মনে ব্রহ্মচারী নহ; তোমার এ কিরপে ব্রহ্মচর্যা।
- ৩১। তুমি যথন সংসারে ছিলে তথন তুমি শত শত অপ্সরা পাইয়াছ এবং ত্যাগ করিয়াছ। আবার তাহাদের জন্ম তোমার অভিলাষ কেন ?

৩২। অগ্নির কখনও কার্চ দ্বারা তৃপ্তি হয় না। লবণোদধির (সমুদ্রের) কখনও জল দ্বারা তৃপ্তি হয় না। কামে অতৃপ্ত লোকের কখনও কাম তৃপ্তিদায়ক হয় না

৩৩। তৃপ্তি না থাকিলে শান্তি কোথায়; শান্তি না থাকিলেই বা সুখ কোথায়? সুখের অভাবে প্রীতিই বা কোথায়? প্রীতি না থাকিলে রতিই (আনন্দ) বা কোথায়?

৩৪। যদি তোমার আনন্দ পাইবার ইচ্ছা থাকে তাহা হইলে অধ্যাত্ম বিষয়ে মন দাও। অধ্যাত্ম তুল্য প্রশাস্ত ও অনবছা রতি (আনন্দ) কোথায়ও নাই।

৩৫। তাহাতে নৃত্য গীত রমণী বা অলঙ্কারের কোনও প্রয়োজন নাই। যেখানে-সেখানে থাকিয়া তুমি একলাই সেই আনন্দ উপভোগ করিতে পারিবে।

৩৬। তৃষ্ণা থাকিলে বলবান্ মানস ছংখ থাকিয়া যায়। সেই তৃষ্ণা দূর কর। তৃষ্ণাও থাকিবে না, ছংখও থাকিবে না।

৩৭। সম্পদেও বিপদে, দিনেও রাত্রিকালে, কামে সতৃষ্ণ ব্যক্তির শাস্তি হয় না।

৩৮। কামের প্রার্থনা হঃখকারী; পাইলেও তৃপ্তি নাই। বিয়োগ হইলেই হঃখ নিয়ত। বিয়োগও অবশুস্কাবী।

৩৯। তৃষ্ণর কর্ম্ম করিয়াও, তৃর্লভ স্বর্গ লাভ করিয়াও, প্রবাস হইতে স্বগৃহের ফ্রায় পুনরায় নরলোকে আসিতে হয়।

- ৪০। সেইরূপ ভ্রম্ভের সম্বন্ধে কুশল ও মঙ্গল কিছুই নাই। তির্য্যক্ প্রাণীর মধ্যে, নরকে অথবা পিতৃলোকেই তাহার স্থান।
- 8)। স্বর্গে উত্তম বিষয় ভোগ করিবার পর ভ্রষ্ট আ**র্ত্ত** লোক ছঃখের আস্বাদ কি করিয়া করিবে ?
- ৪২। শিবি শোনকে প্রাণিবাৎসল্য হেতু নিজের মাংস দান করিয়াছিলেন। এই তৃদ্ধর কার্য্য করিয়াও তিনি স্বর্গভ্রম্ভ ইইয়াছিলেন।
- ৪৩। প্রাচীনকালের রাজা মান্ধাতা ইন্দ্রের অর্দ্ধাসন পাইয়া ও দেবত্বলাভ করিয়া কালে অধঃপতিত হইয়াছিলেন।
- ৪৪। দেবতাদিগের রাজা হইয়াও নহুষের পৃথিবীতে পতন হইয়াছিল। তিনি ভূজঙ্গণ প্রাপ্ত হইয়াছিলেন। এখনও মুক্তি লাভ করেন নাই।
- ৪৫। সেইরূপ দিবিড় রাজা রাজকার্য্য দারা সংস্কার লাভ করিয়া স্বর্গে গমন করিয়াছিলেন। তিনিও পুনরায় স্বর্গভ্রম্ভ হইয়া সমুদ্রে কুর্ম হইয়াছিলেন।
- ৪৬। ভূরিছ্যয়, যযাতি এবং অস্থ নরপতিগণ কর্ম ছারা স্বর্গ প্রাপ্ত হইয়াও কর্মক্ষয়ে পুনরায় স্বর্গ ত্যাগ করিয়াছিলেন।
- ৪৭। অস্থরের। পূর্বে দেবতা ছিল। দেবতারা তাহাদের শ্রী হরণ করিয়াছিলেন। তাহারা শ্রীর জন্ম শোক করিতে করিতে পাতালে আশ্রয় গ্রহণ করিল।

- ৪৮। রাজর্ষি, অস্থ্র ও দেবগণ হেতু শত শত মহেল্রের পতন হইয়াছে। মাহাত্ম্যও চিরস্থায়ী নয়।
- ৪৯। চণ্ডবিক্রম উপেন্দ্র ইন্দ্রসভার শোভাবর্দ্ধন করিয়া কর্ম ক্ষীণ হইলে অপ্সরাগণের মধ্য হইতে চীংকার করিতে করিতে পৃথিবীতে পতিত হইয়াছিলেন।
- ৫০। হা চিত্ররথ, হা বাপি, হা মন্দাকিনি, হা প্রিয়ে, এরূপ আর্ভ্রভাবে বিলাপ করিতে করিতে দেবগণ পৃথিবীতে পতিত হন।
- ৫১। বৃদ্ধিমান্দিগের মৃত্যুকালে তীব্র ছঃখ হয়। দেব-গণের মধ্যে সুখভোগকারিগণের স্বর্গ হইতে পতন-কালের কথা আর কি বলিব ?
- ৫২। (তাঁহাদের) বসন ধূলিমলিন হয়, স্থানর মাল্য মান হয়, অঙ্গসকল হইতে স্থেদ উৎপন্ন হয়, মনের আনন্দ নষ্ট হয়।
- ৫৩। মুমৃষু মানবগণের অমঙ্গলসূচক অরিষ্ট-চিহ্নের স্থায় এইগুলিই দেবতাগণের স্বর্গ হইতে পতনের চিহ্ন।
- ৫৪। স্বর্গে কাম উপভোগ করিবার সময় যে স্থুখ উৎপন্ধ হয় তাহাই স্বর্গভ্রম্ভিদিগের পক্ষে ছঃখ। এই ছঃখই কেবল অবশিষ্ট থাকে।
- ৫৫। অতএব স্বর্গকে পরিণাম-ছঃখাবহ, অত্রাণ, অবিশ্বাস্থা, অতৃপ্তিদায়ক ও ক্ষয়শীল জানিয়া অপবর্গ প্রাপ্তির অভিলাষ কর।

- ৫৬। উদ্রক মুনি অশরীর শ্রেষ্ঠ জন্ম পাইয়াও কর্মাবসানে তাহা হইতে চ্যুত হইয়া তির্যুগ্যোনি প্রাপ্ত হইবেন।
- ৫৭। স্থনেত্র সপ্তমবর্ষীয়া মৈত্রার সহিত ব্রহ্মলোকে গিয়াও পুনর্কার ফিরিয়া আসিয়া গর্ভবাস প্রাপ্ত হইয়াছিলেন।
- ৫৮। যখন ঐশ্বর্যাশালী স্বর্গবাসীরাও ক্ষয় প্রাপ্ত হয়, তখন কোন্ জ্ঞানী ক্ষয়শীল স্বর্গবাসের জন্ম স্পৃহ। করিবেন।
- ৫৯। সূত্রবদ্ধ বিহঙ্গম যেমন দূরে গিয়াও পুনরায় ফিরিয়া আসে, সেরূপ অজ্ঞানসূত্রে আবদ্ধ জীবও দূরে গিয়াও পুনরায় পৃথিবীতে ফিরিয়া আসে।
- ৬০। যেরপ প্রতিভূর সহিত সময় করিয়া লোকে বন্ধন
 মুক্ত হইয়া গৃহসুখ ভোগ করে, আবার সময় অতীত হইলে
 পূর্ব্ব বন্ধন গ্রহণ করে, সেরপ আত্মনিয়ম পালন ও ধ্যানাদি
 দ্বারা স্বর্গ প্রাপ্ত হইলেও আবার কালে কর্ম ক্ষয় হইলে
 পৃথিবীতে ফিরিয়া আসিতে হয়।
- ৬১। জালমধ্যগত প্রমন্তচিত্ত তড়াগস্থিত মংস্থা যেমন বন্ধনজনিত বিপদের কথা জানিয়াও স্কৃচিত্তে জলে বিচরণ করে, সেইরূপ পৃথিবীস্থ কৃতার্থমতি জনগণ স্বর্গে ধ্যান করিতে করিতে নিজের পুনরাবৃত্তিযুক্ত স্থানকেই শিব অচ্যুত এবং ধ্রুব বলিয়া মনে করে।

৬২। অতএব এই জগৎ জন্ম-রোগ-মৃত্যু ও বিপদ-যুক্ত
মনে করিয়া সংসারে, স্বর্গে, নরকে, তির্য্যগ্যোনিতে,
পিতৃগণের মধ্যে এবং মানবগণের মধ্যে ভ্রমণ করিতে করিতে
যাহা ত্রাণশীল ভয়হীন শিব মরণহীন জরাহীন শোকহীন এবং
অমৃত তাহার জন্ম ব্রহ্মচর্য্য আচরণ কর। চঞ্চল স্বর্গের
প্রতি অভিলাষ ত্যাগ কর।

সৌন্দরনন্দ কাব্যে একাদশ সর্গ সমাপ্ত

দ্বাদশ সর্গ

প্রত্যবমর্শ (অনুসন্ধান বা ধ্যান)

- ১। 'তুমি অপ্সরার জন্য ধর্ম আচরণ করিতেছ' আনন্দ কর্ত্ত্ব এরূপ কথিত হইয়া নন্দ অত্যস্ত লজ্জিত্ ইয়াছিলেন।
- ২। অত্যস্ত লজ্জাহেতু হৃদয়ে প্রমোদ হয় নাই। প্রমোদের অভাবে তাঁহার বিমুখ মন ব্রতে স্থির ছিল না।
- ত। যদিও কামরাগই তাঁহার প্রধান ছিল, যদিও তিনি পরিহাস বাক্যের যোগ্য ছিলেন, তথাপি মোক্ষলাভের হেতুর পরিপাক হওয়ায় তিনি সেই বাক্য উপেক্ষা করিতে পারিলেন না।
- ৪। (নন্দ) বিবেচনার অভাবে পূর্ব্বে স্বর্গকেই গ্রুব বলিয়া মনে করিয়াছিলেন; স্বর্গ কয়নীল শুনিয়া অত্যস্ত ভয় পাইলেন।
- ৫। অপ্রমন্ত সার্থির মহারথ যেমন উন্মার্গ হইতে
 নির্ত্ত হয়, সেইরূপ সঙ্গল্পর অশ্বযুক্ত তাঁহার মনোরথ স্বর্গ
 হইতে নির্ত্ত হইয়াছিল।
- ৬। মিষ্ট অপথ্য হইতে বিরত জীবিতেচ্ছু রোগীর স্থায় স্বর্গতৃষ্ণা-নির্বত্ত তিনি তংক্ষণাং যেন সুস্থ হইয়াছিলেন।
 - ৭। তিনি যেরপ অঞ্চরা-দর্শন পাইয়া প্রিয়া ভার্যাকে

বিস্মৃত হইয়াছিলেন, সেরূপ নিত্য দ্রব্যের জন্ম উদ্বিগ্ন হইয়া -অপ্সরাগণকেও বিস্মৃত হইলেন।

- ৮। মহা মহা প্রাণীদিগেরও আর্ত্তির (পুনর্জন্ম) কথা চিস্তা করিয়া অত্যস্ত আবেগ-ভরে অনুরাগ-যুক্ত হইলেও তিনি (এখন) বীতরাগ হইলেন।
- ৯। সেই আবেগ তাঁহার শ্রেয়োর্দ্ধির জন্মই হইয়াছিল
 —্যেমন বৈয়াকরগণ আখ্যাতে ধাতুর পূর্কে অধি উপসর্গ
 তদর্থের উৎকর্ষ-বোধের জন্ম স্থাপন করেন।
- ১০। সর্ববিশলে প্রচলিত "অস্তি" নিপাত যেমন বিশেষ কোনও কালে নিয়ন্ত্রিত নহে, সেইরূপ নন্দের চিত্তও কোনও কালে কোনও নিদিষ্ট বস্তুতে নিবদ্ধ হইতেছিল না।
- ১১। মন্দগামী মহাবাহু মদহীন গজেন্দ্রতুল্য নন্দ নিজের ভাব বলিতে ইচ্ছা করিয়া যথাসময়ে গুরুর নিকট উপস্থিত হইলেন।
- ১২। তিনি গুরুকে বাষ্পাকুল-লোচনে প্রণাম করিয়া লজায় অধােমুখে কুভাঞ্জলি হইয়া বলিলেন:—
- ১৩। অঞ্চরা প্রাপ্তি সম্বন্ধে ভগবান্ যে আমার প্রতিভূ ছিলেন সেই অঞ্চরার প্রয়োজন নাই। আমি আপনার প্রতিভূম ত্যাগ করিতেছি।
- ১৪। স্বর্গ হইতেও পুনরাবৃত্তি আছে এবং পুর্ণজন্ম বিচিত্র ইহা শুনিয়া, স্বর্গ ও মর্ত্ত্য কোথায়ও থাকা আমার ভাল লাগে না।

- ১৫। যদি নিয়ম ও দম দারা যত্নে স্বর্গ প্রাপ্ত হইয়াও সেই স্বর্গ হইতে অভৃপ্ত হইয়া পতিত হইতে হয়, তাহা হইলে ত্যাগকারী সেই স্বর্গকে নমস্কার।
- ১৬। অতএব স-চরাচর নিখিল লোককে জানিয়া সর্ববিহঃখক্ষয়কারী আপনার পরম ধর্মে আমি রত হইয়াছি।
- ১৭। হে শ্রোভৃশ্রেষ্ঠঃ সংক্ষেপে ও বিস্তারে আমাকে বিশেষ করিয়া বলুন যাহা শুনিয়া পরম পদ লাভ করিতে পারি।
- ১৮। তখন তাঁহার অভিপ্রায় জানিয়া, ইন্সিয়-সকল বিপক্ষ ও শ্রেয়-অভিমুখীভূত বুঝিয়া তথাগত বলিলেন :—
- ১৯। অরণি নথিত হইলে অগ্নিদর্শনের পুর্বে যেরূপ ধূম উথিত হইতে দেখা যায়, সেরূপ এই চিস্তাই শ্রেরে পূর্ববেগ মনে কর।
- ২০। চঞ্চল ইন্দ্রিয়াশ্বগণ-কর্তৃক বিপথে চালিত হইয়া শুভাদৃষ্টবশতঃ অবিমৃঢ় দৃষ্টি দ্বারা সংপথে অবতীর্ণ হইয়াছ।
- ২১। অন্ত তোমার জন্ম সফল। অন্ত তোমার মহান্ লাভ। কারণ কামরসজ্ঞ তোমার মদ মোক্ষের জন্ম উৎস্কুক হইয়াছে।
- ২২। যে জগতে গৃহে থাকাই আরামজনক মনে হয়, তাহাতে নিবৃত্তি বিষয়ে রতি তুর্লভ; মূর্খগণ প্রপাতের স্থায় মোক্ষ হইতে ভীত হয়।

- ২৩। লোকে চেষ্টা করে যেন ছঃখ না হয়, সুখ হয়। ছঃখের অত্যস্ত অভাবই যে সুখ তাহা বোঝে না।
- ২৪। শত্রুস্বরূপ অনিত্য তুঃখহেতু কাম প্রভৃতিতে আদক্ত হইয়া জগৎ অব্যয় সুখ জানিতে পারে না।
- ২৫। কিন্তু বিষপান করিয়া যথাসময়ে যে ঔষধ পান করিতে ইচ্ছা করিতেছ, সর্বাত্যখনাশৃক সেই অমৃত ভোমার হস্তেই রহিয়াছে।
- ২৬। যে তোমার তাদৃশ রাগাগ্নি ধর্ম্মের প্রতি ঔৎস্করের প্রতিবন্ধক ছিল, সেই তোমার নিকট অমুপযুক্ত সংসার-ভয়ই সম্মান্য করণীয় ছিল।
- ২৭। পিপাৃস্থ পঞ্চিক যেমন মলিন সলিল দেখিয়াও ধৈর্যাহীন হয়, সেইরূপ মনে যখন উদ্দাম অন্তুরাগ সঞ্চার হয় তখনও লোকে ধৈর্যাহীন হয়।
- ২৮। তোমার এরপ বুদ্ধি রজোগুণ দারা নিরুদ্ধ হইয়া ছিল, যেরপ প্রচণ্ডবাত-সময়ে ধ্লি দারা সূর্য্যের প্রভা নিরুদ্ধ হয়।
- ২৯। মেরু-বিনিজ্ঞান্ত-সূর্য্য-প্রভা যেরূপ নৈশ অন্ধকার নাশ করিয়া প্রকাশিত হয়, সেরূপ তোমার এখন হৃদয়ের তমোনাশক বুদ্ধি প্রকাশিত হইয়াছে।
- ৩০। তুমি যে নৈষ্ঠিক সূক্ষ্ম শ্রেয়ের প্রতি শ্রদ্ধা প্রকাশ করিতেছ ইহা শুদ্ধসত্ত চিত্তেরই উপযুক্ত।
 - ৩১। এই ধর্ম্মেচ্ছা সেই হেতু বর্দ্ধিত কর। হে

ধর্মজ্ঞ, সমস্ত ধর্ম্মেরই হেতু ইচ্ছা (ছন্দ), ইহাই নিয়ত।

৩২। গমনবৃদ্ধি (ইচ্ছা) হইলেই লোক গমনে প্রবৃত্ত হয়,
শয়নবৃদ্ধি হইলে শয়ন করে এবং অবস্থানবৃদ্ধি হইলেই অবস্থান
করে।

৩৩। লোকে যখন ভূমির ভিতরে জল আছে ইহা বিশ্বাস করে তখন প্রয়োজন হইলে যত্নের সহিত এই পৃথিবীকে খনন করে।

৩৪। যদি অগ্নির প্রয়োজন কাহারও না থাকে অথবা অরণিতে শ্রদ্ধা না থাকে তাহা হইলে কেহ অরণি মন্থন করে না। অগ্নির প্রয়োজন ও অরণিতে শ্রদ্ধা থাকিলে মন্থন করে।

৩৫। কৃষক যদি ভূমিতে শস্তোৎপত্তি বিশ্বাস না করে অথবা তাহার যদি শস্তোর প্রয়োজন না থাকে তাহা হইলে সে ভূমিতে বীজ বপন করে না।

৩৬। অতএব শ্রদাকেই আমি হস্ত বলিয়া নির্দেশ করিয়াছি। অক্ষত হুও যেরূপ দান গ্রহণ করে, সেরূপ শ্রদাও সদ্ধর্ম গ্রহণ করে। [যাহা দারা গ্রহণ করে তাহাই হস্ত; স্বতরাং শ্রদা সদ্ধর্মের অর্থাৎ বৌদ্ধ ধর্মের হস্তস্বরূপ।]

৩৭। প্রাধান্য হেড়ু 'ইন্দ্রিয়', স্থিরত্ব হেড়ু 'বল' এবং গুণের অভাবরূপ দারিজ্য হেড়ু 'ধন' বলিয়া শ্রদ্ধা বর্ণিত হইয়াছে।

- ৩৮। ধর্মের রক্ষণ হেতু "ঈযিকা," এবং ছলভিত্ব হৈতু "রত্ব" বলিয়া শ্রদ্ধা লোকে কথিত হয়।
- ৩৯। শ্রেয়ের নিমিত্ত বলিয়া "বীজ্ব" এবং পাপের শুদ্ধি হেতু 'নদী" বলিয়া শ্রদ্ধা অভিহিত হয়।
- ় ৪০। যেহেতু ধর্মোৎপত্তির প্রতি শ্রদ্ধাই প্রধান কারণ, সেইজন্ম কার্য্যত সেই সেই বিষয়ে সেই সেইরূপ বলিয়াছি।
- ৪১। অতএব এই শ্রেদাস্কুরকে সংবদ্ধিত কর। য়েরপ মূলের বৃদ্ধিতে বৃক্ষ বৃদ্ধিত হয়, সেরপ শ্রাদার বৃদ্ধিতেই ধর্ম বৃদ্ধিত হয়।
- ৪২। যাহার অন্ত দৃষ্টি স্থির হয় নাই, যাহার নিশ্চয় (সিদ্ধান্ত) তুর্বল, তাহার চঞ্চল শ্রদ্ধা হইতে কোনও কার্য্যই হয় না।
- ৪৩। যতদিন পর্যান্ত তত্ত্ব দৃষ্ট অথবা শ্রুত না হয়, ততদিন পর্যান্ত শ্রুদ্ধা স্থির ও সবল হয় না। নিয়ম দারা বিজিতেন্দ্রিয়,লোকের তত্ত্ব দৃষ্ট হইলে শ্রুদ্ধারূপ বৃক্ষ সফল হয়, এবং তাহার আশ্রয়স্থল হইয়া থাকে।
 - শেক্ষান্ত্রনন্দ কাব্যে দ্বাদশ সর্গ সমাপ্ত

ত্রহোদশ সর্গ

नील' ও ইट्रिय-जय

- ১। এইরূপে নন্দ মহর্বি বুদ্ধ কর্তৃক শ্রদ্ধার দিকে আকৃষ্ট হইলেন এবং অমৃত-স্নাত, হইয়া যেন পরম আনন্দ লাভ করিলেন।
- ২। বৃদ্ধ সেই শ্রদ্ধা হেতৃ নন্দকে কৃতার্থবৎ মনে করিলেন, এবং নন্দও বৃদ্ধ দারা সংস্কারযুক্ত হইয়া শ্রেয় যেন হস্তগত হইয়াছে ভাবিলেন।
- া শীল শব্দের অর্থ 'ব্রভাব'; চরিত্র বিশুদ্ধ করিবার নিরমসমূহ
 শীল নামে পরিচিত। গৃহত্ত্বের এবং ভিক্ষ্ দিগের শীল বিভিন্ন। পঞ্চশীল
 গৃহত্ত্বের অবশ্র প্রতিপাল্য এবং ভিক্ষ্ দিগের জাতিমোক্ষেক্ত শীল
 সকল অবশ্র প্রতিপাল্য। জীবন নাশ হইতে বিরত থাকা, বাহা অবস্ত ভাহা গ্রহণ করা, পরদার গমন না করা, মিখ্যা কিংবা কুবাক্য না বলা,
 মন্তাদি পান না করা—এই পাঁচ প্রকার শীল গৃহীর পক্ষে করণীর দেখিতে
 পাওয়া বায় (See Mrs. Rhys Davids' Buddhism p 154)
 দীলনীকারের অন্তর্গত ব্রহ্মজালস্ত্রে ভিন প্রকার শীলের উল্লেখ আছে—
 কুদ্রশাল (চ্ল্লশাল) মধ্যমশীল (মন্থ্রিমশীল) এবং মহাশীল। Kern
 সাহেব শীল শব্দের অর্থ করিরাছেন "morality" (Indian Buddhism
 p. 66) বিস্তৃত্তি মগ্রে শীল নিক্ষের নামক পরিছেদ দেখুন। দীলনিকারের অন্তর্গত সামঞ্জেফলস্ত্রে শীলের বিশেষ বিবরণ দেখিতে
 পাওয়া বায়।

- ৩। বুদ্ধদেব কাহাকেও কোমল বাক্যে, কাহাকেও কঠোর বাক্যে, কাহাকেও বা উভয় উপায়ে শিক্ষা দিতে লাগিলেন।
- ৪-৫-৬। যেমন স্বর্ণ মৃত্তিকা হইতে জন্মগ্রহণ করিয়া মৃত্তিকাতে থাকিয়াও ধূলিদোবে ছাই হয় না, উহা নির্মাল বিশুদ্ধ পবিত্র; যেমন পদ্মপত্র জল হইতে উৎপন্ন হইয়া জলে থাকিয়াও উপরিভাগে ও অধোভাগে জললেপ লাভ করে না; সেইরূপ ভগবান্ বৃদ্ধ ইহলোকে জন্মগ্রহণ করিয়া লোকসন্মুগ্রহকর কার্য্যে রত থাকিয়াও কৃতিত্ব ও নির্মালতা হেতুলোকিক ধর্মে সংস্কুট হইতেন না।
- ৭। সম্পর্ক বা ত্যাগ, প্রিয় বা রুক্ষ ব্যবহার, কথা বা ধ্যান তিনি কেবলমাত্র মন্ত্রকালে চিকিৎসার জন্ম (লোকের চিত্তবৃত্তি প্রভৃতির শোধনের জন্ম) আশ্রয় করিতেন, নিজ চিত্তের সম্ভোষাদির জন্ম নহে।
- ৮। কিরপে আমি প্রাণিগণকে মৃক্ত করিব এইরপ প্রবল করুণায় অরুপ্রাণিত হইয়াই দয়াশীল বৃদ্ধ নিজ শরীর ধারণ করিয়াছিলেন।
- ১। পরে নন্দের অত্যস্ত আনন্দ দর্শনে নন্দকে তত্ত্বোপ-দেশের যোগ্য স্থির করিয়া ক্রমজ্ঞ বাগ্মীশ্রেষ্ঠ ক্রমে শ্রেয় বিষয়ের উপদেশ দিতে লাগিলেন।
- ১০। হে সৌম্য, তুমি শ্রদ্ধাযুক্ত চিত্তে আজ হইতে মোক্ষ লাভের জন্ম নিজ রত্ত রক্ষা করিবে।
 - ১১। কায় এবং বাক্যের যাহাতে বিশুদ্ধভাবে প্রয়োগ

হয়, উত্তান বিরুত গুপ্ত ও অচ্ছিদ্র অবস্থাযুক্ত হইয়া তাহাই করিবে।

১২। সৰভাবের উৎপত্তি হেতু উত্তান, অগোপন হেতু বিবৃত, রক্ষণতৎপরতা হেতু গুপু, এবং অনিন্দনীয়তা হেতু অচ্ছিদ্র হয়।

১৩। শরীর ও বাক্যের শুদ্ধি ও সপ্তাঙ্গযুক্ত কর্ম্মে শৌচ বশতঃ আজীবন রত থাকিবে।

১৪। ১৫। ১৬। কুহন প্রভৃতি পঞ্চবিধ দোষের সেবা না করিয়া সংবৃত্তির প্রতিকৃল জ্যোতিষাদি চারিটা ত্যাগ করিয়া, প্রাণী ধাস্ত ও ধন প্রভৃতি বর্জ্জনীয় বস্তুর প্রতিগ্রহ না করিয়া, নিয়মপ্রাপ্ত শাস্ত্রান্থমোদিত ভিক্ষা বৃত্তির বিধিসমূহ পালন করিয়া পরিভূষ্ট চিত্ত স্থুন্দর নির্মাল ও পবিত্র জীবনধারণ করিয়া মৃক্তির জন্ত সর্বদা হুংখের প্রতীকার কল্লে চেষ্টা করিবে।

১৭। কায়-ও বাক্-সম্ভূত ছষ্ট কর্ম্ম হইতে পৃথক্ভাবে জীবিকা ধারণ ছঃশোধনীয় ইহা আমি বলি।

১৮। গৃহস্থ বিবিধ-দৃষ্টিযুক্ত বলিয়া তাহার দৃষ্টিং ছ:শোধনীয় এবং ভিক্সুর জীবিকা পরের আয়ত্ত বলিয়া তাহারও জীবিকা বিশুদ্ধ নহে।

> এবং ২। এখানে বিৰেধ দৃষ্টি শব্দে মিখ্যাদৃষ্টি ব্ৰাইভেছে এবং দৃষ্টি---সমাক দৃষ্টি অর্থে প্রযুক্ত হইয়াছে।

- ১৯। চরিত্র ও আচার সম্বন্ধে সংক্ষেপে ইহাই কথিত হইয়া থাকে। উহার নাশ হইলে আর আমাদের প্রবন্ধ্যা রক্ষিত হয় না।
- ২০। অতএব চরিত্রসম্পন্ন হইয়া অণুমাত্র নিন্দনীয় বিষয়েও ভীত হইয়া দৃঢ়তাসহকারে ব্রহ্মচর্য্য আচরণ কর।
- ১১। অবস্থানাদি ক্রিয়া যেমন একমাত্র পৃথিবীকে আশ্রয় করিয়া বর্ত্তমান, সেইরূপ সমস্ত শ্রেয়:বিষয়ের ক্রিয়াই একমাত্র শীল আশ্রয় করিয়া বর্ত্তমান থাকে।
- ২২। হে সৌম্য, মোক্ষের একমাত্র উপনিষৎ (রহস্ত) বৈরাগ্য জানিবে, বৈরাগ্যের সংবেগ এবং জ্ঞানদৃষ্টির রহস্ত সংবিৎ।
- ২৩। জ্ঞানের উপনিষৎ সমাধি, সমাধির উপনিষৎ শরীর ও মনের স্বস্থতা।
- ২৪। কায় ও চিত্তের স্থৈয় স্থের এবং স্থৈয়ের উপ-নিষং প্রীতি জানিবে।
- ২৫। প্রীতির উপনিষৎ পরম হাষ্টতা, এবং তাহার উপনিষৎ কুকুত ও অকৃত বস্তুতে হৃদয়ের ছঃখ না হওয়া।
- ২৬। উক্তরূপে লেখশৃশ্ব হৃদয়ের একমাত্র শীলই উপনিষৎ, শীলই লোককে উন্নত করে, অতএব উহা শোধন কর।
- ২৭।২৮।২৯। শীলন (বহু আচরণ) হেতু ইহাকে শীল বলা হয় এবং আচরণ ও সেবন জ্বন্তও শীল বলা হয় এবং

সেবনও নিদেশ হেতু নির্দেশ বলা হয়। কাস্তারে যেমন দৈশিক (পথপ্রদর্শক) লোকই আশ্রয়, সেইরপ জগতে একমাত্র শীলই আশ্রয়। জগতে শীলই একমাত্র মিত্র বন্ধু রক্ষাধন ও বল: অতএব শীলের আলোচনা করা উচিত। যোগিগণের মোক্ষজনক কার্য্যে ইহা ও অপর কতিপয় (আচার) প্রধান উপযোগী।

- ৩০। তার পর সর্বাদা স্মৃতি জাগরুক রাখিয়া স্বভাবত চঞ্চল ইন্দ্রিয়গুলিকে ইন্দ্রিয়ের বিষয় হইতে নিবৃত্ত করিবে।
- ৩১। নিজ ইন্দ্রির যেরপে ভয় করা উচিত, শক্র মৃষিক অহি বা বজ্লের ভয় তত করা উচিত নহে, কারণ উহা দার। অসংখ্য লোক নষ্ট হয়।
- ৩২। দ্বেকারী শক্র দারা কদাচিৎ কেহ পীড়িত হয়, নাও হয়; কিন্তু ইন্দ্রিয় দারা সকলে সর্ব্বস্থানে সর্ব্বদাই পীড়িত হইয়া থাকে।
- ৩৩। শত্রু প্রভৃতি দ্বারা হত হইলে নরক লাভ হয় না, কিন্তু চঞ্চল ইন্দ্রিয় দ্বারা নষ্ট হইলে ইন্দ্রিয়বশগ ব্যক্তি নরকে আকৃষ্ট হয়।
- ৩৪। শত্রু প্রভৃতি দ্বারা হত হইলে কদাচিৎ মানসিক ছঃখ হয়, নাও হয়; কিন্তু ইন্দ্রিয় দ্বারা হত ব্যক্তির মানসিক ও শারীরিক উভয়বিধ ছঃখ নিয়ত হয়।
- ৩৫-৩৬। সংকল্পরপবিষদিশ্ধ চিস্তারূপ পুঋ্যুক্ত, রতিরূপ ফলাযুক্ত, বিষয়রূপ আকাশগামী পঞ্চ-ইন্দ্রিয়রূপ শরসমূহ

কাম নামক ধ্যাধ কর্ত্বক নিক্ষিপ্ত হইয়া মন্ত্ব্যরূপ হরিণ্নকে নাশ করে। (লোকে) যদি তাহার প্রতীকার না করে তবে উহা দ্বারা ক্ষত হইয়া বিনাশ প্রাপ্ত হইতে হয়।

৩৭। নিয়মরূপ প্রাঙ্গণে থাকিয়া ধৈর্য্যরূপ কার্ম্মুক ও স্মৃতিরূপ বর্ম ধারণ করিয়া পতিতোভাত শরসমূহকে নিবারণ করিবে।

৩৮। যেমন শক্রকে নিগ্রহ করিতে পারিলে লোক স্থাথে থাকে এবং সুখে নিজা যায়, সেইরূপ ইন্দ্রিয়গণের উপশম হইলে যথায়-তথায় থাকিয়া (লোক) সুখোপভোগ করে'।

- ৩৯। জগতে কুরুর যেমন আশায় মুগ্ধ হইয়া দৈশ্য হেতু জ্ঞান লাভ করে না, সেইরূপ বিষয়াকাজ্জী ব্যক্তিও জগতে জ্ঞানলাভ করে না।
- ৪০। নিরম্ভর সলিলে পূর্ণ হইতে থাকিয়াও যেমন সমুক্ত তৃপ্ত নহে, সেইরূপ ইন্দ্রিয়সমূহ নিরম্ভর বিষয় ভোগ করিতে থাকিয়াও তৃপ্ত হয় না।
- 8)। ইন্দ্রিয়সমূহ স্বীয় স্বীয় বিষয়ে অবশ্য বর্ত্তমান থাকিবে, কিন্তু তাহাতে নিমিত্ত গ্রহণ কিংবা অনুব্যঞ্জনগ্রহণ করিবে না।
 - ৪২। চক্ষু দারা রূপ দর্শন করিয়া কেবল ধাতুমাত্রে

১। মূলে 'গতোদ্ধবঃ' শক্ষ্টী আছে, ইহার অর্থ 'বাহার উদ্ধবগত ইহাছে। 'উদ্ধব' শক্ষে প্রশ্বলিত অগ্নিকে ব্রায়; স্থতরাং 'গতদ্ধবঃ' শক্ষের অর্থ:—'বাহার রাগাল্পি নির্কাপিত ইইয়ছে।'

२। Childers সাহেব ধাতু শব্দের অর্থ করিরাছেন 'element.'

ব্যৰস্থিত থাকিবে, স্ত্রী বা পুরুষ ইত্যাদি বিশেষ কল্পনা করিবে না।

- ৪৩। যদি কোথাও কোনও স্ত্রী বা পুরুষ-রূপ বিশেষ-ভাবে গ্রহণ করা হয়, তবে তদীয় কেশ-দস্তাদি স্থন্দর বলিয়া বিবেচনা করিবে না।
- 88। তাহা হইতে কিছু আকর্যণ করিবে না, তাহাতে কিছু প্রক্ষেপও করিবে না। যে প্রাণী যেরূপ তাহাকে শুধু তদ্ধপে প্রত্যক্ষ করিবে।
- ৪৫। এইরূপে যদি তুমি ইন্দ্রিয়ের বিষয়সমূহে তন্ত্রদর্শী হইতে পার, তাহা হইলে অভিজ্ঞা ও দৌর্মনস্থের কারণ হইবে না।
- ৪৬। যেমন অরি অস্তরে শক্রতা রাখিয়া মুখে মিত্রের স্থায় প্রিয় বাক্য বলিয়া অনিষ্ট সাধন করে, সেইরূপ কামচিস্তা কামাত্মক জ্বগৎকে প্রিয়ভাবে নষ্ট করিয়া থাকে।
- ৪৭। বিষয়াশ্রিত দৌম নস্ত একটা প্রধান শক্র; মোহ-বশতঃ দৌম নস্তোর অমুবর্ত্তন করিলে লোক পরকাল ও ইহকাল উভয় স্থানে হত হয়।
- ৪৮। চঞ্চল-ইন্সিয়-সম্পন্ন জগৎ শীত ও উফের স্থায় অনুস্রাগ ও বিদ্বেষ দ্বারা পীড়িত হইয়া সুখ ও শান্তি প্রাপ্ত হয় না।
 - ৪৯। যে পর্যান্ত মনের আসক্তি বিষয়ে পতিত না হয়,

ইন্দ্রিয়সমূহ তাবৎ কাল বিষয়ে থাকিয়াও আসক্ত হইতে পারে না।

- ৫০। যেমন কাষ্ঠ ও বায়ু এই ছুইটা বর্দ্ধমান থাকিলে অগ্নি প্রস্থালিত হয়, সেইরূপ বিষয় ও সঙ্কল্প এই ছুইটা থাকিলে ক্রেশাগ্নি জ্বলিয়া উঠে।
- ৫১। বিষয়ের মিখ্যাজ্ঞান দ্বারা লোক বদ্ধ হয়, আর সেই বিষয় যথার্থরূপে জানিতে পারিলে মুক্ত হয়।
- ৫২। একই রূপকে একজন দেখিয়া অনুরাগী হয়, অপর একজন দেখিয়া আনন্দিত হয়, আবার অপর একজন দেখিয়া উদাসীক্ত অবলম্বন করে, এবং অক্ত একজন দেখিয়া ঘূণা প্রাপ্ত হয়।
- ৫৩। অতএব বিষয় বন্ধ বা মুক্তির কারণ নহে, সঙ্কল-বিশেষ হেতু, বন্ধ ও বন্ধাভাব (মুক্তি) হইয়া থাকে।
- ৫৪। অতএব পরম যত্নে ইন্দ্রিয় সংযম করিবে। ইন্দ্রিয় সংযত না হইলে উহা ছঃখ ও জন্মের কারণ হইয়া থাকে।
- ৫৫। কামভোগ যে ইন্দ্রিয়-সর্পের ফণাস্বরূপ, আত্মদৃষ্টি
 দৃষ্টিস্বরূপ, প্রমন্ততা শীর্ষস্বরূপ, প্রহর্ষ লোলজিহ্বা-স্বরূপ,
 মন আশ্রয়-বিল-স্বরূপ ও স্পৃহা বিষম্বরূপ, সে যাহাকে
 দংশন করে একমাত্র শমলাভ বা শমশান্ত্র ব্যতীত এমন
 কোনও ঔষধ নাই যাহা দ্বারা দৃষ্ট ব্যক্তি চিকিৎসিভ
 হইতে পারে।

৫৬। অতএব চক্ষু আণ কর্ণ রসনা ও স্পর্শনেব্রিয়রপ অশুভকারী এই কয়টা রিপুর সংযমনে সকল ব্যক্তি অপ্রমন্ততা অবলম্বন করে। তুমি ক্ষণকালও এই বিষয়ে অনবহিত হইও না।

সৌন্দরনন্দ কাব্যে ত্রয়োদশ সর্গ সমাপ্ত

চতুৰ্দ্দশ সৰ্গ

আদিপ্রস্থান

- ১। স্মৃতিরূপ কপাট দ্বারা ইন্দ্রিয় নিরুদ্ধ করিয়া সমাধি ও নিরাময়তার জন্ম ভোজন বিষয়ে পরিমাণজ্ঞ হইবে।
- ২। অত্যন্ত আহার করিলে তাহাতে প্রাণও অপান বায়ুর কষ্ট হয়, গ্লানি ও নিদ্রা জ্বন্মে, এবং পরাক্রম নষ্ট করে।
- ৩। যেমন অতিরিক্ত আহার করিলে উহা অনর্থকর হয়, সেইরূপ অল্প আহার করিলেও সামর্থ্য লাভ করা যায় না।
- ৪। অল্প আহার করিলে শরীরের পুষ্টি কান্তি উৎসাহ প্রয়োগ ও বল ক্ষীণ করিয়া দেয়।
- ৫। যেমন অধিক ভার হইলে তুলা (পালা) নত হয়, এবং লঘু ভারে উন্নত হয়, কিন্তু সম হইলে তুলাই থাকে, সেইরূপ ভোজনও অধিক হইলে শরীর নত, অল্ল হইলে ক্ষীণ, ও সম হইলে সম হয়।
- ৬। অতএব নিজ শক্তি অনুসারে বিবেচনাপূর্বক অতি-ভোজন ও অল্প ভোজন করিবে না, নিজ পরিমাণে উহা পরিমাণ করিয়া সইবে।
- ৭। হঠাৎ অল্প অগ্নিতে অনেক কান্ঠ দিলে উহা যেরূপ উপশাস্ত হয়, সেইরূপ যদি গুরু অল্প আহার করা যায়, তবে শরীরের অগ্নি আক্রান্ত হইয়া উপশাস্ত হইয়া যায়।

- ৮। যেমন ইন্ধনশৃষ্ঠ হইয়া অনল নির্বাণ প্রাপ্ত হয়, সেইরূপ অনাহারেও শারীরিক অনল নির্বাণ প্রাপ্ত হয়। এইজন্ম একেবারে আহার পরিত্যাগ করা উচিত নহে।
- ৯। যেহেতু সকল প্রাণীরই আহার ব্যতীত স্থিতি অসম্ভব, অতএব আহার দোষযুক্ত নহে। কিন্তু এ বিষয়ে বিশেষ নিবারণ করিতে হইবে। (অর্থাৎ শরীর ধারণার্থ আহার দোষযুক্ত নহে; কিন্তু এইটা খাইতে হইবে, এটা খাইব, ইত্যাদি রূপ বৃদ্ধি দূষণীয়।
- ১০। জীবগণ যেরপে অজ্ঞাত আহারে আসক্ত হয়, সেইরূপ অন্য কোন বিষয়ে তাহারা আসক্ত হয় না, ইহার কারণ বুঝিতে হইবে।
- ১১। যেমন যে ব্যক্তির ত্রণ হয় সেই ব্যক্তি চিকিৎসার জন্ম ত্রণে লেপ প্রদান করে, সেইরপ মুমুক্ষু ক্ষ্ধার উপশনের জন্ম আহার করিবে।
- ১২। যেমন ভার বহনের জন্ম রথে অক্ষদগু বাহিত হয়, সেইরূপ বিদ্বান্ ব্যক্তি প্রাণ্যাত্রা রক্ষার জন্ম আহার করে।
- ১৩। দম্পতি যেমন পথে যাইতে যাইতে কাস্তারপথ অতিক্রমণের জন্ম অতি ছঃখিতাস্তঃকরণে পুত্রমাংসও ভোজন করিয়া থাকে।
- ১৪। এইরূপ পরিমাণমত ভোজন করিবে; উহা ভূষা, শরীর, মত্ততা, বা দর্পের জন্ম নহে।

১৫। যেমন কোনও গৃহ তুর্বল (জীর্ণ) হইয়া পতনোস্থ হ হইলে উহাতে উপস্তম্ভ বা পেয়ালা দেওয়া হয়, সেইরূপ শরীর ধারণের জন্ম ভোজন করা হয়।

১৬। কোনও ব্যক্তি ভেলা বন্ধন করে এবং উহা রক্ষা করে; উহা যেমন ভেলার প্রতি স্নেহ বশতঃ নহে, কিন্তু জল-প্রবাহ উত্তীর্ণ হইবার ইচ্ছায়।

১৭। সেইরূপ দোষাদোষবিবেকী ব্যক্তিগণ বহু উপচারে যে শরীর পোষণ করেন উহা স্নেহ হেতু নহে, কিন্তু হুঃখসমূহ উত্তীর্ণ হইবার (মুক্তির) জন্ম।

১৮-১৯। যেমন লোক শক্র কর্ত্ব নিপীড়িত হইয়া ছংখ করিতে করিতে শক্রকে ধনাদি অর্পণ করে, উহা ভক্তি বা আকাজ্ফা-প্রযুক্ত নহে, কিন্তু কেবল নিজ প্রাণ রক্ষা করিবার জন্ম, সেইরূপ যোগী ব্যক্তি কেবল ক্ষ্ধার নাশের জন্ম শরীরকে আহার দেয়, কিন্তু অনুরাণ বা ভক্তির জন্ম নহে।

২০। সংযতে শ্রিয় হইয়া মনের ধারণা দ্বারা দিবস অতিবাহিত করিবে এবং যোগ দ্বারা নিজা নিরুদ্ধ করিয়া রাত্রিও অতিবাহিত করিবে।

২১। যথন সংজ্ঞাযুক্ত হইলেও তোমার হৃদয়ে নিজার আবির্ভাব হইবে, তখন সেই সংজ্ঞাকে (জ্ঞান) গুণবৎসংজ্ঞা বলিয়া মনে করিবে না।

২২। চেষ্টা ও ধৈৰ্য্য, বল ও বিক্ৰম এই সকল বিষয়ের

মূল (কারণ) নিজা দারা আক্রান্ত হইয়াও সর্বাদা চিন্তা করিবে।

২৩। যে-সকল ধর্ম তুমি শ্রবণ করিয়াছ তাহা বিশদ-ভাবে পাঠ কুরিবে, এবং পরকে উপদেশ দিবে, নিজেও চিন্তা করিবে।

২৪। জল দ্বারা আনন প্রক্রালন করিবে, সকল দিকে দৃষ্টি রাখিবে, জাগরণেচ্ছায় তারকার প্রতি দৃষ্টি রাখিবে।

২৫। অচঞ্চল বশ্যতাপন্ন ইন্দ্রিয়গুলিকে অভ্যন্তরে নিরুদ্ধ করিয়া অবিক্ষিপ্ত চিত্তে রাত্রিকালে বিচরণ করিবে অথবা উপবেশন করিবে।

২৬। ভয় প্রীতি ও শোক এই তিন বিষয়ে নিজা দার। লোক অভিভূত হয় না, অতএব নিদ্রার আক্রমণের সময় এই তিনটী আশ্রয় করিবে।

২৭। মৃত্যুর আগমনে ভয়, ধর্ম আশ্রয় হেতু প্রীতি, ও অসীম জন্মত্বংখে শোক আশ্রয় করিবে।

২৮। হে সৌম্য, জাগরণের জন্ম এইরূপ প্রথা অবলম্বন কর্ত্তব্য। কোন্ প্রাজ্ঞ ব্যক্তি শয়ন (নিজা) হেতৃ আয়ুকে নিম্মল করিবে?

২৯। যেমন গৃহস্থিত সর্পকে উপেক্ষা করিয়া নিজাভোগ উচিত নহে, সেইরূপ দোষরূপ সর্পকে উপেক্ষা করিয়া মহাভয় অপনোদনে অভিলাষী, প্রাক্ত ব্যক্তির নিজাভোগ উচিত নহে।

- ৩০। যেমন প্রস্থালিত গৃহে নিশ্চিন্ত ভাবে শয়ন করিয়া থাকা উচিত নহে, সেইরূপ মৃত্যু, ব্যাধি ও জরা-রূপ অগ্নি দ্বারা প্রদীপ্ত জীবলোকে নিশ্চিন্ত ভাবে শয়ন করিয়া থাকা কাহার পক্ষে উচিত ?
- ৩)। শত্রুগণ সশস্ত্রে বর্ত্তমান থাকিলে যেমন নিজা উচিত নহে, সেইরূপ যে পর্যান্ত দোষ প্রশমিত না হয় সে পর্যান্ত তমঃ জানিয়া নিজা ভোগ করা উচিত নহে।
- ৩২। ত্রিযানা রজনীর পূর্ব্বযাম প্রয়োগ দ্বারা (প্রকৃষ্ট যোগ বা তদঙ্গ ক্রিয়া দ্বারা) অতিবাহিত করিয়া শ্রীরের বিশ্রামের জন্ম অনলসভাবে শ্যা আশ্রয় করিবে।
- ৩৩। লৌকিক নিয়মে দক্ষিণ পার্শ্বে থাকিয়া হৃদয়কে প্রবৃদ্ধ রাথিয়া শাস্তি অভিলাষে শয়ন করিবে।
- ৩৪। আবার তৃতীয় যামে উত্থিত হইয়া বিচরণ করিয়া অথবা উপবিষ্ট থাকিয়া ইন্দ্রিয়সংযম সহকারে মনংশুদ্ধি বিষয়ে যোগবিধি অনুষ্ঠান করিবে।
- ৩৫। অনস্তর হৃতাদিতে আসনগতা আস্থা দেখিবে না। সমস্ত ক্রিয়া বিষয়ে জ্ঞানলাভ করিয়া স্মৃতি ধারণে চেষ্টা করিবে।
- ৩৬। যে রক্ষিত পুরের দারে দারাধ্যক্ষ নিযুক্ত রহিয়াছে শত্রুগণ যেমন তাহা আক্রমণ করিতে পারে না, সেইরূপ যাহার চিত্তে শ্বৃতি অব্যাহত, আছে তাহাকে দোষে করিতে পারে না।

- ৩৭। যাহার কায়বিষয়ে স্মৃতি, ধাত্রী যেমন বালককে রক্ষা করে ঐরূপ সর্ববদা চিত্তকে রক্ষা করে, তাহার ক্লেশ উৎপন্ন হয় না।
- ৩৮। যেমন বর্মহীন ব্যক্তি সমরস্থিত হইয়া প্রতিদ্বন্ধী শত্রুর শরের লক্ষ্য হয়, সেইরূপ স্মৃতিবর্মশৃত্য ব্যক্তি সমস্ত দোষের লক্ষ্য হইয়া থাকে।
- ৩৯। যে চিত্ত স্মৃতি দারা রক্ষিত নহে তাহা বিষয়-বিচরণশীল পরিচালকবিহীন দৃষ্টি-রহিত ব্যক্তির স্থায় নিভাস্ত নিরবলম্বন।
- 8 । লোক যে অনর্থবিষয়ে আসক্ত এবং স্বার্থ হইতে পরামুখ ও ভয়কারণে ভীত নহে, ইহার একমাত্র কারণ স্মৃতি-লোপ।
- 8)। নিজ শরীরে শীল প্রভৃতি যে-সকল গুণ আছে উহাদিগকে, ক্ষেত্রে বিকীর্ণ গোসমূহকে যেমন গোপ (রাখাল) অমুগমন করে, ঐরপ স্মৃতি অমুগমন করিয়া থাকে।
- ৪২। যাহার স্মৃতি অপস্ত হয় তাহার মোক্ষ নষ্ট হয়, যাহার কায়গত স্মৃতি' আছে তাহার মোক্ষ করতলে বর্তুমান।
- ১। বৌদ্ধদিপের চারিটা 'সতি' (স্থৃতি) বা পট্ঠানের (উপস্থানের)
 মধ্যে ইহা একটা। ইহার অর্থ শরীর সম্বন্ধে চিশ্বা। ইহা গৌদ্ধদিপের
 ৪০টা কল্মট্ঠাণের অন্বর্গত। ললিভবিস্তরে কায়গতামুশ্বতির উল্লেখ
 আছে। (Lalitavistara, p. 36—Bibliotheca Indica series).

- ৪৩। যাহার স্মৃতি নাই তাহার আর্য্য ক্যায় কোথায় ? যাহার আর্য্য ক্যায় নাই তাহার সংপথ নষ্ট হয়।
- 88। যাহার সংমার্গ নষ্ট, তাহার মোক্ষপদ নষ্ট হয়; যাহার অমৃত পদ নষ্ট হয় সেই ব্যক্তি ছঃখমুক্ত হইতে পারে না।
- ৪৫। অতএব বিচরণ-কালে 'আমি বিচরণ করিতেছি' এবং অবস্থান-কালে 'আমি অবস্থান করিতেছি' এইরূপ স্মৃতি সর্ব্বকালে জন্মাইতে চেষ্টা করিবে।
- ৪৬। হে সৌম্য, যোগের অমুকৃল নির্জন ও নিঃশব্দ শয্যা ও আসন আশ্রয় কর। প্রথমতঃ কায়ের বিবেক' লাভ করিলে মনের (চিত্তের) বিবেক' সুখে লাভ করা যায়।
 - ৪৭। যে ব্যক্তি রাগযুক্ত এবং চিত্তপ্রশমশৃত্য হইয়া

দীপনিকান্ত্রের অন্তর্গত মহাসতি পট্ঠানসতে কারগতস্থৃতি সম্বন্ধে বিশেষ আলোচনা দেখিতে পাওয়া বায়। Childers সাহেব বলেন যে শরীরের অপবিত্রতা বিবরক চিন্তাকে 'কারগতস্থৃতি' বলা হয়। (See Childers' Pali Dictionary, p. 466) বিস্থৃদ্ধিমার্গে ইহার বিস্তৃত বর্ণনা দেখিতে পাওয়া বায়। মৎপ্রণীত "The Life & Work of Buddhaghosa" শীর্ষক প্রকে 'The Encylcopædic character of Buddhaghosa's Works' পরিচ্ছেদ দেখুন।

- ১। কায় বিবেক শকের অর্থ বনজগলে একাকী বাদ করা।
- २। भगशि।

নির্জ্জন স্থান আশ্রয় করে না, সেই ব্যক্তি পথ ভ্রাস্ত না হইয়া কন্টকবনে বিচরণ করিয়া ক্ষয় প্রাপ্ত হয়।

৪৮। যে তত্ত্জানহীন যোগীর চিত্ত বিচিত্র বিষয়ে অবস্থিত তাহার চিত্ত সহসা উহা হইতে নির্ত্ত করা যায় না, যেমন শস্তমধ্য হইতে জলপানার্থ আকৃষ্ট গোজাতিকে নির্ত্ত করা যায় না।

৪৯। যেমন যে অগ্নিতে বায়ুর প্রেরণা নাই সেই অগ্নি শান্তি প্রাপ্ত হয়, সেইরূপ বিবিক্ত প্রদেশে অমুদ্বেজিত থাকায় অল্প প্রয়ম্বেই চিত্ত শান্তি লাভ করে।

- ৫০। যে ব্যক্তি কোথাও যাহা-হয় কিছু ভোজন করিয়া বা যাহা-হয় কিছু পরিধান করিয়া আত্মারাম হইয়া বিজনে অমুরাগী হয় এবং যে ব্যক্তি পরের সংসর্গ কন্টকের স্থায় পরিহার করে, সেই শম-স্থে-অভিজ্ঞ নিপুণমতি ব্যক্তিই কুডার্থ জানিবে।
- ৫১। যদি সুখ ও ছঃখে রত বিষয়ে একান্ত আসক্ত এই জগতে শান্তহৃদয় কৃতী পুরুষ দৃদ্দৃত্য হইয়া বিজ্ঞান বিহার করে, তবে অমৃতের স্থায় প্রজ্ঞারস পান করিয়া তৃপ্তহৃদয় ও আসক্তিশৃত্য হইয়া আসক্তিযুক্ত ও বিষয়-বাসনার নিমিত্ত কৃপার পাত্র জগতের জন্ত শোক করিতে থাকে।
 - ৫২। যদি শৃত্যগৃহে একাকী থাকিয়া শাস্তি লাভ করে,

শক্রর স্থায় ক্লেশের' সহিত ক্রীড়া না করে, আত্মায় একমাত্র সম্ভষ্ট থাকিয়া যদি প্রীতিসলিল পান করে, তবে সেই ব্যক্তি স্বর্গরাজ্য অপেক্ষাও উত্তম সুখ ভোগ করিতে থাকে।

সৌন্দরনন্দ কাব্যে চতুর্দ্দশ সর্গ সমাপ্ত

>। ক্লেশের অর্থাৎ পাপের। পাপ দশ প্রকার যথা—লোভ, দোষ, মোহ, মান, (দিট্ঠি) বিচিকিচ্ছা (সন্দেহ) থীনং (আলক্ত) উদ্ধৃচ্চ (চঞ্চলতা) অহিরিকং (লজ্জাহানতা) এবং অনোত্তপং (ভরহীনতা)

পঞ্চদশ সূৰ্য

বিভর্ক পরিহার

- ১-২। যে কোনও বিবিক্ত প্রদেশে অতি উত্তম "পর্য্যাক্ষ" আসন বন্ধ করিয়া শরীর সরল ভাবে রাখিয়া এবং শ্মৃতিকে অভিমুখ-বর্ত্তিনী করিয়া নাসার অগ্রভাগে বা ললাটদেশে কিংবা ভ্রমুগলের মধ্যস্থলে চঞ্চলচিত্তকে কোনও একটা বিবয়ে সংলগ্ন করিবে।
- ৩। কামবিতর্করপ মানসিক ব্যাধি যদি তোমাকে আক্রমণ করে, তবে বসনে ধূলা সংলগ্ন হইলে যেমন তাহা দূর করিয়া ঝাড়িয়া ফেলিতে হয়, রাখিতে হয় না, সেইরপ উহা দূর করিয়া দিবে।
- ৪। যছপি জ্ঞান হেতু তুমি কাম পরিত্যাগ করিরাছ তথাপি, প্রকাশ যেমন অন্ধকার নাশ করে সেইরূপ কামের প্রতিপাকের দ্বারা উহা নাশ করিয়া ফেল।
- ৫। ভাষে যেমন অগ্নি আর্ত থাকে, সেইরূপ আসক্তি প্রাচ্ছন্ন থাকে। অতএব জল দ্বারা অগ্নির স্থায় ভাবনা দ্বারা উহার শান্তি করিতে হয়।
- ৬। বীজ হইতে যেমন অঙ্কুর উদ্গত হয়, সেইরূপ উহা হইতে আবার কাম উদ্ভূত হইতে পারে; তাহার নাশ

করিলে বীজনাশে অঙ্ক্রের ফ্রায় আর উহা উদ্গত

- ৭। কামিগণ কাম হইতে অর্জ্জনাদি ছঃখ লাভ করিয়া থাকে দেখিয়া মিত্রবৎ প্রতীয়মান শত্রুর ন্থায় উহাকে সেই মূলদেশ হইতে ছিন্ন কর।
- ৮। কাম অনিত্য, সংবস্ত হরণ করাই তাহার ধর্ম, রিক্ততা ও ব্যসনের একমাত্র কারণ এবং বহুজনের ভোগ্য; অতএব উগ্রবিষ সর্পের স্থায় উহাকে পরিত্যাগ করা উচিত।
- ৯। যাহাকে অম্বেষণ করা ছঃখকর, রক্ষা করা শান্তি-প্রদ নহে, ক্ষতি অত্যন্ত শোক উৎপাদন করে, এবং প্রাপ্তিও অত্যন্ত ভৃপ্তি জন্মায় না।
- ১০। বিত্তপ্রকর্ষে ভৃপ্তি এবং স্বর্গলাভে কৃতার্থতা ও কাম হইতে সুথ লাভ যে ব্যক্তি মনে করে সে নাশ প্রাপ্ত হয়।
- ১১। কাম চঞ্চল, অসম্পূর্ণ, অসার, ও অব্যবস্থিত এবং কল্পনায় সুখজনক; অতএব তাহা শ্বরণ করা উচিত নহে।
- ১২। যদি প্রাণীবধ বা প্রাণীর প্রতি অস্য়া তোমার চিত্ত ক্ষুব্ধ করে, তবে মণি দ্বারা যেমন মলিন জল নির্মাল করা হয়, সেইরূপ মলিন চিত্তকে তাহার বিরোধী ভাব দ্বারা নির্মাল করিবে।
- ১৩। মৈত্রী ও করুণা এই ছুইটি বিষয় হিংসা ও অস্য়ার বিরোধী; আলোক ও অন্ধকার যেমন এক স্থানে থাকে না, সেইরূপ উক্ত ছুইরূপ ভাব এক স্থানে থাকে না।

- ১৪। যাহার ছংশীলতা নিবৃত্ত হইয়াছে, অথচ হিংসাবৃত্তি প্রবৃত্ত হইতেছে সেই ব্যক্তি, স্নাত হস্তী যেমন পুনরায় ধূলিলুষ্ঠিত হয় সেইরূপ, আত্মাকে মলিন করিয়া থাকে।
- ১৫। ব্যাধি মৃত্যু ও জরা দারা ছংখিত জীবকে কোন্
 আর্য্য ব্যক্তি অপর ছংখ দিতে চাহে ?
- ১৬। তৃষ্ট চিত্ত পরের পীড়া কখনও করে, নাও করে; কিন্তু তৃষ্টচেতা ব্যক্তির তৃষ্ট চিত্ত স্বয়ং সম্মই পীড়া ভোগ করিয়া থাকে।
- ১৭। অতএব সর্বভূতে মৈত্রী ও কারুণ্য করিবে, হিংসা ও অসূয়া করিবে না।
- ১৮। মানব যে যে জব্য প্রসক্তভাবে চিন্তা করে সেই সেই জব্যে অভ্যাসক্রমে তাহাদের আসক্তি জন্মে।
- ১৯। অতএব অকুশল বস্তু পরিত্যাগ করিয়া কুশল বস্তুর চিন্তা কর, যাহা তোমার ইহকালে অর্থ ও প্রকালে প্রমার্থ-জনক হইবে।
- ২০। অন্থায় বিতর্ক হৃদয়ে ধারণ করিয়া বর্দ্ধন করিলে উহা নিজ ও পরের তুল্যভাবে অনিষ্টজনক হয়।
- ২১। শ্রেফ্রোবিল্প উৎপাদন করে বলিয়া নিজের অনিষ্ট-জনক এবং সৎপাত্রতার নাশ পরভক্তির পক্ষে অনিষ্টজনক।
- ২২। যদি বাঁচিতে ইচ্ছা কর তাহা হইলে মনকে নানা কর্ম্মে নিক্ষিপ্ত কর। হে সোমা, অকল্যাণ বিতর্ক করা উচিত নহে।

- ২৪। সত্ত্ব অর্থাৎ প্রাণীদিগের নাশের বা ক্লেশের জন্ম মনে যে কলুয-মোহ উৎপন্ন হয় তাহার পরিণাম নরক।
- ২৫। মৃত্তিকাবতী ভূমি খনন করিতে করিতে রত্নের আঘাতে স্থাস্ত্র যেরূপ বিকৃত হয়, সেইরূপ অকুশল বিতর্ক ছারা আত্মাকে নাশ করা উচিত নহে।
- ২৬। অনভিজ্ঞ লোক যেরূপ অপ্তরুকাষ্ঠতুল্য উৎকৃষ্ট কাষ্ঠকেও দহন করে, ইহাও সেরূপ অন্থায়ের দারা মনুয়াত্বও নাশ করে।
- ২৭। যেমন কোন ব্যক্তি রত্নদ্বীপ হইতে রত্ন ত্যাগ করিয়া লোট্র সংগ্রহ করে, সেইরূপ লোক মোক্ষধর্ম্ম পরিত্যাগ করিয়া অশুভ চিন্তা করে।
- ২৮। যেমন হিমালয়ে গমন করিয়া কেহ ঔষধ পরিত্যাগ করিয়া বিষ ভোজন করে, সেইরূপ মন্থ্যুত্ব লাভ করিয়া ও লোকে পাপের সেবা করে।
- ২৯। যেমন সৃক্ষ কীলক দারা কাঠের মধ্য হইতে কীলক বহির্গত করা হয়, সেইরূপ বিরোধী ভাব দারা বিভর্ক অপসারণ করিবে।
- > 1 এখানে 'ত্রিকাম' শব্দে কামভোগের, ভবের ও বিভবের বাসনা বুঝিতে হইবে।

- ৩০। জ্ঞাতিজন-বিষয়ে বৃদ্ধি ও অবৃদ্ধির চিস্তা হইলে তাহার নিবৃত্তির জন্ম জীবলোকের স্বভাব পরীক্ষা করা উচিত।
- ৩১। স্বীয় কর্ম দারা সংসারে আকৃষ্ট প্রাণি-সমূহের মধ্যে কেই বা সুজন কেই বা কুজন ? লোকে মোহবশে অক্সজনের প্রতি আসক্ত হয়।
- ৩২। অতীত কালে যাহারা তোমার আত্মীয় ছিলেন, ভাঁহারা এখন পৃথক্ জন (অপরিচিত); আবার এখন যাহারা সামাস্য জন, ভাঁহারা ভবিষ্যুতে তোমার স্বজন হইবেন।
- ৩৩। যেমন কতকগুলি পক্ষী সায়ংকালে আসিয়া মিলিত হয়, এরূপ প্রতি জন্মে স্বজনগণের সমাগম হইয়া থাকে।
- ৩৪। যেমন পথিকগণ পান্থনিবাসে সন্মিলিত হয়, আবার পরস্পার পরস্পারকে ত্যাগ করিয়া যায়, সেইরূপ জগতে জীবের সহিত সমাপম ত্যাগ হইয়া থাকে।
- ৩৫। এই জগতে সকলেরই অবস্থা ভিন্ন, কেহই কাহারও প্রিয় নহে। জগৎ বালুকামৃষ্টির স্থায় কার্য্যকারণ ভাবে সম্বন্ধ।
- ৩৬। মাতা যে পুত্রকে পালন করেন তিনি ভাবেন পুত্র আমাকে পালন কুরিবে; আবার মাতা আমাকে গর্ভে ধারণ করিয়াছেন ইহা ভাবিয়াই পুত্র মাতাকে সেবা করিয়া থাকে।
- ৩৭। জ্ঞাতিগণ যখন অমুকুল ভাবে কার্য্য করে তখনই তাহাদের প্রতি প্রণয় থাকে, আবার ইহার বিপর্যয় হইলে শক্রতা উপস্থিত হয়।

- তদ। জ্ঞাতিও কখনও শক্র হয়, আবার যে ব্যক্তি জ্ঞাতি নহে সেও কখনও হিতকারী মিত্র হইয়া পড়ে; অতএব দেখা যায় কার্য্যবশেই লোক স্নেহ ছিন্ন করে বা স্নেহ স্থাপন করিয়া থাকে।
- ৩৯। চিত্রকর যেমন নিজ কল্পনা-বলে একটা স্ত্রীচিত্র অঙ্কিত করিয়া তাহা আসক্তি সহকারে রক্ষা করে, ম**মুগ্য** সেইরূপ স্বয়ং স্নেহ করিয়া লোকের প্রতি অনুরক্ত হয়।
- ৪০। যে ব্যক্তি পরলোকে (পূর্বেজনে) তোমার বন্ধুজন ছিল, সম্প্রতি সে তোমার কি উপকার করিতেছে অথবা তুমিই বা তাহার কি উপকার করিতেছ
- 8)। অতএব জ্ঞাতির বিষয় চিন্তা করিয়া তুমি মনকে অভিভূত করিও না, এ সংসারে স্বজন ও জন (পর) বলিয়া কোন ব্যবস্থা নাই।
- ৪২-৪৩। যদি তোমার মনে হয় যে ঐ দেশ স্থৃভিক্ষ ও
 মঙ্গলময়, তবে ঐ বিতর্কও তোমার পরিত্যাগ করা উচিত;
 কেন না, সকল স্থানই দোষরূপ অগ্নি ছারা প্রজ্বলিত।
- 88। ঋতুসমূহের পরিবর্ত্তন ও ক্ষুৎপিপাসাজনিত কষ্টে সকল স্থানেই তুঃথ নিশ্চিত, কোথাও মঙ্গল নাই।
- ৪৫। এ জগতে কোনও স্থানে শীত, কোথাও বা গ্রীষ্ম, কোথাও বা ভয় অত্যস্ত পীড়াদায়ক হইয়া থাকে; অতএব জগতে নিরাপদ আশ্রয় নাই।
 - ৪৬। জ্বরা ব্যাধি ও মৃত্যু লোকের অত্যন্ত ভীতিপ্রদ;

জগতে প্রমন কোনও স্থান নাই যেস্থানে ঐ ভয় উপস্থিত না হয়।

- 89। শরীর যেস্থানে যাইবে সেই স্থানেই তাহার সঙ্গে সঙ্গে তঃথ যাইবে; এমন আশ্রয় নাই যেখানে যাইলে লোকে ক্লেশ প্রাপ্ত হয় না ?
- ৪৮। যে স্থানে যাইলে ছঃখে দগ্ধ হইতে হয় এমন স্থান স্থানর স্থৃতিক্ষ ও ক্ষেমময় হইলেও তাহাকে কুদেশ বলিয়া জানিবে।
- ৪৯। শারীরিক ও মানসিক এই উভয়বিধ ছঃখে ক্লিষ্ট জীবের এমন ক্ষেমময় স্থান নাই, যেখানে গমন করিলে সুস্থতা থাকে।
- ৫০। যখন সর্ব্বদা সর্বস্থানে লোক ছঃখই ভোগ করে, তখন জগৎরূপ চিত্রে অনুরাগরূপ বর্ণরেখা অঙ্কিত করিবে না।
- ৫১। যখন জগংচিত্র হইতে তোমার অমুরাগ নির্ত্ত হইবে, তখন সমস্ত জীবলোককে তুমি প্রজ্বলিতবং মনে করিবে।
- ৫২। যদি কখনও তোমার চিত্তে মরণ হইবে না এইরূপ বিভর্ক উপস্থিত হয়, উহা নিজ ব্যাধির স্থায় বিশ্বাস করিবে।
- ৫৩। মুহূর্ত্তমাত্র জীবনবিষয়ে বিশ্বাস করিবে না। ব্যাঘ্র যেমন গুপ্তভাবে থাকিয়া নিশ্চিন্ত ব্যক্তির বিনাশ করে, সেইরূপ কালও নিশ্চিন্ত ব্যক্তির বিনাশ করিয়া থাকে।

- ৫৪। আমি বলবান্ ও যুবা এ ধারণাও যেন তোমার হয় না; কারণ মৃত্যু সর্ব্ব অবস্থায় উপস্থিত হয়, বয়স পর্য্যালোচনা করে না।
- ৫৫। অনর্থের একমাত্র আশ্রয় শরীর যিনি ধারণ করেন, তাঁহার বিষয়দৃষ্টি থাকিলে সুস্থতা বা জীবনের আশা প্রবল হয় না।
- ৫৬। পরস্পরবিরোধী সর্পের অধিষ্ঠান যেমন শাস্ত নহে, সেইরূপ মহাভূতের আশ্রয় দেহ বহন ক্রিয়া কোন ব্যক্তি নির্ভি প্রাপ্ত হয় ?
- ৫৭। মানব যে দৃষ্টির সম্মুখে শ্বাস প্রশাস পরিত্যাগ করে ইহাই আশ্চর্যা, কারণ জীবনের বিশ্বাস নাই।
- ৫৮। ইহাও অপর একটা আশ্চর্য্য যে নিদ্রিত ব্যক্তি জাগরিত হয় এবং উঠিয়া আবার সে নিদ্রিত হয়; কারণ শরীরীর বহু শক্র।
- ৫৯। যেমন উন্নত-খড়া-হস্ত শক্রকে কেহ বিশাস করে না, সেইরূপ যে মৃত্যু গর্ভ হইতেই জিঘাংস্থ ভাবে লোকের অনুবর্ত্তন করে তাহাকে কে বিশাস করে ?
- ৬০। জগতে যে ব্যক্তি জন্মগ্রহণ করে তাহার শাস্ত্রজ্ঞান ও অসীম সামর্থ্য থাকিলেও সে কৃতান্ত জয় করিতে কোন কালে পারে নাই, পারে না, বা পারিবে না।
- ৬১। মৃত্যুকাল উপস্থিত হইলে সাম, দান, ভেদ, দশু বা নিয়ম দ্বারা উহার প্রতিরোধ করা যায় না।

৬২। অতএব চঞ্চল আয়ুতে কখনও বিশ্বাস করিবে না। কাল নিত্যই হরণ করিয়া থাকে, বার্দ্ধক্য অপেক্ষা করে না।

৬৩। লোক জলবুদ্বুদের স্থায় তুর্বল, ইহা জানিয়াও কোন অনুমত্তচিত্ত ব্যক্তির ইহার অমরত্ব-বিষয়ে বিতর্ক হয় ?

৬৪। অতএব এইসকল বিতর্কের পরিহারের জন্ম সংক্ষেপে "আনাপান স্মৃতির" আশ্রয় করিবে।

৬৫। এইরূপ যথাকালে রোগের নিবৃত্তির জন্ম ঔষধের স্থায়, বিতর্কের নিবৃত্তির জন্ম তাহার বিরোধী ভাব আশ্রয় করিবে।

৬৬-৬৭। যেমন "ধূলিধাবক" (অর্থাৎ যাহারা ধূলি প্রকালন করিয়া স্বর্গ সংগ্রহ করে) স্বর্গের জন্ম প্রথমত বৃহৎ মৃত্তিকা প্রকালন করে ও পরে সূক্ষ্ম সূক্ষ্ম মৃত্তিকার অংশগুলি ধূইয়া কেলিয়া দেয় এবং স্বর্ণের কণাগুলি সংগ্রহ করে, সেইরূপ যুক্তচেতা ব্যক্তি মৃক্তির জন্ম প্রথমত স্থুল দোষগুলি পরিহার করিয়া পরে বিশুদ্ধির জন্ম সূক্ষ্ম দাষগুলিকে পরিত্যাগ করিয়া ধর্মের অংশগুলি সংগ্রহ করিয়া থাকে।

⁽১) বৌদ্ধাদিগের ৪•টা কল্মস্থানের মধ্যে হহা একটা। নিস্বাস-প্রেম্বাস ধ্যান, অর্থাৎ নিঃশ্বাস-প্রশ্বাস কি ভাবে গ্রহণ এবং ত্যাগ করা বার সে সম্বন্ধে উপদেশ। Spence Hardy's Manual of Buddhism pp. 267 & 268. কর্মস্থান কি জানিতে হইলে বিস্লন্ধিমগ্গে কল্মট্ঠান-ভাবনা নিদ্দেশ নামক পরিচ্ছেদ দেখুন ও অভিধন্মখ সংগ্রহে কল্মট্ঠান পরিচ্ছেদ দেখুন।

৬৮। যেমন ক্রমে স্বর্ণগুলিকে জল দ্বারা প্রক্ষালন করিয়া ধূলিশৃত্য করিয়া কর্মকার উহা; অগ্নিতে পাক করে এবং উল্টাইয়া পাল্টাইয়া দেয়, সেইরূপ যোগাচারী ব্যক্তি চিত্তকে নিপুণ ভাবে দোষমুক্ত ও ক্লেশশৃত্য করিয়া মনকে শাস্ত ও সংক্ষিপ্ত করিয়া থাকে।

৬৯। যেমন কর্মকার সৌকর্য্যসহকারে নিজ-অভিপ্রায়ন্
নত সুবর্ণকে বহুপ্রকারে অলঙ্কারকার্য্যে বিনিয়োগ করে,
সেইরূপ ভিক্ষুও বশুতাপন্ন বিশুদ্ধ চিত্তকে "অভিজ্ঞা" বিষয়ে
যথেচ্ছ ভাবে শাস্ত করিয়া যেখানে ইচ্ছা সেইখানেই চালিত
করিতে পারে।

সৌন্দর্নন্দ কাব্যে পঞ্চদশ সর্গ সমাপ্ত

ষোড়শ সর্গ

আর্যা সতা ' ব্যাখ্যা

- ১। এইরূপে মনোধারণ দ্বারা ক্রমে কিছু ত্যাগ এবং কিছু গ্রহণ করিয়া, চারি প্রকার ধ্যানং প্রাপ্ত হইয়া যোগী যথানিয়মে পঞ্চ অভিজ্ঞতা প্রাপ্ত হয়।
- ২। বহু প্রকার ঋদি, বিবেক, পরের চিত্ত এবং চরিত্র-জ্ঞান, দীর্ঘ অভীত জন্মারণ, দিব্য এবং বিশুদ্দ চক্ষু ও কর্ণ লাভ করে।
- ৩। অনস্তর তত্ত্ব পরীক্ষা দ্বারা আপ্রব (পাপ) ক্ষয়ের জন্ম মনোনিবেশ করে। তারপর ছঃথ প্রভৃতি চারিটী সত্য সম্যক্রপ বৃঝিতে পারে।

⁽১) শ্রেষ্টসভা; আর্য্যসভা চার প্রকার:—(১) ছ:খ (২) ছ:খের হেডু (৩) ছ:খের ধ্বংশ এবং (৪) ছ:খনাশের উপায়। এই চারিটী আর্য্য সভ্যের উপর-সমগ্র বৌদ্ধ ধ্যের ভিত্তি খাপিত।

⁽২) প্রথম ধানে বিভর্ক, বিচার, গ্রীতি, স্থপ ও একাগ্রভা বর্তমান থাকে। বিভীয় ধানে বিভর্ক ও বিচার চলিয়া বায়, ভৃভীয় ধানে প্রীতি চলিয়া বায়, থাকে স্থপ ও একাগ্রভা এবং চতুর্থ ধ্যানে স্থপ চলিয়া বায় এবং স্থাপের পরিবর্ত্তে উপেক্ষা আনে।

⁽৩) (১) ঋদি (২) দিব্যচকু (৩) দিব্যশ্রোন্ড (৪) পরচিত্ত জ্ঞান (৫) পূর্বজন্মবৃত্তাস্তত্মরণ—পঞ্চ অভিজ্ঞ নামে কীণ্ডিত।

- ৪। এই পীড়াদায়ক ছঃখ সর্ব্বদাই বর্ত্তমান, ছঃখের কারণও জন্মাত্মক, ছঃখক্ষয় নিঃশরণাত্মক এবং এই ত্রাণাত্মক পথ শান্তির (প্রশমের) জন্ম।
- ৫। এইরপে বৃদ্ধি দারা চারিটা আর্য্যসত্য বৃঝিয়া,
 সম্যক্রপে জ্ঞান লাভ করিয়া সমস্ত আত্রব ভাবনা দারা
 অভিভূত (ব্যক্তি) শান্তিলাভ করিয়া পুনর্কার জন্মগ্রহণ
 করে না (মুক্তিলাভ করে)।
- ৬। তত্তাত্মক এই চতুষ্টয় (চারিটা) যে বোঝে না সেই ব্যক্তি এই সংসারদোলায় আরোহণ করিয়া এক জন্মের পর অন্য জন্ম লাভ করে। কখনও শাস্তি লাভ করিতে পারে না।
- ৭। অতএব জরা প্রভৃতি ব্যসনের কারণ জন্মরূপ ছঃখই জানিবে। পৃথিবী যেমন সর্ব্বপ্রকার ওষধির উৎপত্তির কারণ, সেইরূপ জন্মই সর্ব্বপ্রকার আপদের ক্ষেত্র।
- ৮। ইন্দ্রিয় এবং রূপের জন্মই অনেকপ্রকার ছঃখের জন্মের কারণ। এই শরীরের উৎপত্তির সহিতই রোগ ও মৃত্যুর উৎপত্তি হইয়া থাকে।
- ৯। সংই হউক আর অসংই হউক, বিষমিশ্রিত আর যেমন বিনাশেরই কারণ, জীবনধারণের কারণ নহে, লোকেও (জগণকে) সেইরূপ তির্যাক্স্থানে, উপরে অথবা নিয়ে সমস্ত জন্মই তুঃখের জন্ম, সুখের জন্ম নহে।
 - ১০। প্রবৃত্তি হইলেই জরা প্রভৃতি প্রজাদের বছবিধ

অনর্থ উৎপন্ন হয়। যোর বায়ু প্রবাহিত হইলেও অজ্ঞাত তরুগণ কম্পিত হয় না।

- ১১। পবনের উৎপত্তিস্থান যেরূপ আকাশ, শমীগর্ভ যেরূপ অগ্নির উৎপত্তিস্থান, জল যেরূপ পৃথিবীতে উৎপন্ন হয়, ছঃখও তদ্রুপ চিত্ত এবং শরীরে উৎপন্ন হয়।
- ১২। জলের দ্রবছ, পৃথিবীর কঠিনছ, বায়ুর চলছ, অগ্নির উষ্ণতা, যেরূপ স্বভাব, সেইরূপ শরীরের ও চিত্তের স্বভাবই ছঃখ।
- ১৩। শরীর থাকিলেই ব্যাধি, জরা প্রভৃতি এবং ক্ষ্ধা, তৃষণা, বর্ষা উষণ, হিম প্রভৃতির জন্ম হঃখ হয়, সেরূপ রূপাশ্রিত সাম্বন্ধ (ভাবপ্রবণ) চিত্তে শোক, অরতি, ক্রোধ, ভয় প্রভৃতি হঃখ হইয়া থাকে।
- ১৪। এই জন্মের ছঃখ প্রত্যক্ষ দেখিয়া অতীত জন্মের ছঃখও জানিতে পার। অতীত ছঃখ এবং বর্তমান ছঃখও যেরূপ, অনাগত (ভবিষ্যুৎ) ছঃখও সেইরূপ।
- ১৫। বীজের স্বভাব এখন যেরূপ দেখা যায়, স্বতীত ও ভবিষ্যুতের কথাও সেইরূপই অনুমান করা যায়। স্বগ্নি প্রত্যক্ষে যেরূপ উষ্ণ, ভূত ও ভবিষ্যুৎ স্বগ্নিও সেইরূপই উষ্ণ।
- ১৬। হে গুণযোগ্য উদারচিত্ত, যে বস্তুরই নাম এবং রূপ আছে তাহাতেই ছঃখ আছে, কিছুই ছঃখশূত্য নহে; কারণ ছঃখ হইতেছে, হইয়াছে, ও হইবে।
 - ১৭। লোকের ভৃষ্ণা প্রভৃতি দোষসমূহ সেই প্রবৃত্তি-

ছঃখের কারণ। ঈশ্বর, প্রাকৃতি, কাল, স্বভাব, বিধি অথবা যদৃচ্ছা (দৈব) তাহার কারণ নহে।

১৮। এই হেডু দোষ হইতেই লোকের জন্ম ইহা জানিবে। যেহেডু রজঃ এবং তমোগুণবিশিষ্ঠ প্রাণীই প্রাণত্যাগ করে, রজঃ এবং তমোগুণবিহীনের জন্ম হয় না।

১৯। সেই সেই বিষয়ে ইচ্ছা হইলেই গমনাবস্থানাদি কার্য্য হয়। অতএব তৃষ্ণাবশেই লোকের জন্ম হয় জানিবে।

২০। প্রাণীদিগকে অমুরাগাধীন এবং স্বজ্বাতিতে অভীব প্রীতিপর দেখিয়া তাহারা অভ্যাসযোগেই সেই সকল দোষযুক্ত হইয়াছে জানিবে।

২১। ক্রোধ, আনন্দ প্রভৃতি দ্বারা যেমন আশ্রয়দিগের বিশেষ (ভেদ) উৎপন্ন হয়, সেইরূপ ক্রেশকৃত বিশেষও প্রতি জন্মে একরূপ হয় না।

২২। দোষধিক্য হেতু জন্ম হইলে তীব্রদোষ উৎপন্ন হয়। রাগাধিক্য হেতু জন্ম হইলে তীব্ররাগ উৎপন্ন হয়। মোহাধিক্য হেতু জন্ম হইলে মোহবলাধিক্য উৎপন্ন হয়। অল্পদোষ হেতু জন্ম হইলে অল্পদোষ উৎপন্ন হয়।

২৩। সাক্ষাৎ যেরূপ ফল দেখা যায় তদমুসারে তাহার অতীত একটা বীজ নির্ণয় করা যায়; এবং সাক্ষাৎ বীজ-প্রকৃতি দেখিয়া তাহার ভবিষ্যুৎ ফল নির্দ্ধারণ করা যায়।

২৪। বৈরাগ্যহেতু যে যে জন্মবিষয়ক দোষ যাহার ক্ষীণ

হইয়াছে তাহার আর সেই সেই জন্ম হয় না। যে যে জন্ম বিষয়ে যাহার দোষাশয় বর্ত্তমান রহিয়াছে পরাধীনভাবে তাহাকে সেই সেই জন্ম ভোগ করিতে হয়।

২৫। হে সৌম্য, বহুবিধ জন্মের একমাত্র তৃষ্ণা প্রভৃতিই কারণ ইহা জানিয়া তৃঃখুমুক্তি কামনা করিয়া উহার ছেদন কর। কারণনাশে কার্য্যনাশ হইয়া থাকে।

২৬। হেতুর ক্ষয়ে চঃখনাশ হয়। শান্তি-মঙ্গলময়, তৃষ্ণা-বিরাগহেতু, ত্রাণের হেতু, লয় ও নিরোধকর, সনাতন, অহার্য্য, আর্যাধর্ম প্রত্যক্ষ কর।

২৭। যে পদ লাভ ক্রিলে জন্ম, জরা, মৃত্যু, ব্যাধি, অপ্রিয় সম্পর্ক, ইচ্ছাবিঘাত বা প্রিয়হানি হয় না, সেই নৈষ্ঠিক অক্ষয় পদই অত্যস্ত আশ্রয়যোগ্য।

২৮। যেমন দীপ নির্কাণপ্রাপ্ত হইয়া ভূমি বা অন্তরিক্ষ আশয় করে না, কিংবা কোনও দিক্ বা বিদিক্ প্রাপ্ত হয় না, কেবল স্নেহপদার্থের অপগমে শান্তি প্রাপ্ত হয়।

২৯। এইরপ কৃতী পুরুষ নির্বৃতি প্রাপ্ত হইয়া ভূমি বা অন্তরিক্ষে দিক্ বা বিদিকে গমন করে না, কেবল ক্লেশক্ষয়ে শাস্তি লাভ করে।

৩০। ইহার একমাত্র প্রাপ্তির উপায় ত্রিবিধ "প্রজ্ঞা" ও দ্বিবিধ "প্রশম"। বিশুদ্ধ ত্রিবিধ চরিত্রে বর্তুমান থাকিয়া বৃদ্ধিমান ব্যক্তি ঐ মার্গ উদ্ভাবন করিবেন।

৩১। সম্যক্ বাক্কর্ম, যথাবিধি কায়কর্ম ও বিশুদ্ধ

জীবিকা বা "আজীবনয়'' এই ত্রিচরিত্রকে আঞায় করিলে ধর্ম লাভ হটয়া থাকে।

- ৩২। সত্য ও তুঃখাদি বিষয়ে সাধুদৃষ্টি, সম্যক্ বিতর্ক ও চেষ্টা এই তিনটী জ্ঞানবিধিতে প্রবৃত্ত হইয়া প্রজ্ঞা আশ্রয় করিলে ক্লেশক্ষয় হয়।
- ৩৩। উপযুক্ত উপায়ের দারা সত্যলাভের জন্ম সমাক্ শ্বতি ও সম্যক্ সমাধি এই তুইটা যোগবিধিতে শম-সহকারে প্রবৃত্ত হইলে চিত্তের বশ্যতা হইয়া থাকে।
- ০৪। কাল অতীত হইয়া গেলে যেমন বীজাহুর উৎপন্ন হয় না, সেইরূপ উত্তম শীল উৎপন্ন হইলে ক্লেশের অঙ্কুর হয় না। বিশুদ্ধ শীল উৎপন্ন হইলে পুরুষের দোষসমূহ লজিতে হইয়াই যেন পুরুষের চিত্তকে আক্রমণ করে না।
- ৩৫। পর্বত যেমন নদীর বিপুল বেগ নিরুদ্ধ করে, সেইরূপ সমাধি ক্লেশকে নিরুদ্ধ করে। মন্ত্রবশীকৃত সর্প যেমন লোককে আক্রমণ করিয়া অনিষ্ট করে না, সেইরূপ সমাধি স্থির হইলে দোষসমূহ আর আক্রমণ করিয়া অনিষ্ট করে না।
- ৩৬। যেমন বর্ষাকালে নদী তীরস্থিত বৃক্ষকে সম্পূর্ণ নষ্ট করিয়া ফেলে, সেইরূপ প্রজ্ঞা নিঃশেষরূপে দোষ নষ্ট করে। প্রজ্ঞা উৎপন্ন হইলে, বজ্ঞানলে বৃক্ষ যেমন দক্ষ হয়, আর অঙ্ক্রিত হয় না, সেইরূপ দোষসমূহ দক্ষ হইয়া আর উৎপন্ন হয় না।

- ঁ ৩৭। উক্ত স্কন্ধত্রযুক্ত অষ্টাঙ্গ আহার্য্য আর্য্য মার্গ স্পাষ্টরূপে আশ্রয় করিলে লোক ছঃখের হেড়ু দোষসমূহ পরিহার করে, এবং অত্যন্ত মঙ্গলময় পদ প্রাপ্ত হয়।
- ৩৮। ধৈর্য্য, সরলতা, লজ্জা, সাবধানতা, নির্জন স্থানে বাস, অল্প বাসনা, তুষ্টি, সঙ্গশূমতা, এবং রতি ও ক্ষমা ইহার অমুকৃল জানিবে।
- ৩৯। ছংখের স্বরূপ, তাহার উদ্ভব, ও তাহার নিরোধ যে ব্যক্তি যথার্থরূপে জানিতে পায়, সেই ব্যক্তি কল্যাণ-মিত্রযুক্ত থাকিয়া আর্য্যমার্গে শান্তি প্রাপ্ত হয়।
- 80। যে ব্যক্তি ব্যাধিপ্রান্ত হইয়া ব্যাধি, তাহার নিদান ও ঔষধ সম্যক্রপে জানে, সেই ব্যক্তি অভিজ্ঞ মিত্র দারা সেবিত হইয়া অচিরকাল মধ্যে আরোগ্য প্রাপ্ত হয়।
- 8)। অতএব চারিটা আর্য্যসত্যের মধ্যে ছঃখকে ব্যাধি বলিয়া, দোষকে ব্যাধিনিদান বলিয়া, নিরোধকে আরোগ্য বলিয়া ও মার্গকে ভৈষজ্য বলিয়া ধর।
- ৪২। তুঃখকে প্রবৃত্তি বলিয়া জানিবে, দোষসমূহকে প্রবর্ত্তক জানিবে, তাহার নিরোধকে নিবৃত্তি বলিয়া জানিবে, এবং মার্গকে নিবর্ত্তক জানিবে।
- ৪৩। শির ও বসন যখন প্রজ্জলিত হইয়াছে, তখন সত্য-বোধের জন্ম মতি করিবে; সত্যনয়ের অদর্শনে জগৎ দগ্ধ হইয়াছে, হইতেছে ও হইবে।
 - ৪৪। যখন মনুষ্য নাম ও রূপ নশ্বর জানে, তখন তাহার

উক্ত জ্ঞানই সমাক্; তখন সে যথার্থ দৃষ্টি হেতু নির্কেদ প্রাপ্ত হয়। এবং "নন্দী" ক্ষয় বশতঃ তাহার রাগ ক্ষয় প্রাপ্ত হয়।

- ৪৫। ঐ নন্দী ও রাগ ক্ষয় প্রাপ্ত হইলেই চিত্ত প্রকৃত বিমৃক্ত হয়; এবং মন সম্যক্রপে উক্ত ছই পদার্থ দ্বারা বিমৃক্ত হইলে আর উহার কর্ত্তব্য থাকে না।
- ৪৬। স্বভাবত নাম ও রূপ, তাহার হেতু ও বিনাশের কারণ পর্যালোচনা করিলে সম্যক্রপে আশ্রয়ের ক্ষয় হয় ইহা আমি বলিতেছি।
- ৪৭। অতএব হে সৌম্য, শীঘ্র উত্তম শক্তি সম্পাদন করিয়া আশ্রব ক্ষয়ের জন্ম বিরাজ কর। অনিত্য মিথ্যাভূত তুঃখন্য ধাতৃসমূহকে বিশেষভাবে পরীক্ষা করিতে থাক।
- ৪৮। যে ব্যক্তি ক্ষিতি, অপ্, তেজ প্রভৃতি ছয়টা ধাতুর লক্ষণ দারা সামান্তরূপে বিজ্ঞান প্রাপ্ত হয়. উহা অপেক্ষা অন্ত বস্তুর পর্যালোচনা করে না, সেই ব্যক্তি উহা হইতেই প্রম মোক্ষ প্রাপ্ত হয়।
- ৪৯। ক্রেশ পরিহারের জন্ম যে ব্যক্তি উল্লিড সে কাল এবং উপায় পরীক্ষা করিবে। যোগবিধিও অকালে বা প্রকারাস্থরে সম্পাদন করিলে উহা অনর্থের কারণ হয়, গুণের কারণ হয় না।
- ৫০। যে গাভীর বংস জন্মে নাই ঐ গাভীকে যদি কেহ অকালে দোহন করে, তবে সে হ্রম্ম প্রাপ্ত হয় না। যথাকালে

⁽১) ইয়াব অৰ্থ ভূষ্ণা'

যদি অজ্ঞতা বশতঃ শৃঙ্গ দোহন করে তবেও চৃগ্ধ লাভ করেনা।

- ৫১। আর্দ্র কাষ্ঠ হইতে যদি কেই অনল কামনা করে.
 তবে সে অত্যস্ত যত্ন করিয়াও অনল পাইতে পারে না।
 কাষ্ঠ শুফ হইলেও অনিয়মে চেষ্টা করিলে তাহা হইতে
 অগ্নিলাভ করিতে পারে না।
- ৫২। অতএব দেশ কাল যথাবিধানে পরীক্ষা করিয়া যোগের মাত্রা ও উপায় নির্দ্ধারণ করিয়া নিজ শক্তির পরিমাণ বুঝিয়া প্রযন্ত করিবে, তাহার বিরুদ্ধরূপ চেষ্টা করিবে না।
- ৩ে। হৃদয়ের চঞ্চল অবস্থায় আসক্তিজনক বস্তুর সেবা করিবে না। বহ্নি যেমন বহ্নির প্রেরণায় শাস্তি প্রাপ্ত হয় না, ঐরপ উক্তভাবে চিত্ত প্রশম লাভ করে না।
- ৫৪। চঞ্চল চিত্তে যে বস্তু শম উৎপাদন করে তাহাই সেবা করা চিত্তের চঞ্চল অবস্থার যোগ্য। প্রজ্বলিত অগ্নি যেমন জলে শান্তি প্রাপ্ত হয়, ঐরপ উক্তকারণে চিত্ত প্রশম-প্রাপ্ত হয়।
- ৫৫। চিত্ত যথন বিলীন হইতে থাকিবে, তথন শমকারণ বস্তুও চিত্তে আশ্রয় করিবে না। অল্পসার অগ্নি যেমন চালিত না হইলে অল্পকাল মধ্যে বিলীন হয়, সেইরপ ঐরপে চিত্তও বিলীন হইয়া যায়।
- ৫৬। চিত্ত যখন লয় প্রাপ্ত হইয়াছে এই অবস্থায় প্রগ্রাহক নিমিত্ত আশ্রম করিবার সময়, কারণ অগ্নি যেমন

ইন্ধন দিলে আবার প্রজ্বলিত হয়, সেইন্ধপ প্রগ্রাহক যোগে চিত্তও ক্রিয়া-সমর্থ হইয়া উঠে।

- ৫৭। চিত্ত লীন বা উদ্ধৃত যেরপই হউক না কেন উহা উপেক্ষা করা উচিত নহে; কারণ রোগী ব্যক্তির ব্যাধি উপেক্ষা করিলে যেমন তহার অনিষ্ট হয়, এরপ যোগীরও উক্ত উপেক্ষায় অনিষ্ট হইয়া থাকে।
- ৫৮। চিত্ত যখন সমতা প্রাপ্ত হয় তখনই উপেক্ষা আশ্রয় করিবার সময়। বশীভূত অখে চালিত রথ যেমন গমন দ্বারা অভীষ্ট কার্য্যের উপযোগী হয়, সেইরূপ লোকের প্রয়োগও অভীষ্ট কার্য্য সাধনে সমর্থ হয়।
- ৫৯। রাগবশতঃ যখন চিত্ত অত্যস্ত চঞ্চল অবস্থায় রহিয়াছে তখন মৈত্রোপসংহার করিবে না। কারণ, যেমন কফদোব উপস্থিত হইলে তৈলাদি দ্বারা উহার বৃদ্ধি হয়, সেইরূপ মৈত্র দ্বারা রাগ বৃদ্ধি লাভ করে।
- ৬০। যথন রাগ দ্বারা চিত্ত উদ্ধৃত রহিয়াছে তখন অশুভ নিমিত্তের সেবা করিবে। যেমন রুক্ষ বস্তুর সেবা করিলে কফ শান্তি লাভ করে, সেইরূপ উক্ত নিমিত্ত আশ্রয় হেতু রাগ শান্তি প্রাপ্ত হইয়া যায়।
- ৬১। হিংসাদি দোষে যদি চিত্ত উদ্পৃপ্ত হয়, তখন অক্তভ নিমিত্ত আশ্রয় করিবে না। যেমন পিত্তপ্রধান শরীরের পক্ষে তীক্ষ্ণ উপচার বিনাশের হেতৃ হয়, সেইরূপ দ্বেষবান্ ব্যক্তির পক্ষে অক্তভ নিমিত্ত মহা অনিষ্টের উৎপাদন করে।

. ৬২। হিংসাদোষ দ্বারা যদি চিত্ত ক্ষুদ্ধ হয়, তবে স্বপক্ষ ভাবনা করিয়া মৈত্রী স্থাপন করিবে। যেমন পিত্ত-প্রধান ব্যক্তির পক্ষে শীতল উপচার উপকার করে, সেইরূপ দ্বেবান ব্যক্তির পক্ষে মৈত্রী প্রশম আনয়ন করে।

৬৩। চিত্ত যদি মোহযুক্ত হইয়া বিহার করিতে থাকে, তবে মৈত্রী বা শুভ আশ্রয় করা উচিত নহে। বায়ূপ্রধান ব্যক্তির পক্ষে যেমন রুক্ষ উপচার মোহ আনয়ন করে, সেইরূপ উহাও মোহ আনয়ন করে।

৬৪। চিত্তের প্রবৃত্তি যখন মোহাত্মক হইবে তখন "ইদম্প্রত্যয়" আশ্রয় করিবে। বায়্প্রধান শরীরে যেমন স্নিগ্ধ উপচার শান্তির উপায়, মোহযুক্ত চিত্তেও ইহাই একমাত্র শান্তির উপায়।

৬৫। যেমন স্বর্ণকার উল্লামুখস্থিত স্থ্বর্ণ যথাকালে অগ্নি ছারা দক্ষ করে, যথাকালে জল দ্বারা তাহাকে সিক্ত করে, ক্রেমে যথাকালে উহা রাখিয়া দেয়।

৬৬। অকালে উত্তাপ দিয়া স্বর্ণ দহন করা উচিত নহে। অকালে দগ্ধ স্বর্ণ জলে নিক্ষেপ করিয়া সাতা করা উচিত নহে; এবং অকালে পরীক্ষা করিয়া স্বর্ণকে পরিপক্ষ করা উচিত নহে।

৬৭। অতএব সংপ্রগ্রহ, প্রশম ও যথাকালে উপেক্ষা এই তিন বিষয়ের সম্যক্ নিমিত্ত চিত্ত দারা বিশেষভাবে আলোচনা করিবে। যদি অক্সায় ভাবে যত্ন করা যায় তৃবে উহা নাশের তুল্য।

- ৬৮। এইরপে স্থগত অস্থায়ের নিবৃত্তি ও স্থায় মার্গ নন্দের নিকট বলিলেন। পুনরায় তাহার চরিত্র জানিয়া বিতর্ক নাশের উপায় বলিতে লাগিলেন।
- ৬৯। যেমন চিকিৎসক পিত্ত কফ ও বায়ু ইহার যে দোষ কৃপিত হয় তাহারই উপশমের জন্ম প্রযন্ত্র করেন, বৃদ্ধও তক্রপ করিয়াছিলেন।
- ৭০। প্রথম উপক্রমে যদি নিতাস্ত অভ্যাসবশত অভ্যত বিতর্ক পরিহার করিতে না পারে, তবে দ্বিতীয়বার চেষ্টা করিবে, কিছুতেই গুণবান প্রয়োগ পরিত্যাগ করিবে না।
- ৭১। অনাদি কাল হইতে ক্লেশসমূহ পুষ্টিলাভ করিয়া আসিয়াছে, উহারা অত্যস্ত বলবান্ এবং সম্যক্ যোগাদি প্রয়োগ অত্যস্ত ছকর। অতএব সহসা দোষসমূহ নিরাস করা অসাধ্য।
- ৭২। বুদ্ধিমান ব্যক্তি ষেমন অতি ক্ষুদ্র অণি দ্বারা বিপুশ অসি চালিত করে সেইরূপ (কল্যাণদায়ক) অশু নিমিত্ত সেবন দ্বারা অকুশল নিমিত্ত ত্যাগ করা উচিত।
- ৭৩। অথবা তুমি নৃতন অধ্যাত্মভাব লাভ করিয়াছ বলিয়া যদি তোমার অশুভ বিতর্ক শাস্ত না হয়, তবে পথিক যেমন শ্বাপদযুক্ত পথের দোষ বিবেচনা করিয়া উক্ত পথ পরি-ত্যাগ করে, তুমিও দোষ বিবেচনায় উহা পরিত্যাগ করিবে।

- ় ৭৪। যেমন লোক ক্ষ্থার্ত হইয়াও বাঁচিবার ইচ্ছায় বিষমিশ্রিত অন্ন ভোজন করিতে চাহে না, সেইরূপ বিবেকী ব্যক্তি দোষাবহ বুঝিয়া অশুভ নিমিত্তের সেবা করে না।
- ৭৫। যে ব্যক্তি দোষকে দোষ বলিয়া বোঝে না, ভাহাকে উক্ত দোষ হইতে কে নির্ত্তি করিতে পারে? যে ব্যক্তি গুণীর গুণ বোঝে, সে বারিত হইয়াও উক্ত গুণের দিকে ছুটিয়া যায়।
- ৭৬। সংকুলজাত ব্যক্তিগণ অস্থায়বৃত্তি মানসে উদিত হইলেও তাহাতে লজ্জিত হয়। আর পাপে সংলগ্নচিত্ত বপুমান্ যুবা অনবরত চক্ষু দ্বারা অস্থান্য বিষয় প্রত্যক্ষ করিয়াও লজ্জিত হয় না।
- ৭৭। যদি পরিত্যাগ করিতে গেলেও লেশমাত্র অশুভ বিতর্ক থাকিয়া যায়, তবে অধ্যয়নক্রিয়া প্রভৃতি কার্য্যান্তর দ্বারা উহার বিশারণের যত্ন করিবে।
- ৭৮। বিচক্ষণ হয় স্থাপ্তিলাভ করিবেন কিংবা কায়ক্রেশ স্থীকার করিবেন; কিন্তু যে বিষয়ে আসক্ত হইলে অনর্থ স্থাটে এমন অসং নিমিত্তের চিস্তাও করিবেন না।
- ৭৯। যেমন চৌরভয়ে ভীত ব্যক্তি রাত্রিকালে প্রিয়-ব্যক্তির সমাগমেও সহসা দার উন্মোচন করে না; সেইরূপ দোষহেতু প্রাজ্ঞব্যক্তি শুভ ও অশুভ দ্বিবিধ বস্তুর প্রয়োগ তুল্যরূপেই সংহৃত করে।
 - ৮০। এইরূপ উপায়সমূহ দ্বারা নিবারিত হইয়াও যদি

তাহারা পরাব্যুখ না হয়, ভাহা হইলে স্থবর্গকক্ষের ন্যায় স্থুল ক্রমে সৃক্ষ পর্য্যস্ত সেগুলিকে পরিত্যাগ করিবে।

৮১। তীক্ষ কাম প্রয়োগে খিন্ন হইয়া লোকে যেমন ক্ষতগমন প্রভৃতির আশ্রয় গ্রহণ করে, সেইরূপ প্রাজ্ঞেরও দোষ ঘটিতে পারে।

৮২। সেইসকল অসদ্বিতর্ক বাধা না পাইয়া যদি উপশ্মিত না হয়, তাহা হইলে গৃহে আহত সর্পের স্থায় মুহুর্ত্ত কালও তাহাদিগকে আশ্রয় দিবে না।

৮৩। দত্তে দন্ত সংযুক্ত করিয়া জিহ্বা দারা তালুর অগ্র-ভাগ সম্যক্রপে উৎপীড়িত করিয়া এবং চিত্ত দারা চিত্তকে গ্রহণ করিয়াও যত্ন করা উচিত। তথাপি সেগুলির অনুবর্ত্তন করা উচিত নতে।

৮৪। সুস্থমনা মোহহীন লোক বনে গমন করিয়াও যে মোহ প্রাপ্ত হয় না, তাহাতে আর আশ্চর্য্য কি ? যে লোক হৃদয়ে মোহের কারণসমূহ দ্বারা পীজিত হইয়াও কৃদ্ধ রয় না সেই কৃতী, সেই ধীর।

৮৫। অতএব শক্রনিগ্রহের জন্ম, অজিতা লক্ষ্মীকে জয় করিতে ইচ্ছুক রাজার ন্থায়, আর্য্য সত্যাধিগমের জন্ম পূর্বের এই উপায় দ্বারা.পথ শোধিত কর।

৮৬। যোগামুকৃল সর্বত্ত কল্যাণময় এবং জনপ্রচার শৃষ্য এইসকল অরণ্যে শরীরের বিবেকমাত্র সংসাধন করিয়া ক্লেশ-ধ্বংশের পথ ভজনা কর। ৮৭। কৌগুন্য, নন্দ, ক্রিমিল, অনুরুদ্ধ, তিষ্য, উপসেন, বিমল, রাধ, বাষ্প, উত্তর, ধৌতকি, মোহরাজ, কাত্যায়ন, দ্রব্য, পিলিন্দ, বৎস,

৮৮। জদালি, ভদ্রায়ণ, সর্পদাস, স্বভৃতি, গোদন্ত, স্কাত, বৎস, সংগ্রামজিৎ, ভদ্রাজিৎ, অশ্বজিৎ, গ্রোণ, শোণ, কোটিকর্ণ,

৮৯। ক্ষেমাজিৎ, নন্দক, নন্দমাত,উপালি, বাগীশ, যশঃ, যশোদ, মহাহ্বয়, বন্ধলি, রাষ্ট্রপাল, স্থদর্শন, স্বাগত, মেঘিক,

৯০। কপ্ফিন, উরুবিল্ল, কাশ্রপ, মহামহাকাশ্রপ, তিষ্য, নন্দ, পূর্ণ, পূর্ণক, শোণাপরাস্ত, পূর্ণ,

৯১। শারদ্বতীপুত্র, স্থবাহু, চুন্দ, কোন্দেয়, কাপ্য, ভৃগু, কুঠধান, শৈবল, রেবত, কঠিল, মৌদ্গাল্য গোত্র গবাংপতি

৯২। প্রভৃতি যোগবিধিতে যেরূপ বিক্রম প্রকাশ করি-য়াছেন, বিধি অমুসারে সেরূপ বিক্রম প্রকাশ কর। তাহা হইতে তাঁহাদের প্রাপ্ত স্থান সম্মান ও যশ প্রাপ্ত হইবে।

৯৩। দ্রব্য যেরূপ কটুরস হইয়াও পরিপাক হইলে মধুর হয়, সেইরূপ শুম দারা অর্থসিদ্ধি হইলে কটু বিক্রমের মধুর পরিণাম হয়।

৯৪। কার্য্য করণে বীর্য্যই মূল। বীর্য্য ছাড়া কোনও-

১। ই হারা সকলেই বৃদ্ধদেবের শিব্য ছিলেন। ই হাদের বিশেষ বিবরণের জন্ত স্থমকল বিলাসিনী, মনোরথ প্রনী, ধর্মপদ অর্থকথা, ললিত-বিস্তর, দিব্যাবদান প্রভৃতি গ্রন্থ সকল দেখুন। রূপ সিদ্ধি হয় না। বীর্য্য হইতেই সর্ব্ব সম্পৎ উৎপন্ন হয়। নিবীর্য্যতা হইতে সকল রকম পাপ উৎপন্ন হইয়া থাকে।

৯৫। নিবীর্য্য লোকের অলক দ্রব্য লাভ হয় না, উপলক দ্রব্য বিনষ্ট হয়, আত্মাবজ্ঞা, বড় ব্যক্তির নিকট পরাভব, তম, নিস্তেজ্ব শ্রুতি নিয়ম ও তুষ্টি হইতে বিরতি এবং বিনিপাত হয়।

৯৬। নীতি শ্রবণ করিয়া অশক্ত যে বৃদ্ধি লাভ করে না, ধর্ম জানিয়াও যে উপরে নিবাস লাভ করে না, মুক্তির জন্ম গৃহ ত্যাগ করিয়াও যে শাস্তি লাভ করে না, ইহার কারণ পুরুষের অন্তর্ররিপু "অলসতা"।

৯৭। উৎসাহসম্পন্ন লোক যদি পৃথিকী খনন করে তাহা

হইলে জল লাভ করে। অরণি মন্তন করিলে অগ্নি উৎপন্ন

হয়। যোগে নিযুক্ত হইলে নিশ্চয়ই শ্রমকল লাভ করে।

ফ্রেড ও নিত্যগামী সরিৎ গিরিকেও ভেদ করে।

৯৮। পৃথিবী কর্ষণ করিয়া বহুশ্রমে পরিপালন করিলে শস্তু লাভ করা যায়। যত্নে সাগরজলে নিমজ্জিত হইয়া রত্নসম্পত্তি লাভ করা যায়। রাজা শক্রদিগকে শর দ্বারা পরাজিত করিয়া রাজশ্রী ভোগ করেন। অতএব শাস্তি প্রাপ্তির জন্ম বীর্য্যবান্ হও। বিনিয়ত বীর্য্য সর্বপ্রকার শ্রম্বির কারণ।

সৌন্দরনন্দ কাব্যে যোড়শ সর্গ সমাপ্ত

मक्षमण मर्ग

অমৃতপ্রাপ্তি

- ১। এইরূপে তত্ত্বমার্গের উপদেশ ও বিমোক্ষ মার্গ প্রাপ্ত হইয়া নন্দ সর্বভাবে গুরুকে প্রণাম করিয়া ক্রেশধ্বংশের জন্ত বনে গমন করিলেন।
 - ২। সেখানে কোমল-নীল-শম্পবৃন্ত,তরুগণযুক্ত, শান্তিময়,
- স্কৃত শব্দের অর্থ 'নির্ব্বাণ'। অমৃত অর্থে অনন্ত বুঝার (Childer সাহেবের Pali Dictionary দেখুন)। অমৃত শব্দের অর্থ স্থা 'Ambrosia' (P. T. S. Pali Dictionary pt. I(A) p. 73) বৌদ্ধ নির্কাণ সম্বন্ধে বিশেষ ব্যাখ্যার জন্ত Childers সাহেবের Pali Dictionary দেখুন। Mrs. Rhys Davids বলেন "Nibbana is the realisation of the final culminating stage in a single stream of life evolving from eternity" (Buddhism, p. 170). Buddhist Psychology (Quest series)র গ্রন্থকর্তা Mrs. Rhys Davids নির্বাণ শব্দের অর্থ Summum Bonum শ্রের:; জীবনের শ্রেষ্ঠ আদর্শ করিয়াছেন। Oldenberg, Spence Hardy, Kern প্রভৃতি স্থ্রাসিদ্ধ লেথকগণ নির্বাণ সম্বন্ধে বিশেষভাবে আলোচনা করিয়াছেন। আমাদের মতে রাগদোব-মোহের ধ্বংশ, অবিভার নাশ, তৃষ্ণা এবং আলাক্ষ্যকেই নির্বাণ বলে। মৎপ্রণীত "The Life and Work of Buddhaghosa" পুত্তকে "Interpretation of Buddhism" নামক পরিছেদে দেখুন।

বৈদ্ব্যবৎ-নীল-জলবিশিষ্ট, নিঃশব্দে-প্রবাহিত নদী-পরিবৃত স্থান দর্শন করিলেন।

- ৩। তিনি সেখানে পদ ধৌত করিয়া পবিত্র মঙ্গলময়
 স্বন্দর বৃক্ষমূলে উভ্যমরূপ কোমর বাঁধিয়া বীরাসনে উপবেশন
 করিয়াছিলেন।
- ৪। সমগ্র শরীর প্রণিহিত (নিরোধ) করিয়া, স্মৃতিকে শরীরের অভিমৃখী করিয়া এবং আত্মাতে সমস্ত ইল্রিয় নিরুদ্ধ করিয়া যোগ আরম্ভ করিলেন।
